৫৪৯৩৮ তাং সাহা জেবুল আবাদি — রেজিষ্টরি হওয়া মালিক নিজগয়রহ সদর জমা ৫৭৯৵১

পরগনে গদাহাসননগর।

৫৬৫০৬ তাং সৈয়দ আবুল হাসন হিং সৈয়দ আসগর হাসন — রেজিষ্টরি হওয়া মালিক মাং আরিফ গয়রহ সদর জমা ... ... ৬৫৮৲

সন ১৮৬২ সাল ইঙ্গরেজী মাহে ১০ নবেম্বর।

S. H. C. Tayler, *Collector.*

[*Government Gazette, 25th November*, 1862.]

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬২ সাল তারিখ ৮ ডিসেম্বর সোমবার পূর্ব্বাহ্ন দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্‌সচেঞ্জ ঘরে সন ১৮৬০। ৬১ সালের উৎপন্ন আফিমের দ্বাদশ অর্থাৎ শেষ নীলাম হইবেক এবং ঐ নীলামে ২৫৫৩ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ১৩৮৯
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ১১৬৪

জুমলা সিন্দুক ২৫৫৩

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬১ সালের ৯ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬২ সালের ১৩ এবং ২৩ ডিসেম্বর এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ অথবা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬২ সালের ১৩ ডিসেম্বর শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসিসবাবে কিস্মতের পুরা টাকার দরুণ বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ সন ১৮৬২ সালের ২৩ ডিসেম্বর মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

বিমৌজীব হুকুম মাহেবান আলিশান বোর্ড রেবিনিউ
ফোর্ট উলিয়ম সন ১৮৬২ সাল তারিখ ১৪ নবেম্বর।

ডবলিউ জে হার্শচেল। একটিং ছোট সেক্রেটারী।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬১। ৬২ সালের উৎপন্ন আফিম অর্থাৎ বেহার এজেন্সীর উৎপন্ন ২২৩১৩ সিন্দুক এবং বানারস এজেন্সীর উৎপন্ন ১৭৩·৪ সিন্দুক আফিম সন ১৮৬৩ সালের প্রকাশ্য নীলামে কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীচের লিখিত তারিখ হায়ে বিক্রয় জন্য নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

		বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৩ সালের	৫ জানেওয়ারি সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ ...	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ	৪ফিব্রুয়ারি বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ ...	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ	৪ মার্চ বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ ...	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ	৬ এপ্রেল সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ ...	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ	৬ মে বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ ...	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ	৮ জুন সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ...	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ	৯ জুলাই বৃহস্পতিবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ ...	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ	১০ আগষ্ট সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ ...	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ	৭ সেপ্টেম্বর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ ...	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ	৫ অক্টোবর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ ...	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ	৯ নবেম্বর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ ...	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ	৭ ডিসেম্বর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ ...	১৮৫৩	১৪৩৪	৩৩১৭
	একুন ...	২২৩১৩	১৭৩·৪	৩২৬১৭

এইক্ষণে আফিমের বিষয়ে নীলামের যে ইশ্তেহার দেওয়া গেল তাহার সাধারণ নিয়ম সকল সন ১৮৬২ সালের ৮ নবেম্বর তারিখের এই বোর্ডের লিখিত ইংরাজী ইশ্তেহার যাহা কলিকাতা ও একসচেঞ্জ গেজেটে প্রকাশ হইয়াছে তদ্দৃষ্টে খরিদারান তাহার বিশেষ বিবরণ জ্ঞাত হইতে পারিবেন এবং সেই ইশ্তেহারের লিখিত নিয়ম সকল আমলে আনিবেন আর রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ নীলামের পর ৫ দিনের দিন বেলা দুই প্রহর ৪ ঘণ্টাপর্য্যন্ত আর আফিমের বেবাক মূল্যের টাকা দিয়া লাট খালাসির শেষ তারিখ ঐ নীলামের তারিখ হইতে ১৫ দিবসের মধ্যে বেলা দুই প্রহর ৪ ঘন্টাপর্য্যন্ত স্থির করা গেল উক্ত ৮ নবেম্বর তারিখের ইশ্তেহারের ৫ দফা এবং ৮ দফায় ঐ বিষয়ের নিয়ম সকল লিখিত হইয়াছে তদনুসারে উক্ত টাকা দাখিল করিতে হইবেক।

বিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ
ফোর্ট উইলিয়ম সন ১৮৬২ সাল তারিখ ৮ নবেম্বর।

ডবলিউ জে হর্ষচেল। একটিং ছোট সেক্রেটারী।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে আগামি ডিসেম্বর মাসের ৪ তারিখ বৃহস্পতিবার আফিমের দ্বাদশ নীলাম হইবার যে ইশ্তেহার দেওয়া গিয়াছিল উক্ত নীলাম সে দিবস না হইয়া সাধারণের সুবিধার কারণ উক্ত ডিসেম্বর মাসের ৮ তারিখ সোমবার উক্ত দ্বাদশ নীলাম হইবেক চিনা শহরহইতে যে সমাচার আসিবার আশ্বাস আছে উক্ত নীলামের পূর্ব্বে সেই সম্বাদ পাইবার অবকাশ জন্য উক্ত ৪ তারিখে নীলাম স্থগিত করা গেল।

ডবলিউ জে হর্ষচেল। একটিং ছোট সেক্রেটারী।

বিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ
ফোর্ট উইলিয়ম সন১৮৬২ সাল তারিখ ১৪ নবেম্বর।

NOTICE

Is hereby given that the discretional practice of receiving *Ikrarnameks* under Section 117, Regulation X. of 1819 from Salt Merchants, &c. has been abolished by the orders of Government. Parties connected with the Salt Trade should be careful to pay strict attention to the requirements of the Salt Laws as the indulgence of an *Ikrarnameh* cannot now be extended to any breach of those laws.

H B Devereux, *Controller*.

Office of Controller of Government Salt Chowkeys,
The 28th October, 1862.

বিজ্ঞাপন।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮১৯ সালের ১০ আইনের ১১৭ ধারামতে নিমকের মহাজনপ্রভৃতির স্থানে একরারনামা গ্রহণের যে রীতি যেং স্থানে চলন আছে, তাহা গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে রহিত হইয়াছে। নেমকের কারবারেতে যাঁহারদের সংসুব থাকে তাঁহারদের কর্ত্তব্য যে, নিমকের আইনমতের বিধান পালনে অত্যন্ত মনোযোগ করেন, যেহেতুক কোন বিধান উল্লঙ্ঘন হইলে একরারনামা দ্বারা তাহারদের রক্ষা হইতে পারিবে না।

এচ বি ডিবিক্স। কনট্রোলর।

গবর্ণমেণ্টের নিমক চৌকীর কনট্রোলর সাহেবের দপ্তরখানা।
১৮৬২। ২৮ অক্টোবর।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of DONALD CAMPBELL MACKEY, and others, Insolvents.

Notice is hereby given, that Saturday, the 6th day of December next is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the Receipts and Disburs-ments of the Assignee from the 1st day of De cember 1858, until the 31st day of October 1862 has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office, Calcutta, 21st November, 1862.

JOHN COCHRANE, *Official Assignee.*

যোত্রহীন ডেমস ডনাল্ড কাম্বেল মেকি সাহেবের ও অন্যেরদের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি ডিসেম্বর মাসের ৬ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৮ সালের ডিসেম্বর মাসের ১ তারিখ-অবধি ১৮৬২ সালের অক্টোবর মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে, ও প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এ বিষয়ের কিম্বা অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননর দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জন কক্রেন। সরকারী আসৈনী।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬২ সাল ২১ নবেম্বর।

In the matter of JAMES WILLIAM HENRY CAMPBELL, an Insolvent.

On Saturday, the 8th day of November instant, upon an application of the Assignee in this matter it was ordered that the said Assignee do from and out of the sum of Rs. 3,983-2 in his hands pay a dividend at the rate of Rs. 6 and 8 As. per cent. (which will amount to the sum of Rs. 3,586 10-3) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 22nd November, 1862.

যোত্রহীন জেমস উলিয়ম হেনরি কাম্বেল সাহেবের বিষয়ে।

অসৈনি সাহেব বর্ত্তমান নবেম্বর মাসের ৮ তারিখ শনিবারে যে দরখাস্ত করেন তাহাতে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলের যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খতিয়মামতে সাব্দ হইবামাত্র তাঁহার হাতে যে ৩,৯৮৩৲ টাকা আছে তাহাহইতে তিনি প্রত্যেক দাওয়ার উপর শতকর। ৬৷৷০ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৩৫৮৬ ৷৷৵৩ টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনী সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৬২ সাল ২২ নবেম্বর।

The like notice in the matter of WILLIAM MUSGRAVE, an Insolvent, wherein it was ordered that out of Rs. 4-865-1-11, a Dividend at the rate of 14 per cent. (amounting to Rs. 4,285-14-1) be paid.

যোত্রহীন উলিয়ম মসগ্রেব সাহেবের বিষয়ে উক্ত প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে ৪৮৬১৲১১ টাকাহইতে শতকরা ১৪৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায়। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৪২৮৫ ৵৪ টাকা দেওয়া যায়।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে প্রবোধচন্দ্রিকা গ্রন্থ শ্রীরামপুর যন্ত্রালয়ে উত্তম কাগজ ও উত্তমাক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ দুই টাকা মাত্র।

বঙ্গভাষায় পশ্চাৎ লিখিত আইনসকল কলিকার থাকর কোম্পানির ও পি এস ডিরোজারীও কোম্পানির পুস্তকালয়ে ও শ্রীরামপুরের গবর্ণমেণ্টের অনুবাদক শ্রী জান রাবিনসন সাহেবের নিকটে তত্ত্ব করিলে প্রাপ্ত হওয়া যাইতে পারিবে।

দণ্ডবিধির আইন নির্ঘণ্টসহ মূল্য	২৲ টাকামাত্র
দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ও ১৮৬১ সালের ২৩ আইন মূল্য	২৲ দুই টাকামাত্র
ইষ্টাম্পের ১৮৬২ সালের ১০ আইন	৷৷০ আনামাত্র
১৮৬২ সালের ৬ আইন মূল্য	৵০ আনামাত্র

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৫ নবেম্বর।]

নিম্নলিখিত পুস্তকাদি কলিকাতায় আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে শ্রীরামপুরের ছাপাখানায় থেকর ওষ্টেল বেঞ্জারিও কোং নিকট রঙ্গপুর ও গুয়াহাটী আসামে বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

সটীক শ্রীমদ্ভাগবত ... ৩৩৲
শব্দাম্বুধি ৩৮০০০ শং ২ ॥০
শব্দকল্পতরুপ্রতোকফরমা/
নূতনাভিধান ২০০০০ ঐ ১৲
অমরার্থ দীধিতি ... ১ ॥০
হরিভক্তি বিলাস সটীক ১০৲
সরলার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১ অবধি ৩৪ সংখ্যাপর্য্যন্ত .. ৮ ॥০
এবং প্রতিমাসে এক২ খণ্ড প্রকাশ হইতেছে ১০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯। ১০ ৬৸০
একাদশস্কন্ধশ্লোক ও পদ্য ২
যোগবাশিষ্ঠ ১নাং২৬ সর্গ৪
জ্ঞানরত্নাকর ... ২৲
অষ্টাদশ পর্ব্ব মহাভারত প্রায় সহস্র পৃষ্ঠা ১ খণ্ড ৪৲
সপ্তকাণ্ড রামায়ণ প্রং ...২৲
আরব্যোপাখ্যান ১নাং ৫
পঞ্চম খণ্ডে ... ... ৫৲
অপূর্ব্বোপাখ্যান, ২১প্রং২
বত্রিশ সিংহাসন, গদ্য ১৲
আচ্যকৃত ইংবাং ডিক্সানরি অর্থাৎ ইং শব্দের ইংও বাং অর্থসমূলিত ৭২০ পৃষ্ঠা এ প্রকার ডিক্সানরি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই...৫৲
শিবসংকীর্ত্তন ... ১৲
ইংরাজী শকুন্তলা .....১৲
ইং প্রবোধচন্দ্র নাটক ১৲
পুরাণের অনুক্রমণিকা ।০
হিতোপদেশ ইংবাংসং ২
কাজীর বিচার ... ...॥০
অন্নদামঙ্গল বিদ্যাসুন্দর
মানসিংহচৌরপঞ্চ শ এক জেলেদে ১০ খণ্ড প্রতিমূর্ত্তি
রোবক ও হকিম মৌলবী
আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান ৪
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিক্সা।
নরি ২ বালাম ..... ৫০৲
রোম দেশীয় ইতিহাস ৬৲
গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲
ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲
ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲
পঞ্চাবেতিহাস ... ...১৲
প্রাচীন ঐ ... ...২৲
ন্যায়দর্শন ... ...২ ॥০
পুরাবৃত্ত বিবরণ ... ...১৲
চাহার দরবেশ ... ১৲
প্রিয়ম্বদ... ... ... ১৲
কেরি বাংইং ডিক্সনরি ৫০৲
বিদ্যাকল্পদ্রুম ৩২৲
পূর্ণচন্দ্রোদয় বার্ষিক... ৮৲
রাজা রামমোহন রায়ের জীবন চরিত্র ও গীতাবলী।০
বেদান্তসার ... ১৲
কোলব্রুকের অমরকোষ ৮৲
হিতোপদেশ অর্থসমূলিত ১
চাণক্যও নবরত্নেরশ্লোক ৵
ইনকম টাক্স ।
গবর্ণমেণ্ট আইন ইং ১৭৯৩ নাং ১৮৩৩।২ বালম ১০৲
শব্দসাধন মুক্তাবলী ৩ খণ্ড
চমৎকার হিরাক্কাদ
আল্লালের ঘরের দুলা,
মাজিষ্ট্রেটী উপদেশ
তিলোত্তমা কাব্য ১৲
নাট্য পরিশিষ্ট নাটক ১৲
প্রস্থান ভেদ ... ।০
সটীক শ্রীমদ্ভগবদ্গীতা আনন্দ গিরিরটীকাসমূলিত ৭৲
কবিকঙ্কন কৃত চণ্ডী ২৲
দণ্ডবিধির আইন ৩৲
ফৌজদারী আইন ২৲
মুলিত নাটক ।০
লীলাগুন ঐ ৸০
হস্তাক্ষরে লিখিত।
মূল গ্রন্থ ... ... ৩০৲
আয়ুর্ব্বেদ ঐ ... ২০৲
অভিধান চূড়ামণি ঐ ২৫৲
সারাবলী ঐ ... ১০৲
নানাপ্রকার মুদ্রাঙ্কন লৌহ

যন্ত্রের আমদানী হইয়াছে

শ্রীঅদ্বৈতচন্দ্র আঢ্য।

সর্ব্ব সাধারণ জনগণকে জ্ঞাত করা যাইতেছে যে আগামী ১৮৬৩ সালের ২৬ জানুআরি তারিখে ওকালতি ও মুনসুফী পদাকাঙ্ক্ষি ব্যক্তিদিগের পরীক্ষার দিবস ধার্য্য হইয়াছে অতএব ঐ পরীক্ষাবিষয়ক যে সকল আইনের আবশ্যক তাহা অস্মদীয় পুস্তকালয়ে তল্লা করিলে পাইতে পারিবেন বিদেশীয় গ্রহণাকাঙ্ক্ষি ব্যক্তিগণেরা মূল্য ও ডাক মাসুল প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

দেওয়ানী রেবিনিউ গাইড ১৭৯৩ সাল নাং ১৮৬২ সালপর্য্যন্ত রদ ব্যতীত আইন ও কনেক্টাকসন, ও সরকুলর অর্ডার ও দায়ভাগ দত্তকমীমাংসা ও দত্তক চন্দ্রিকা অনুবাদসমূলিত মূল্য ... ... ১০৲
সার উইলিয়ম হে মেকনটন সাহেবকৃত হিন্দু ও মহাম্মদীয় ল বাঙ্গালা অনুবাদ ... ... ৪৲
উইলিয়ম মেকফার্শন সাহেবকৃত কনট্রাক্ট বাঙ্গালা অনুবাদ ... ... ৪৲
এ, জি, মেকফার্শন সাহেবকৃত মর্টগেজ বাঙ্গালা অনুবাদ ... ... ৪৲
দায়ভাগ ও দত্তকমীমাংসা এবং দত্তক চন্দ্রিকা বাঙ্গালা অনুবাদ মূল্য ... ... ২৲
পেনাল কোড অর্থাৎ ভারতবর্ষের দণ্ড বিধান আইন মূল্য ... ... ১ ॥০
ফৌজদারী কার্য্যবিধান ২৫ আইন ... ... ১ ॥০
ফৌজদারীবিষয়ক ৪৫। ২৫। ৮। ৩৩। আইন ও নিজ্মতের সরকুলরসমূলিত একত্রে বান্ধাই মূল্য ৪৲
ইংরাজী ও বাঙ্গালা ফৌজদারী ২৫ আইন মূল্য ... ... ২৲
১২৭০ সালের ফুল পঞ্জিকা ৸০
ঐ ঐ হাপ ... ... ।০
ঐ দেবনাগর অক্ষরের ... ... ১৲

শ্রীবেণীমাধব দে।
সাং কলিকাতা বৎতলা নং ২৪৬।

বিজ্ঞাপন।

গত সপ্তাহের ১৮ নবেম্বর তারিখের সরকারী বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে বাঙ্গলাপ্রভৃতি দেশের জীলা জাতের মোনসফী পদাকাঙ্ক্ষিদের ও হাইকোর্ট ও জজ ও প্রধান সদর আমীন ও সদর আমীন ও মোনসফদিগের আদালতের ওকালতি পদের পরীক্ষা লওন বিষয় যে বিজ্ঞাপন প্রচার হইয়াছে ঐ পরীক্ষার নির্দ্ধারিত পুস্তক সকলের অধিকাংশ পুস্তক নিম্ন লিখিতমতে আমার যন্ত্রালয়ে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্যের টাকা নোট বা হুণ্ডীর দ্বারা পাঠাইলে অভিলাষিত পুস্তক ডাকযোগে পাঠান যাইবেক এবং ডালরা যাঁহারা খরিদ করিবেন তাঁহারদের ডাক মাসুল দিতে হইবেক না।

[*Government Gazette, 25th November, 1862.*]

তফশিল।

উইলিয়ম মেকফারসীন সাহেবকৃত কল্টবকট	...	...	৪৲
এ জি মেকফারসন সাহেবকৃত মার্টগেজ অর্থাৎ বন্ধক বিষয়	...	...	৪৲
সার উইলিয়ম হে মেকনাটন সাহেবকৃত মেকনাটন ল অর্থাৎ সরাশাস্ত্র		...	৪৲
উক্ত পুস্তক ত্রয় উর্দ্দু ভাষায়ও প্রস্তুত আছে মূল্য ফি খণ্ড	...	...	৫৲
ইং ১৭৯২ সাং ১৮৫৭। সদর দেওয়ানী আদালতের নজীরের ইণ্ডেক্স	...	...	৫৲
ইং ১৭৯৩ সাং ১৮৬২। আদালত ও মাল সংক্রান্ত সমুদয় আইন আদি	...	...	৫

শ্রীমহম্মদ ইস্মাইল উকিল হাইকোর্ট কলিকাতা।

[কলিকাতা। ১৮৬২। ২৫ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 2, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল, ২ ডিসম্বর।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

A Bill to consolidate and amend the Laws relating to the administration of the Department of Sea Customs in India.

[Continued from page 873.]

[Penalty for vessel removing from place of mooring or unlading without due authority.]

XXXV. If after any vessel arriving from any Foreign Port or place at any Port in British India, shall have come up to its proper place of mooring or unlading, such vessel shall remove from such place, except, with the authority of the Master Attendant or Harbour Master obtained in accordance with the provisions of Act XXII. of 1855 (*for the Regulation of Ports and Port-dues*), directly to some other place of mooring or unlading, the Master or Commander of such vessel shall, in every such case, forfeit a sum not exceeding one thousand Rupees, and the vessel shall not be allowed to enter until the penalty is paid.

[Officers of Customs to board-ships. Proviso.]

XXXVI. It shall be competent to the Officer in charge of the Custom House at any Port in British India at any time to send at his discretion one or more Officers of Customs on board of any vessel arriving at such Port. Every Officer of Customs so sent shall remain on board of such vessel by day and by night until it be otherwise ordered by the Officer in charge of the Custom House. Provided that it shall be competent to the Officer in charge of the Custom House to direct, whenever he may see fit so to do, and on such conditions as he may see fit to impose, that the discharge of cargo may take place without the presence of an Officer of Customs.

হোম ডিপার্টমেণ্ট।

লেজিসলেটিব।

ভারতবর্ষে সমুদ্র দ্বারা আমদানী ও রপ্তানি করা দ্রব্যের উপর মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের মুসাবিদা।

[৮৭৩ পৃষ্ঠহইতে চলিতেছে।]

[উপযুক্ত ক্ষমতাভিন্ন জাহাজ বন্দরে বান্ধিবার স্থানহইতে অন্য স্থানে গেলে কি বোঝাই দ্রব্য নামাইলে তাহার দণ্ডের কথা।]

৩৫ ধারা। কোন জাহাজ ভিন্নদেশীয় কোন বন্দর কি স্থানহইতে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে আগত হইয়া বয়াতে বান্ধিবার কি মাল নামাইবার উপযুক্ত স্থানপর্য্যন্ত আইলে পর, ১৮৫৫ সালের ২২ আইনের (অর্থাৎ বন্দরের ও বন্দরের মাসুলের আইনের) বিধানমতে মাষ্টর আটেণ্ডেণ্ট কি হারবর মাষ্টর সাহেবের আজ্ঞাবিনা যদি সেই স্থানহইতে গমনপূর্ব্বক বয়াতে বান্ধিবার কি মাল নামাইবার অন্য স্থানে যায়, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে ঐ জাহাজের অধ্যক্ষের কি কাপ্তান সাহেবের এক সহস্র টাকার অনধিক দণ্ড হইবেক, ও ঐ দণ্ড না দেওনপর্য্যন্ত জাহাজকে এণ্টর করিবার অনুমতি হইবেক না ইতি।

[কষ্টমের কার্য্যকারকদিগকে জাহাজে পাঠাইবার কথা, ও বর্জ্জিত কথা।]

৩৬ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরের কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব কোন সময়ে তদ্রূপ বন্দরে আগত কোন জাহাজে, কষ্টমের এক কি অধিক জন কর্ম্মকারককে আপন বিবেচনামতে প্রেরণ করিতে পারিবেন। কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব যত কাল প্রকারান্তরের আজ্ঞা না করেন, তত কালপর্য্যন্ত ঐ প্রেরিত কর্ম্মকারক দিনে ও রাত্রিতে ঐ জাহাজে থাকিবেন। পরন্তু কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব যখন উচিত বোধ করেন, তখন যে নিয়ম উপযুক্ত জ্ঞান করেন সেই নিয়মমতে, কষ্টমের কার্য্যকারকের অনুপস্থিত কালেও বোঝাই মাল জাহাজহইতে নামাইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[Penalty for not bringing to at boarding Station.]

XXXVII. If any vessel arriving at any Port in British India from any Foreign Port or place shall, when required, fail to bring to at such stations as shall have been appointed by the Chief Customs Authority of the Presidency or place for the boarding of such vessel by an Officer of Customs, the Master or Commander of such vessel shall, in every such case, forfeit a sum not exceeding one thousand Rupees.

[Penalty for refusing to receive Officer of Customs on board.]

XXXVIII. Every Master or Commander of a vessel, who shall refuse to receive on board an Officer of Customs deputed as above provided, shall forfeit a sum not exceeding five hundred Rupees for each day during which such Officer shall not be received on board, and the vessel shall not be allowed to enter until the penalty is paid.

[Accommodation of Officers.]

XXXIX. Every Master or Commander of a vessel, who is bound to receive on board an Officer of Customs, shall also be bound to receive on board one servant of such Officer, and to provide such Officer and servant with suitable shelter and accommodation, and likewise with a due allowance of fresh water, and with the means of cooking on board. If any Master or Commander shall wilfully disobey the directions contained in this Section, he shall in every such case forfeit a sum not exceeding five hundred Rupees.

[Officers of Customs to have free access to every part of the ship, and may seal and secure Goods. Officer in charge of Custom House may authorize search and opening of locks. Penalty for concealment of goods.]

XL. Every Officer of Customs deputed as above provided on board of any vessel shall have free access to every part thereof with power to fasten down any hatchway or entrance to the hold, and to mark any goods before landing, and to lock up, seal, mark, or otherwise secure, any goods on board of such vessel. If any box, place, or closed receptacle in any such vessel be locked, and the keys be withheld, such Officer shall report the same to the Officer in charge of the Custom House, who may thereupon issue to the Officer on board, or to any other Officer under his authority, a written order to search; and, on production of such order, it shall be competent to the Officer bearing the same to require that any place, box, or chest in such vessel be opened in his presence; and, if it be not opened upon his requisition, to break the same open; and any goods that shall be found concealed therein, and that shall not be duly accounted for to the satisfaction of the Officer in charge of the Custom House, shall be liable to confiscation.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২ ডিসেম্বর।]

[জাহাজে উঠিবার স্থানে না লাগাইবার দণ্ডের কথা।]

৩৭ ধারা। কোন জাহাজ ভিন্নদেশীয় কোন বন্দর কি স্থানহইতে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে আগত হইয়া, সেই জাহাজে কষ্টমের কার্য্যকারকের উঠিবার যে স্থান উক্ত প্রসীডেন্সীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব নিরূপণ করেন সেই স্থানে আজ্ঞাপ্রাপ্ত হইলেও যদি না লাগায়, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে ঐ জাহাজের অধ্যক্ষের কি কাপ্তান সাহেবের এক সহস্র টাকার অনধিক দণ্ড হইবে ইতি।

[কষ্টমের কার্য্যকারককে জাহাজে উঠিতে না দিবার দণ্ডের কথা।]

৩৮ ধারা। পূর্ব্বোক্ত ধারামতের প্রেরিত কষ্টমের কোন কার্য্যকারককে যদি জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান সাহেব জাহাজে উঠিতে না দেন, তবে যত দিন তাঁহাকে জাহাজে গ্রাহ্য না করেন তত দিন তাঁহার দিন প্রতি পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইবেক, ও ঐ দণ্ড যত কাল না দেওয়া যায় তত কাল ঐ জাহাজের মাল নামাইবার অনুমতি হইবেক না ইতি।

[ঐ কর্ম্মকারকেরদের থাকিবার স্থানাদির কথা।]

৩৯ ধারা। জাহাজের যে প্রত্যেক অধ্যক্ষ কি কাপ্তান সাহেব কষ্টমের কর্ম্মকারককে জাহাজে গ্রহণ করিতে বদ্ধ হন, তিনি ঐ কর্ম্মকারকের এক জন চাকরকেও গ্রাহ্য করিতে, এবং ঐ কর্ম্মকারকের ও চাকরের উপযুক্ত আশ্রয় ও থাকিবার স্থান নিরূপণ করিতে, ও উভয়কে উপযুক্তমতে সুস্বাদু জল দিতে ও জাহাজে রন্ধন করিবার সুযোগ করিয়া দিতে বদ্ধ আছেন। যদি কোন অধ্যক্ষ কি কাপ্তান সাহেব এই ধারার লিখিত আজ্ঞা ইচ্ছাপূর্ব্বক অমান্য করেন, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে তাঁহার পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবেক ইতি।

[কষ্টমের কার্য্যকারকেরদের অবাধিতরূপে জাহাজের সকল স্থানে যাইতে পারিবার ও মালে মোহর দিয়া রাখিবার কথা, এবং অনুসন্ধান লইয়া কুলুপ খুলিবার অনুমতি দিতে কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারকের ক্ষমতার কথা, ও মাল গোপন করিবার দণ্ডের কথা।]

৪০ ধারা। উক্ত বিধানমতে কষ্টমের যে প্রত্যেক কর্ম্মকারককে কোন জাহাজে নিযুক্ত করা যায়, তিনি ঐ জাহাজের সমস্ত স্থানে অবাধিতরূপে গমন করিতে পারিবেন, এবং কোন ফলকা কি খোলে নামিবার পথ বন্ধ করিতে, এবং ঐ জাহাজের কোন মাল তালাদিয়া বন্ধ করিতে কি তাহাতে মোহর কি চিহ্ন দিতে কি প্রকারান্তরে সুরক্ষা করিতে পারিবেন। তদ্রূপ জাহাজস্থ কোন বাক্সে কি স্থানে কি বন্ধকরা আধারে যদি তালা দেওয়া থাকে ও চাবি কর্ম্মকারকের হাতে দিতে অস্বীকার হয়, তবে সেই কর্ম্মকারক কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবকে সেই কথার রিপোর্ট করিবেন, তাহাতে তিনি জাহাজস্থ ঐ কর্ম্মকারককে কিম্বা আপনার আজ্ঞাধীন অন্য কোন কর্ম্মকারককে তালাশ করিবার লিখিত আজ্ঞা দিতে পারিবেন। সেই আজ্ঞা প্রাপ্ত হইলে ঐ কর্ম্মকারক ঐ আজ্ঞাপত্রক্রমে জাহাজস্থ তদ্রূপ কোন স্থান কি বাক্স কি সিন্দুক আপন গোচরে খুলিতে আজ্ঞা করিতে পারিবেন। ও তাঁহার আদেশমতে যদি খোলা না যায় তবে তাহা ভাঙ্গিয়া খুলিতে পারিবেন, ও তাহাতে গুপ্ত রাখা যে কোন দ্রব্য পাওয়া যায় তাহার বিবরণ কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারকের অবোধমতে প্রকাশ হইতে না পারিলে সেই দ্রব্য জব্দ হইতে পারিবেক ইতি।

[Penalty for Masters resisting search, &c.]

XLI. If any Master or Commander of a vessel shall refuse to allow such vessel or any box, place, or closed receptacle in such vessel to be searched when so required by an Officer of Customs bearing a written order to search; or if an Officer of Customs shall place any lock, mark, or seal upon any goods, and such lock, mark, or seal shall be wilfully opened, altered, or broken, before due delivery of such goods; or if any such goods shall be secretly conveyed away; or if any hatchway or entrance to the hold, after having been fastened down by an Officer of Customs, shall be opened without his permission—in every such case the Master or Commander of such vessel shall be liable, upon conviction before a Magistrate or Justice of the Peace, to a penalty not exceeding one thousand Rupees.

[অধ্যক্ষ তালাশ করণের বাধা করিলে তাঁহার দণ্ডের কথা।]

৪১ ধারা। লিখিত আজ্ঞাপত্র প্রাপ্ত কষ্টমের কর্ম্মকারক তলাশ করিবার আদেশ করিলে যদি জাহাজের কোন অধ্যক্ষ কি কাপ্তান সাহেব ঐ জাহাজের কিম্বা জাহাজস্থ কোন বাক্সের কি স্থানের কি বন্ধ আধারের তালাশ হইবার অনুমতি দিতে স্বীকার না করেন, কিম্বা কষ্টমের কর্ম্মকারক কোন দ্রব্য কুলুপ দিয়া বন্ধ করিলে কিম্বা সেই দ্রব্যের উপর কোন চিহ্ন কি মোহর দিলে পর সেই দ্রব্য রীতিমতে দাখিল হইবার পূর্ব্বে যদি তাহা ইচ্ছাপূর্ব্বক খোলা যায়, কিম্বা সেই চিহ্ন কি মোহর পরিবর্ত্তন করা যায় কি ভাঙ্গা যায়, কিম্বা যদি তদ্রূপ কোন দ্রব্য গোপনে স্থানান্তর করা যায়, কিম্বা কষ্টমের কর্ম্মকারক কোন ফলকা কি খোলে নামিবার স্থান বন্ধ করিলে পর যদি তাঁহার অনুমতিবিনা খোলা যায়, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে ঐ জাহাজের অধ্যক্ষের কি কাপ্তান সাহেবের দোষ কোন মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীসের সম্মুখে প্রমাণ হইলে, তাঁহার এক সহস্র টাকার অনধিক দণ্ড হইতে পারিবেক ইতি।

[Bulk not to be broken until ship is entered at Custom House, and bills of lading, &c., delivered.]

XLII. No vessel arriving in any Port in British India from any Foreign Port or place, shall be allowed to break bulk until the Report or Manifest described in Section XXX., XXXI., XXXII., or XXXIII. of this Act, shall have been delivered as therein provided; nor until a copy of such Report or Manifest, together with an application for entry inwards, shall have been presented to the Officer in charge of the Custom House, and order shall have been given thereon by such Officer for the discharge of the cargo. The Officer in charge of the Custom House may refuse to give such order, until any port-clearance, cockett, or other paper, known to have been granted at the place from which the vessel is stated to have come, shall likewise have been delivered to him. Nothing in this Section shall prevent an Officer in charge of a Custom House from granting, on receipt of the original Report or Manifest, and prior to the entry of the vessel at the Custom House, a special pass under such rules as shall from time to time be prescribed by the Chief Customs Authority of the Presidency or place for the unshipping of Bullion or Treasure.

[জাহাজ কষ্টম হৌসে এণ্টর না হইলে ও বিল অফ লেডিং প্রভৃতি দেওয়া না গেলে কোন দ্রব্য সরাইতে না হইবার কথা।]

৪২ ধারা। যখন কোন জাহাজ ভিন্ন দেশীয় কোন বন্দর কি স্থানহইতে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে পঁহুছে, তখন এই আইনের ৩০ ও ৩১ ও ৩২ ও ৩৩ ধারার নির্দ্দিষ্ট রিপোর্ট কি মানিফেষ্ট ঐ২ ধারার বিধানমতে না দেওয়া গেলে, ও আমদানী দ্রব্য নামাইবার দরখাস্তসহিত উক্ত রিপোর্টের কি মানিফেষ্টের নকল কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবকে না দেওয়া গেলে ও তদনুসারে ঐ কার্য্যকারকের বোঝাই দ্রব্য নামাইবার আজ্ঞা না হইলে, ঐ জাহাজের কোন দ্রব্য সরাইবার অনুমতি হইবেক না। আরো জাহাজ যে স্থানহইতে আগত ব্যক্ত হইল, সেই স্থানে জাহাজের প্রস্থান করিবার যে অনুমতিপত্র কি মোহর করা কষ্টমের পত্র কি অন্য কাগজপত্র দেওয়া হইয়াছিল জানা হয় তাহাও কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবকে না দেওয়া গেলে, তিনি উক্ত প্রকারের আজ্ঞা দিতে অস্বীকার করিতে পারেবেন। কিন্তু কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব আসল রিপোর্ট কি মানিফেষ্টপ্রাপ্ত হইলে পর, ও কষ্টম হৌসে জাহাজের এণ্টর হইবার পূর্ব্বে, প্রসীডেনসীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবের সময়ে২ নির্দ্ধারিত বিধিক্রমে, জাহাজহইতে সোণারূপা কি অর্থ নামাইয়া দিবার বিশেষ পাস (অর্থাৎ ছাড়পত্র) দিতে পারিবেন। ইহার বাধা এই ধারার কোন কথাতে নাই ইতি।

[Master or Commander to deliver bill of lading, &c., to Officer in charge of Custom House. Penalty for refusal or for false entry or report, &c.]

XLIII. The Master or Commander of every vessel arriving from any Foreign Port or place shall, at the time of applying for entry inwards at any Port in British India, deliver to the Officer in charge of the Custom House, if required so to do, the bill of lading or a copy thereof for every part of the cargo laden on board, and shall answer all such questions relating to the vessel, cargo, crew, and voyage as shall be put to him by such Officer. In case of wilful failure or refusal to answer any such question truly, or to produce any such bill of lading or copy thereof; or if any such bill of

[কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারককে কাপ্তান সাহেবের বিল অফ লেডিং প্রভৃতি দিতে হইবার কথা ও কথা কি রিপোর্টপ্রভৃতি মিথ্যা হইলে তাহার দণ্ডের কথা।]

৪৩ ধারা। ভিন্ন দেশীয় কোন বন্দর কি স্থানহইতে কোন জাহাজ পঁহুছিলে সেই জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান সাহেব যে সময়ে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে আমদানী দ্রব্য নামাইবার অনুমতি পত্র প্রার্থনা করেন, সেই সময়ে তাঁহাকে আদেশ হইলে, তিনি কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবকে আপনার জাহাজে বোঝাইকরা দ্রব্যের প্রত্যেক অংশের বিল অফ লেডিং কি তাহার নকল দেখাইবেন এবং ঐ কার্য্যকারক সাহেব জাহাজের কি বোঝাই দ্রব্যের কি নাবিকগণের কি পথের বিষয়ে যে কোন কথা জিজ্ঞাসা করেন তাহার উত্তর দিবেন। যদি কোন প্রশ্নের যথার্থ উত্তর দিতে কিম্বা তদ্রূপ কোন বিল অফ

lading or copy thereof shall be false; or if any such bill of lading or copy shall have been altered with fraudulent intent; or if the goods expressed in any such bill of lading shall not have been *bonâ fide* shipped on board of such vessel; or if any such bill of lading so produced by any such Master or Commander shall not have been made previously to the departure of the vessel from the place where the goods expressed in such bill of lading were shipped; or if any part of the cargo be stowed, destroyed, or thrown overboard; or if any package be opened, and not accounted for to the satisfaction of the Officer in charge of the Custom House—in every such case the Master or Commander shall forfeit a sum not exceeding one thousand Rupees.

[No goods to leave ships until entry of ship is made. Goods not agreeing in description and quantity as declared in the Manifest how to be dealt with.]

XLIV. No goods shall be allowed to leave any vessel, unless they be duly entered in the Report or Manifest of such vessel. If any goods be found on board in excess of those entered in the Report or Manifest, or not corresponding with the specification therein contained, the fact shall be reported by the Custom House Officer on board, and all such goods shall be liable to confiscation, or to be charged with such increased rates of Duty as the Chief Customs Authority of the Presidency or place shall direct.

[Penalty for not being able to account for missing or deficient package, &c.]

XLV. If any goods entered in the Report or Manifest shall not be found on board of the vessel, or if the quantity found be short, and if such deficiency be not accounted for to the satisfaction of the Officer in charge of the Custom House, the Master or Commander of such vessel shall be liable, in addition to full Duty, to a penalty not exceeding twice the amount of Duty chargeable on the missing or deficient goods, if they be capable of being assessed therewith; or if they be not, to a penalty not exceeding five hundred Rupees for every missing or deficient package of unknown value.

[Amendment of obvious errors, &c.]

XLVI. Nothing contained in the two Sections last preceding shall be construed to prevent any Officer in charge of a Custom House from permitting the Master or Commander of any vessel to amend any obvious error, or to supply any omission resulting from accident or inadvertence, by furnishing an amended or supplementary Report or Manifest. But the receiving of such supplementary document shall always be discretionary with the Officer in charge of the Custom House; who, on receipt of any such amended Report or Manifest, may levy thereon such fee as

লেডিং কি তাহার নকল দেখাইতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি কি অস্বীকার করেন, কিম্বা যদি তদ্রূপ কোন বিল অফ লেডিং কি তাহার নকল মিথ্যা হয়, কিম্বা যদি তদ্রূপ কোন বিল অফ লেডিং কি তাহার নকল প্রতারণা করণাভিপ্রায়ে পরিবর্ত্তন হইয়া থাকে, কিম্বা তদ্রূপ বিলের লিখিত কোন দ্রব্য যদি প্রকৃত প্রস্তাবে সেই জাহাজে দেওয়া না গিয়া থাকে, কিম্বা ঐ বিলের লিখিত দ্রব্য যে স্থানে জাহাজে দেওয়া যায় সেই স্থানহইতে জাহাজের চলিয়া আইসনের পূর্ব্বে যদি ঐ অধ্যক্ষের কি কাপ্তান সাহেবের উক্ত প্রকারে প্রকাশিত বিল অফ লেডিং লেখা না হইয়া থাকে, কিম্বা যদি মোজাই দ্রব্যের কোন অংশ জাহাজের বাহিরে রাখা যায় কি নষ্ট হয় কি ফেলিয়া দেওয়া যায়, কিম্বা যদি কোন বস্তাদি খোলা গিয়াছে, ও তাহার হেতু কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারকের সুবোধমতে প্রকাশ না হয়, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে ঐ অধ্যক্ষ কি কাপ্তান সাহেবের এক সহস্র টাকার অনধিক দণ্ড হইবেক ইতি।

[জাহাজ এণ্টর না হইলে তাহাহইতে কোন মাল নামাইবার কথা, ও মানিফেষ্টে দ্রব্যের যে বিবরণ লেখা আছে তাহার সঙ্গে ঐ দ্রব্য না মিলিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৪৪ ধারা। জাহাজের মানিফেষ্টে কি রিপোর্টে যাহা লেখা না থাকিলে তাহা জাহাজহইতে বাহির করিবার অনুমতি হইবেক না। মানিফেষ্টে কি রিপোর্টে যাহা লেখা আছে তদ্ভিন্ন কোন মাল যদি জাহাজে পাওয়া যায়, কিম্বা সেই মাল যদি মানিফেষ্টের কি রিপোর্টের লিখিত কথার সঙ্গে না মিলে, তবে জাহাজস্থ কষ্টম-হৌসের কার্য্যকারক সেই কথার রিপোর্ট করিবেন এবং সেই সকল দ্রব্য জব্দ হইতে পারিবেক, কিম্বা প্রসীডেন্সীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব ঐ মালের উপর অধিক যত মাসুল ধার্য্য করিতে আজ্ঞা করেন তাহা ধার্য্য হইবেক ইতি।

[বস্তাদি না পাওয়া গেলে কি ন্যূন পড়িলে দণ্ডের কথা।]

৪৫ ধারা। রিপোর্টে কি মানিফেষ্টে লিখিত কোন দ্রব্য যদি জাহাজে পাওয়া না যায়, কিম্বা যদি সেই দ্রব্যের কিছু ন্যূনতা হয়, ও সেই ন্যূনতার হেতু যদি কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারকের সুবোধমতে প্রকাশ না হয়, তবে সেই দ্রব্যের উপর মাসুল ধার্য্য হইতে পারিলে ঐ সম্পূর্ণ মাসুলের অতিরিক্ত ঐ অপ্রাপ্ত দ্রব্যের কি তাহার ন্যূনাংশের যত মাসুল ধার্য্য হয় তাহার দ্বিগুণ ঐ জাহাজের অধ্যক্ষের কি কাপ্তান সাহেবের দণ্ড স্বরূপে দিতে হইবেক। কিম্বা সেই দ্রব্যের উপর মাসুল ধার্য্য হইতে না পারিলে, অজ্ঞাত মূল্যের অপ্রাপ্ত কি অসম্পূর্ণ প্রতি বস্তাদির উপর তাঁহার পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবেক ইতি।

[স্পষ্ট ভ্রমপ্রভৃতি সংশোধন করিতে পারিবার কথা।]

৪৬ ধারা। যে স্থলে স্পষ্টরূপে ভ্রম হইয়াছে কি অকস্মাৎ কি অমনোযোগে কোন কথা লিখিবার ত্রুটি হইয়াছে এমত স্থলে কষ্টম হৌসের কার্য্যের ভার প্রাপ্ত কোন কার্য্যকারক সাহেব ঐ জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান সাহেবকে সংশোধিত রিপোর্ট কি মানিফেষ্ট কি তাহার ক্রোড়পত্র দিবার অনুমতি দিতে পারিবেন, ইহার বাধাজনক ভাব পূর্ব্ব লিখিত দুই ধারার কোন কথাতে ধরিতে হইবেক না। কিন্তু ঐ ক্রোড়পত্র গ্রহণ করা কি না করা কষ্টম হৌসের কার্য্যের ভার প্রাপ্ত কার্য্যকারক সাহেবের স্বেচ্ছাধীন থাকিবে। তিনি তদ্রূপ সংশোধিত রিপোর্ট কি মানিফেষ্ট গ্রহণ করিলে ঐ প্রসীডেন্সীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক

the Chief Customs Authority of the Presidency or place shall from time to time direct.

[Consequence of exceeding period for landing Import Cargo.]

XLVII. A period of fifteen working days or such further period as the Officer in charge of the Custom House shall direct, shall be allowed for the landing of import cargo from every vessel. If the period occupied in such landing be in excess of that allowed, the vessel shall be charged with the expense of the Officer of Customs at a rate not exceeding five Rupees per diem (Sundays and Holidays excepted) for such excess period.

[Goods landed on Sundays and other Holidays unless with permission liable to confiscation.]

XLVIII. Except with the written permission of the Officer in charge of a Custom House, no goods, with the exception of passengers' baggage, shall, on any Sunday, or on any Holiday, or day on which the discharge of cargo is or shall be prohibited by the Chief Customs Authority of the Presidency or place, be discharged from any vessel arriving at any Port in British India from any Foreign Port or place; nor, except with such written permission, shall any goods be so discharged on any day, except between such hours as the Chief Customs Authority shall from time to time appoint by public notice in the Official Gazette; nor without the presence or authority of the proper Officer of Customs. Any Master or Commander of a vessel who shall cause or suffer any goods to be removed contrary to any of the provisions of this Section, shall in every such case forfeit a sum not exceeding one thousand Rupees; and all goods so unauthorizedly removed, shall be liable to confiscation.

[Goods landed at any other except appointed wharves and places, &c.]

XLIX. No goods which shall have been discharged under the authority of the proper Officer of Customs shall be landed, except at such wharf or other place as shall be appointed for the landing of such goods. No goods which shall have been so discharged into any boat for the purpose of being landed shall, previously to their being landed, be trans-shipped into any other boat without the permission of the proper Officer of Customs. Any goods landed or trans-shipped contrary to any of the provisions of this Section shall be liable to confiscation.

[Goods to be forthwith removed from importing ship and landed.]

L. If any goods shall be removed from on board of any vessel for the purpose of being landed and passed for importation, such goods shall be forthwith removed to and landed at the wharf or other place appointed for the landing of such goods. If such goods be not so removed or landed, or if the boat containing such goods be found out of the proper track between the vessel and such wharf or other proper place of landing, and

* [*Government Gazette*, 2nd December, 1862.]

সাহেব তদ্নিমিত্তে সময়ের যত ফীস লইবার আজ্ঞা করেন তত লইতে পারিবেন ইতি।

[আমদানী মাল নামাইবার কালাতীত হইলে তাহার ফলের কথা।]

*৪৭ ধারা। প্রত্যেক জাহাজহইতে বোঝাই মাল নামাইবার জন্যে বন্দের দিন না হয় এমত পনের দিন কিম্বা কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব তদ্ভোধিক যত কাল আজ্ঞা করেন ততকাল নির্দ্ধার্য্য হইবেক। যদি মাল নামাইতে তদ্ভোধিক সময় লাগে তবে রবিবার ও বন্দের দিনভিন্ন সেই অতিরিক্ত সময়ের নিমিত্তে ঐ কষ্টমের কার্য্যকারক দিনপ্রতি পাঁচ টাকার অনধিক হারে ঐ জাহাজহইতে পাইবেন ইতি।

[রবিবারে ও বন্দের অন্য দিনে অনুমতি বিনা মাল নামাইলে জব্দ হইবার কথা।]

৪৮ ধারা। কষ্টম হৌসের কার্য্যের ভার প্রাপ্ত কার্য্যকারক সাহেবের লিখিত অনুমতি না হইলে, বিদেশীয় কোন বন্দর কি স্থানহইতে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে আগত কোন জাহাজহইতে চড়নদারেরদের আসবাবভিন্ন অন্য কোন মাল রবিবারে কি অন্য বন্দের দিনে, কিম্বা ঐ প্রসীডেন্সীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব যে দিন নিষেধ করেন কি করিবেন সেই দিনে নামান যাইবেক না। অন্যং দিনেও কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সরকারী গেজেটে বিজ্ঞাপন পত্রদ্বারা সময়মতে যেং ঘণ্টা নিরূপণ করেন, তদ্ভিন্ন অন্য কোন সময়ে তাঁহার তদ্রূপ লিখিত অনুমতিভিন্ন ঐ মাল নামান যাইবেক না। কিম্বা কষ্টমের উপযুক্ত কার্য্যকারক উপস্থিত না থাকিলে ও তাঁহার অনুমতিবিনা কোন মাল নামান যাইবেক না। যদি কোন জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান সাহেব এই ধারার বিধান বিরুদ্ধে কোন মাল স্থানান্তর করান কি স্থানান্তর হইতে দেন, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে তাঁহার এক সহস্র টাকার অনধিক দণ্ড হইবেক, ও অনুমতিভিন্ন স্থানান্তর করা সমুদয় মাল জব্দ হইতে পারিবেক ইতি।

[নিরূপিত ঘাট ও স্থানভিন্ন অন্য স্থানপ্রভৃতিতে মাল নামাইবার কথা।]

৪৯ ধারা। কষ্টমের উপযুক্ত কার্য্যকারকের অনুমতিক্রমে যে মাল জাহাজহইতে নামান যায়, তাহা কিনারায় তুলিবার নিরূপিত ঘাট কি স্থান ছাড়া অন্য কোন স্থানে তুলিতে হইবেক না। তদ্রূপের কোন মাল কিনারায় তুলিয়া দিবার জন্যে যদি উক্ত মতে কোন নৌকায় নামান যায় তবে কষ্টমের উপযুক্ত কার্য্যকারকের অনুমতিবিনা কিনারায় তুলিবার পূর্ব্বে তাহা অন্য নৌকাদিতে দেওয়া যাইতে পারিবেক না। যদি এই ধারার কোন বিধানের বিরুদ্ধে কোন মাল কিনারায় তোলা যায় কি অন্য নৌকাদিতে দেওয়া যায়, তবে তাহা জব্দ হইতে পারিবেক ইতি।

[আমদানীর জাহাজহইতে মাল অগৌণে স্থানান্তর করিয়া কিনারায় নামাইবার কথা।]

৫০ ধারা। যদি কোন মাল আমদানী হইবার জন্যে ও কিনারায় তুলিবার পাস পাইবার নিমিত্তে কোন জাহাজহইতে নামান যায়, তবে তদ্রূপ মাল তুলিবার যে ঘাট কি অন্য স্থান নির্দ্দিষ্ট থাকে সেই ঘাটে কি স্থানে তাহা অগৌণে আনিতে হইবেক। যদি সেই মাল তদ্রূপে নামান না যায় কি কিনারায় তুলিয়া না দেওয়া হয় কিম্বা জাহাজহইতে এ ঘাটে কি মাল তুলিবার উপযুক্ত অন্য স্থানে ঐ বোঝাই দ্রব্যের নৌকাদি সোজা পথ ছাড়িয়া যদি অন্য পথে যাইতে দেখা যায় ও অন্য পথে যাই-

such deviation be not accounted for to the satisfaction of the Officer in charge of the Custom House, such goods, together with any vessel or boat employed in removing them, shall be liable to confiscation.

[Goods landed without a boat-note liable to confiscation.]

LI. When any goods shall be sent from on board of any vessel for the purpose of being landed and passed for importation, there shall be sent with each boat-load, or other separate despatch, a boat-note specifying the number of packages so sent, and the marks and numbers or other description thereof. Each boat-note shall be signed by an Officer of the vessel, and likewise by the Officer of Customs who is on board, if any such Officer be on board. If any imported goods be found without a boat-note in any boat proceeding to land, such goods shall be liable to confiscation, or the person by whose authority the goods are being landed shall forfeit a sum not exceeding twice the amount of Duty leviable thereon.

[Penalty for goods being delivered without entry. Proviso as to passengers' baggage.]

LII. If, without entry duly made, any goods shall be taken or passed out of any Custom House or wharf, the person so taking or passing such goods shall in every such case forfeit a sum not exceeding five hundred Rupees. Provided that no entry shall be required in respect of passengers' baggage, which may be examined, landed, and delivered under such rules as shall from time to time be made under Section IV. of this Act by the Chief Customs Authority of the Presidency or place. Any prohibited or Dutiable goods found, either before or after landing, concealed in any such baggage, together with the other contents of the package in which they are found, shall be liable to confiscation.

[Penalty for goods being removed after landing and before due entry.]

LIII. If after any goods have been landed and before they have been passed through the Custom House, the importer, owner, or consignee, or his agent, or any one acting on his behalf removes or attempts to remove them, with the intention of defrauding the revenue, such goods shall be liable to confiscation; or if the goods cannot be recovered, the owner shall be liable, in addition to full duty, to a penalty not exceeding twice the amount of Duty chargeable on such goods, if they be capable of being assessed therewith; or, if they be not, to a penalty not exceeding one thousand Rupees for every missing or deficient package of unknown value.

[Entry for home consumption.]

LIV. The importer, owner, or consignee of

বার হেতু কষ্টম হৌসের কার্য্যের ভার প্রাপ্ত কার্য্যকারক সাহেবের সন্তোষমতে ব্যক্ত না হয়, তবে ঐ মাল ও স্থানান্তর করিতে যে নৌকাদি নিযুক্ত হয় তাহা সুদ্ধ জব্দ হইতে পারিবেক ইতি।

[নৌকার চালান বিনা মাল কিনারায় তুলিয়া দেওয়া গেলে তাহা জব্দ হইবার কথা।]

৫১ ধারা। যখন আমদানী হওনার্থে কোন মাল কিনারায় তুলিয়া দিবার ও ছাড় পাইবার জন্যে জাহাজহইতে নৌকায় দেওয়া যায়, তখন হোঝাই নৌকার সঙ্গে কিম্বা অন্য যে প্রকারে মাল কিনারায় আনা যায় তাহার সঙ্গে চালান দেওয়া যাইবেক, অর্থাৎ যত বস্তা তদ্রূপে চালান হয় ও প্রত্যেক বস্তার যে নম্বর ও চিহ্ন কি অন্য বেওরা থাকে তাহা ঐ চালানে লেখা থাকিবে, ও নৌকার প্রত্যেক চালানে জাহাজের এক জন মালিম, এবং কষ্টমের কোন কার্য্যকারক ঐ জাহাজে থাকিলে তিনিও স্বাক্ষর করিবেন। যে নৌকা কিনারায় যায় তাহাতে যদি নৌকার চালানে লিখিত মালভিন্ন আমদানী কোন মাল পাওয়া যায় তবে সেই মাল জব্দ হইতে পারিবে, কিম্বা যে ব্যক্তির আজ্ঞাক্রমে ঐ মাল কিনারায় নামান যাইতেছে তাঁহার সেই মালের উপর নির্দ্ধারিত মাসুলের দ্বিগুণের অনধিক দণ্ড হইবেক ইতি।

[মাল এণ্টর না হইয়া সমর্পণ করা গেলে তাহার দণ্ডের কথা, ও চড়নদারেরদের আসবাবের বিষয়ে বর্জ্জিত কথা।]

৫২ ধারা। যদি কোন মাল উপযুক্তরূপে এণ্টর না হইয়া, কোন কষ্টমহৌস কি ঘাটহইতে স্থানান্তর করা যায় কি ছাড়িয়া দেওয়া যায়, তবে যে ব্যক্তি ঐ মাল গ্রহণ করে কি পাস করে, তাহার তদ্রূপ প্রত্যেক স্থলে পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইবেক। কিন্তু চড়নদারেরদের আসবাবের তদ্রূপ কোন এণ্টরী করার প্রয়োজন নাই। প্রসীডেন্সীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব এই আইনের ৪ ধারামতে সময়ে২ যে বিধি করেন তদনুসারে চড়নদারেরদের আসবাব দৃষ্ট হইয়া কিনারায় তুলিয়া দেওয়া ও সমর্পণ করা যাইবেক। কিনারায় তুলিয়া দিবার পূর্ব্বে কি পরে, যদি তদ্রূপ অসবাবের মধ্যে নিষিদ্ধ কি মাসুল যোগ্য কোন মাল পাওয়া যায় তবে সেই দ্রব্য ও ঐ বস্তাদির অন্তর্গত অন্য সকল বিষয় জব্দ হইতে পারিবেক ইতি।

[মাল কিনারায় আনা গেলে পর উপযুক্তমতে এণ্টর হইবার পূর্ব্বে স্থানান্তর করা গেলে তাহার দণ্ডের কথা।]

৫৩ ধারা। কোন মাল কিনারায় তোলা গেলে পর যদি কষ্টম হৌস দিয়া পাস হইবার পূর্ব্বে তাহার আমদানীকারক কি স্বামী কি কামসাইনী, কি তাঁহার এজেণ্ট কি তাঁহার পক্ষে কর্ম্মকারি অন্য ব্যক্তি রাজস্বাপহরণ করণাভিপ্রায়ে ঐ মাল স্থানান্তর করে কি করিবার উদ্যোগ করে, তবে সেই মাল জব্দ হইতে পারিবেক, কিম্বা যদি সেই মাল পুনশ্চ পাওয়া যাইতে না পারে, তবে তাহার উপর মাসুল ধার্য্য হইতে পারিলে তাহার স্বামী ঐ মালের সম্পূর্ণ মাসুলের অতিরিক্ত ঐ মালের উপর নির্দ্ধারিত মাসুলের দ্বিগুণের অনধিক দণ্ড দিবার যোগ্য হইবেক, কিম্বা তাহার উপর মাসুল ধার্য্য হইতে না পারিলে অজ্ঞানিত মূল্যের যে প্রত্যেক বস্তা না পাওয়া যায় কিম্বা যাহাতে দ্রব্যের ন্যূনতা থাকে, তাহার প্রত্যেক বস্তাদির উপর এক সহস্র টাকার অনধিক দণ্ড দিবে ইতি।

[দেশে ব্যবহারার্থে এণ্টর হইলে তাহার কথা।]

৫৪ ধারা। কষ্টমের মাসুল যোগ্য মাল আমদানীর

any goods liable to Duties of Customs, and intended to be delivered for home use on the landing thereof from the importing ship, or the agent of such importer, owner, or consignee shall make entry of such goods by delivering to the Officer in charge of the Custom House a Bill of Entry thereof in such form and containing such particulars as may, from time to time, be directed by the Chief Customs Authority of the Presidency or place. The particulars of such entry shall correspond with the particulars given of the same goods and packages in the Report or Manifest of the ship. Whenever the value of any goods is required to be stated in the entry, the importer, owner, or consignee, or his agent, shall subscribe a declaration of the truth of such value at the foot of such entry. Provided that if the importer, owner, or consignee, or his agent, shall make a declaration before the Officer in charge of the Custom House to the effect that he is unable, from want of full information, to state the value and contents of any case, package, or parcel of goods, then the Officer in charge shall permit him, previous to the full entry thereof, to open such case, package, or parcel, and examine the contents in presence of the proper Officer of Customs. Except as provided in Section XXIV. of this Act for cases of obvious error, no re-valuation of goods assessed for Duty on the declared value thereof shall be allowed after such goods shall have been removed from the Custom House.

[Penalty for any person not being the owner, &c., attesting any declaration to the value of goods.]

LV. Any person subscribing or attesting any declaration of the value of any goods upon an application to pass such goods through the Custom House, shall, if he be not the importer, owner, or consignee of such goods, or have not proper and sufficient authority from the importer, owner, or consignee, forfeit in every such case a sum not exceeding one thousand Rupees.

[Goods to be landed within fifteen working days of the entry of the vessel.]

LVI. If the importer, owner, or consignee of any goods (except such as shall have been previously declared by the Master or Commander as not to be landed), or the agent of such importer, owner, or consignee shall not land such goods within fifteen working days after the entry of the vessel importing the same, or within such further period as the bill of lading of such vessels shall specify, or the Officer in charge of the Custom House shall direct, the Officers of Customs or the Master or Commander of the vessel may carry such goods to the Custom House; and the Officer in charge of the Custom House shall thereupon be bound to take charge of, and to grant receipts for such goods, and to hold them until the duties, freight, primage, charges of landing, and removal, warehouse rent, and other charges to which such goods are liable, shall be paid. Provided that the

জাহাজহইতে তোলা গেলে পর যদি এদেশের ব্যবহারের নিমিত্ত হয় তবে সেই মালের আমদানীকারক কি স্বামী কি কানসাইনী কিম্বা আমদানীকারকের কি স্বামির কি কানসাইনীর এজেণ্ট কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবকে বিল অফ এণ্টরি দিয়া ঐ মাল এণ্টর করাইবেন ঐ প্রসীডেন্সীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব ঐ বিল অফ এণ্টরী লিখিবার যে পাঠ নির্দ্দিষ্ট করেন ও তাহাতে যে২ কথা লিখিবার আজ্ঞা সময়ে২ করেন সেই পাঠে লেখা যাইবে ও তাহাতে সেই বিবরণ থাকিবে। ও জাহাজের রিপোর্ট কি মানিফেষ্টে, ঐ মালের ও বস্তার যে সকল বেওরা লেখা থাকে তাহার সঙ্গে ঐ বিল অফ এণ্টরির লিখিত বেওরা মিলিবে। সেই এণ্টরীতে যদি মালের মূল্য লিখিবার আজ্ঞা হয়, তবে ঐ এণ্টরির নিম্নভাগে "এই মূল্য যথার্থ" এই মর্ম্মের কথায় ঐ আমদানীকারক কি স্বামী কি কানসাইনী কি তাঁহার এজেণ্ট দস্তখৎ করিবেন। পরন্তু ঐ দ্রব্যের আমদানীকারক কি স্বামী কি কানসাইনী কি তাহার এজেণ্ট যদি কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবকে জ্ঞাত করেন যে সম্পূর্ণ সমাদ না পাওয়াপ্রযুক্ত মালের কোন বাক্সে, কি বস্তাতে কি পুলিন্দাতে যাহা আছে তাহা কি তাহার মূল্য কহিতেপারি না, তবে ঐ বাক্সপ্রভৃতি সম্পূর্ণরূপে এণ্টর করিবার পূর্ব্বে, ঐ ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব কষ্টমের উপযুক্ত কর্ম্মকারকের সম্মুখে তাঁহাকে ঐ বাক্স কি বস্তা কি পুলিন্দা খুলিয়া দৃষ্টি করিতে অনুমতি দিবেন। স্পষ্টভূম সম্পর্কীয় যে স্থলের বিধান এই আইনের ২৪ ধারাতে হইয়াছে সেই স্থলভিন্ন যে মালের ব্যক্তকরা মূল্যের উপর মাসুল ধার্য্য হইয়াছে তাহার মূল্য কষ্টম হৌসহইতে মাল স্থানান্তর করিলে পর পুনর্ব্বার অবধারণ করিবার অনুমতি হইবেক না ইতি।

[মালের স্বামিপ্রভৃতিভিন্ন অন্য ব্যক্তি মালের মূল্য প্রকাশক কথায় স্বাক্ষর করিলে তাহার দণ্ডের কথা।]

৫৫ ধারা। কোন মালের আমদানীকারক কি স্বামী কি কানসাইনী ভিন্ন কিম্বা কোন মালের আমদানীকারকের কি স্বামির কি কানসাইনীর স্থানে উপযুক্ত ও প্রচুর ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি ভিন্ন অন্য কোন ব্যক্তি যদি কষ্টম হৌস দিয়া চালান করিবার প্রার্থনাক্রমে ঐ মালের মূল্য প্রকাশক কথায় স্বাক্ষর কি দস্তখৎ করেন, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে তাহার এক সহস্র টাকার অনধিক দণ্ড হইবেক ইতি।

[জাহাজ এণ্টর হইলে পর পনের দিনের মধ্যে মাল তুলিয়া দিবার কথা।]

৫৬ ধারা। জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান সাহেব যে মাল নামাইতে হইবেক না পূর্ব্বে প্রকাশ করেন তদ্ভিন্ন অন্য মালের আমদানীকারক কি স্বামী কি কানসাইনী কি তাহার এজেণ্ট ঐ মাল আনয়নকারি জাহাজ এণ্টর হইবার পরে বন্দের দিন না হয় এমত পনের দিনের মধ্যে, কিম্বা বিল অফ লেডিঙ্গে ততোধিক যে সময় লেখা থাকে তাহার মধ্যে, কিম্বা কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব যে সময় আজ্ঞা করেন সেই সময়ের মধ্যে ঐ মাল নামাইয়া দিবেন। না দিলে কষ্টমের কার্য্যকারকেরা কি ঐ জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান সাহেব ঐ মাল কষ্টম হৌসে লইয়া যাইতে পারিবেন। কষ্টম হৌসের কার্য্যের ভার প্রাপ্ত কার্য্যকারক সাহেবের ঐ মাল জিম্মায় লইতে ও তাহার রসীদ দিতে হইবেক। ও সেই দ্রব্যের মাসুল ও বোঝাই খরচ ও জাহাজ ভাড়া ও সেই মাল তুলিয়া দিবার ও স্থানান্তর করিবার খরচ ও গুদামের ভাড়াপ্রভৃতি যত কাল না দেওয়া যায় তত কাল তাহা রাখিতে হইবে। পরন্তু উক্ত মাসুলাদি প্রাপ্ত হইয়া তাহা দিলেও প্রয়োজন যে কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব ঐ দাওয়ার রীতিমত

Officer in charge of the Custom House shall have received formal notice of such claims and full indemnity from the claimant. If the cargo of any vessel shall have been discharged within such period of fifteen days with the exception only of a small quantity of goods, the Officers of Customs may, on application from the Master or Commander, forthwith carry such remaining goods to the Custom House. At any time after the arrival of any vessel, the Officer in charge of the Custom may, with the consent of the Master or Commander of the vessel, cause any small package or parcel of goods to be taken thence to the Custom House, there to remain for due entry during the remainder of such period of fifteen days.

সম্বাদ পান ও দাওয়াদারের স্থানে দায় হইতে মুক্ত থাকার প্রতিজ্ঞা পান। নিরূপিত পনের দিনের মধ্যে বোঝাই মাল প্রায়ই নামান গিয়া যদি কিঞ্চিন্মাত্র জাহাজে থাকে তবে অধ্যক্ষের কি কাপ্তান সাহেবের দরখাস্তমতে কষ্টমের কার্য্যকারকেরা সেই অবশিষ্ট মাল অগৌণে কষ্টম হৌসে লইয়া যাইবেন। জাহাজ পঁহুছিলে পর কোন সময়ে কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব ঐ জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান সাহেবের সম্মতিক্রমে মালের কোন ছোট বস্তা কি পুলিন্দা কষ্টম হৌসে চালান করাইতে পারিবেন ও উপযুক্তমতে এণ্টর হইবার জন্যে তাহা ঐ পনের দিনের অবশিষ্ট কালপর্য্যন্ত তথায় থাকিবে ইতি।

[Penalty for not discharging cargo in any earlier period specified in bill of lading.]

[বিল অফ লেডিঙ্গের লিখিত সময়ের মধ্যে মাল না নামাইবার দণ্ডের কথা।]

LVII. If any earlier period than fifteen working days after the report or entry of any vessel is specified in the bill of lading of such vessel for the discharge of her cargo or any part thereof, and if the importer, owner, or consignee of such cargo, or the agent of such importer, owner, or consignee shall neglect to enter and land the same within such specified period, the Master or Commander of such vessel may immediately, on the expiration of such period, himself enter and land such goods; and the Officer in charge of the Custom House shall thereupon be bound to take charge of and to grant receipts for such goods, and to hold the same subject not only to the payment of Duties due on the same, but to the ship's lien for freight, primage, and other charges.

৫৭ ধারা। কোন জাহাজের বিল অফ লেডিঙ্গের মধ্যে যদি এমত নির্দ্দিষ্ট থাকে যে জাহাজ রিপোর্ট কি এণ্টরী হইবার পর বন্দের দিন না হয় এমত ১৫ দিনের মধ্যে ঐ বোঝাই দ্রব্য কি তাহার কোন অংশ নামাইতে হইবে, ও যদি সেই বোঝাই দ্রব্যের আমদানীকারক কি স্বামী কি কানসাইনী কি ঐ আমদানীকারকের কি স্বামির কি কানসাইনীর এজেণ্ট ঐ নিরূপিত সময়ের মধ্যে ঐ মাল এণ্টর করিয়া নামাইয়া দিতে ত্রুটি করেন, তবে ঐ জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান সাহেব ঐ সময় গত হইবার পরেই আপনি ঐ মাল এণ্টর করিয়া নামাইয়া দিতে পারিবেন। তাহা করিলে কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের সেই মাল আপনার জিম্মায় লইয়া তাহার রসীদ দিতে হইবে ও ঐ মালের মাসুল ভিন্ন ঐ মালের বোঝাই ভাড়া ও বোঝাই করিবার ফীলপ্রভৃতি যে খরচ জাহাজের প্রাপ্য হয় তাহা না দেওনপর্য্যন্ত ঐ মাল রাখিবেন ইতি।

[Consequence of non-payment of duties within two months after entry of vessel.]

[জাহাজ এণ্টর হইলে পর দুই মাসের মধ্যে মাসুল না দিবার ফলের কথা।]

LVIII. If the Duties chargeable upon any goods conveyed to the Custom House under the provisions of the two Sections last preceding, together with the freight, primage, charges of landing and removal, warehouse rent, and other charges to which such goods shall be liable, shall not be paid within two months from the date of entry of the vessel, or within such further period as the Officer in charge of the Custom House shall direct, or if such goods be not duly warehoused within such period, such goods may, after due notice in the *Official Gazette*, be sold by public auction, and the proceeds thereof shall then be applied; first, to the payment of freight, primage, and charges as aforesaid; next, to the payment of Duties; and the overplus, if any, shall be paid to the importer, owner, or consignee of the goods or to his agent on his application for the same. If any such goods be of a perishable nature, the Officer in charge of the Custom House may forthwith direct the sale thereof, and shall apply the proceeds in like manner.

৫৮ ধারা। পূর্ব্বোক্ত দুই ধারার বিধানমতে যে মাল কষ্টম হৌসে উপস্থিত করা যায় তাহার উপর যত মাসুল দিতে হয় সেই মাসুল ও বোঝাই ভাড়া ও বোঝাই করিবার ফীল ও সেই মাল ঘাটে তুলিয়া দিবার ও স্থানান্তর করিবার খরচ ও গুদাম ভাড়াপ্রভৃতি যে সকল খরচ ঐ মালের উপর লাগিতে পারে তাহা সমুদয় যদি জাহাজ এণ্টর করিবার তারিখঅবধি দুই মাসের মধ্যে কিম্বা ততোধিক যত কাল কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব আজ্ঞা করেন তত কালের মধ্যে না দেওয়া যায়, কিম্বা ঐ মাল ঐ সময়ের মধ্যে উপযুক্তমতে গুদামজাত না হয়, তবে সরকারী গেজেটে উপযুক্তমতে বিজ্ঞাপন দিলে পর ঐ মালের নীলাম হইবে, ও তাহাতে যে টাকা উৎপন্ন হয় তাহা হইতে প্রথমে বোঝাইয়ের ভাড়া ও বোঝাই করিবার ফীলপ্রভৃতি পূর্ব্বোক্ত খরচ দেওয়া যাইবে, পরে ঐ দ্রব্যের মাসুল দেওয়া যাইবে। যদি কিছু উদ্বর্ত্ত থাকে তবে ঐ মালের আমদানীকারকের কি স্বামির কি কানসাইনীর কি তাঁহার এজেণ্টের প্রার্থনামতে তাঁহাকে দেওয়া যাইবেক। মাল যদি অল্পকালের মধ্যে নষ্ট হইতে পারে তবে কষ্টম হৌসের কার্য্যের ভার প্রাপ্তকার্য্যকারক সাহেব অগৌণে তাহার নীলাম হইবার আজ্ঞা করিবেন ও তদুৎপন্ন টাকা লইয়া উক্ত প্রকারে কার্য্য করিবেন ইতি।

[Goods not claimed if cleared within two months from the date of entry to be sold.]

LIX. If any goods be not cleared for home consumption or for warehouse within two months from the date of landing of such goods, or within such further period as the Officer in charge of the Custom House shall direct, such goods may after due notice in the Official Gazette be sold by public auction, and the proceeds thereof shall then be applied to the payment of freight, and other charges as well as of Duties. The overplus, if any, shall be paid to the importer, owner, or consignee of the goods or to his agent on his application for the same; provided that such application be made within one year from the date of the sale of the goods, or that good reason be shown why such application was not so made.

[To be continued.]

[এণ্টর হইবার তারিখ অবধি দুই মাসের মধ্যে মালের উপর দাওয়া না হইলে কি স্থানান্তর না করা গেলে নীলাম হইবার কথা।]

৫৯ ধারা। যদি কোন মাল নামাইবার তারিখ অবধি দুই মাসের মধ্যে, কি কষ্টম হৌসের কার্য্যের ভার প্রাপ্ত কার্য্যকারক সাহেব অন্য যে সময় আজ্ঞা করেন সেই সময়ের মধ্যে, দেশে ব্যবহারার্থে কি রপ্তানার্থে স্থানান্তর না করা যায়, তবে সরকারী গেজেটে উপযুক্ত বিজ্ঞাপন প্রকাশ হইলে পর তাহার নীলাম হইবেক, ও তদুৎপন্ন টাকাহইতে মাসুল এবং বোঝাই ভাড়া ও অন্যান্য খরচ দেওয়া যাইবেক। যদি কিছু উদ্বর্ত থাকে তবে তাহা ঐ মালের আমদানীকারকের কি স্বামির কি কানসাইনীর কিম্বা তাঁহার এজেণ্টের প্রার্থনামতে তাঁহাকে দেওয়া যাইবেক। কিন্তু ঐ মাল নীলাম হইবার তারিখের পর এক বৎসরের মধ্যে ঐ প্রার্থনা করিতে হইবেক, নতুবা তন্মধ্যে না করণের বিশিষ্ট হেতু দেখাইতে হইবে ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 19th November 1862, and was referred to a Select Committee with instructions to make their Report thereon in two weeks.

No. 53 OF 1862.

A Bill to amend Act XI. of 1862 (*to amend the duties of Customs on Goods imported and exported by Sea.*)

[Preamble.]

WHEREAS it is expedient to amend the law relating to Customs Duties; It is enacted as follows:—

[New Article substituted for Article 18 of Schedule A.]

I. Article 18 of Schedule A of the said Act XI. of 1862, and the Note thereto are repealed, and instead thereof, the following words shall be read as Article 18, and the Note thereto:—

ARTICLE 18.—Machinery used exclusively for purposes of agriculture, navigation, mining, or manufacture, or for Railway purposes, and materials forming necessary component parts of such machinery ... Free.

And the Officer in charge of the Custom House, subject to the orders of the Local Government acting under the general instructions of the Government of India, shall decide what Articles come within the definition of such machinery, or materials forming component parts thereof, and such decision shall be final in law.

[Proviso after Article 23 of Schedule A.]

II. The following Proviso shall be read after Article 23 of the said Schedule A:—

Provided that 10 per cent. *ad valorem* shall be charged on all Spirits used exclusively in arts and manufactures, or in chemistry, subject to such rules as the local Government shall from time to

আইনের পশ্চাৎ লিখিত মুসাবিদা ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের আইন ও ব্যবস্থা করণার্থ কৌন্সেলে ১৮৬২ সালের ১৯ নবেম্বর তারিখে পাঠ হইয়া বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইল। তাঁহারদিগকে দুই সপ্তাহের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিতে আদেশ হইয়াছে।

১৮৬২ সালের ৫৩ নং।

১৮৬২ সালের ১১ আইন (অর্থাৎ সমুদ্রপথে আমদানী ও রপ্তানী করা মালের উপর মাসুল সংশোধন করিবার আইন) সংশোধনার্থ আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

কষ্টমের মাসুল সম্পর্কীয় আইন সংশোধন করা বিহিত। এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান হইতেছে।

[A চিহ্নিত তফসীলের ১৮ প্রকরণের পরিবর্ত্তে নূতন প্রকরণের কথা।]

১ ধারা। ১৮৬২ সালের উক্ত ১১ আইনের A চিহ্নিত তফসীলের ১৮ প্রকরণ ও তৎসম্পর্কীয় মন্তব্য কথা রদ হইয়াছে। তৎপরিবর্ত্তে পশ্চাৎ লিখিত কথা ১৮ প্রকরণ ও তৎসম্পর্কীয় মন্তব্য কথারূপ পাঠ করিতে হইবেক।

১৮ প্রকরণ। কেবল চাষ করণ ও তাহার চাষাইনের বিদ্যা কি আকরাদি খনন কি শিল্পকর্ম্ম কি রেলরোডের কার্য্যঘটিত যন্ত্র ও সেই২ যন্ত্রের প্রয়োজনীয় অংশস্বরূপ যে দ্রব্য ... ... তাহার মাসুল নাই।

এবং উক্ত যন্ত্রের মধ্যে কি২ যন্ত্র ও সেই যন্ত্রের প্রয়োজনীয় অংশস্বরূপ কি২ দ্রব্য ধরিতে হইবেক, তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের সাধারণ উপদেশানুসারে স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে আজ্ঞা করেন, তদনুসারে কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব নির্দ্ধার্য্য করিবেন, ও তাঁহার সেই নিষ্পত্তি আইনসম্পর্কে সিদ্ধান্ত হইবেক ইতি।

[A চিহ্নিত তফসীলের ২৩ প্রকরণের পর রচিত কথা।]

২ ধারা। উক্ত A চিহ্নিত তফসীলের ২৩ প্রকরণের পর পশ্চাৎ লিখিত বর্জ্জনসূচক কথা পাঠ করিতে হইবেক অর্থাৎ

পরন্তু কেবল শিল্পকর্ম্মে কিম্বা বিদ্যাঘটিত অন্যান্য কর্ম্মে কি কিমিয়া বিদ্যাতে যে শরাব ব্যবহার হয়, তাহা পানাদির অব্যবহার্য্য, ও পানাদির উপযুক্ত করা যাইতে পারে না, ইহা নিশ্চয় করণার্থে স্থানবিশেষের গবর্ণমেণ্ট

time prescribe, for ascertaining that such Spirits are unfit for use as a beverage and incapable of being converted to that purpose. And the Officer in charge of the Custom House, subject to the general instructions of the Local Government, shall decide what Spirits fall within this Proviso, and his decision thereon shall be final in law.

[Additional Article of Schedule A.]

III. The following additional Article shall be read as part of Schedule A. of the said Act :—

Firewood ... Free.

[Act to be read as part of Act XI. of 1862.]

IV. This Act shall be read and taken as part of the said Act XI. of 1862.

STATEMENT OF OBJECTS AND REASONS.

THIS Bill proposes three amendments in Schedule A. of Act XI. of 1862 *(to amend the Duties of Customs on Goods imported and exported by Sea.)*

The first amendment proposed is in Article 18 of the Schedule relating to Machinery.

Previously to the passing of Act. VII. of 1859, Machinery of all kinds imported by Sea into the Presidencies of Bengal and Madras was liable to a duty of 3½ per cent. when imported on British Bottoms, and of 7 per cent. when imported on Foreign Bottoms. The same duties were chargeable at Bombay until the enactment of Act I. of 1852. Under the two Acts just mentioned Machinery imported for the improvement of the communications and the development of the resources of the country was allowed to be admitted free of duty, and by Act X. of 1860 the exemption was extended to Machinery of all kinds. The same general exemption is contained in Act XI. of 1862, which now regulates the rates of Custom duties on Goods imported or exported by Sea throughout the British Territories in India.

It is considered that the later enactments have carried the exemption from duty farther than was requisite or proper, and that they involve an unnecessary sacrifice of Customs Revenue. Under Article 18, as it now stands, it must be obvious that many articles included under the head of Machinery may be admitted free of duty, for the exemption of which no special or adequate ground exists. It is proposed therefore to revert to the rule in force previously to the passing of Act X. of 1860, and to confine the exemption from duty to Machinery used exclusively for purposes of agriculture, navigation, mining, or manufacture, or for Railway purposes, and materials forming necessary component parts of such Machinery. The latter

সময়ে২ যে বিধি নির্দ্দিষ্ট করেন, তৎক্রমে সেই শরাবের মূল্যানুসারে তাহার উপর শতক ১০ টাকার হিসাবে মাসুল ধার্য্য হইবেক। ও এই বর্জনীয় কথার মধ্যে যেপ্রকারের শরাব ধরিতে হইবেক, ইহা কষ্টমহৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব স্থানবিশেষের গবর্ণমেণ্টের সাধারণ আদেশানুসারে নির্দ্ধার্য্য করিবেন। ও তদ্বিষয়ে তাঁহার যে নিষ্পত্তি হয় তাহা আইনসম্পর্কে সিদ্ধান্ত হইবেক ইতি।

[A চিহ্নিত তফসীলের অতিরিক্ত প্রকরণের কথা।]

৩ ধারা। পশ্চাৎ লিখিত নূতন প্রকরণ উক্ত আইনের A চিহ্নিত তফসীলের অংশস্বরূপ পাঠ করিতে হইবেক, অর্থাৎ

জ্বালানি কাষ্ঠের ... ... মাসুল নাই ইতি।

[এই আইন ১৮৬২ সালের ১১ আইনের অংশস্বরূপ পাঠ হইবার কথা।]

৪ ধারা। এই আইন ১৮৬২ সালের উক্ত ১১ আইনের অংশস্বরূপে পাঠ ও জ্ঞান করিতে হইবেক ইতি।

অভিপ্রায় ও হেতুবর্ণনা।

১৮৬২ সালের ১১ আইনের (অর্থাৎ সমুদ্রপথে আমদানী কি রপ্তানী হওয়া দ্রব্যের উপর কষ্টমের মাসুল সংশোধনার্থ আইনের) A চিহ্নিত তফসীলের তিন স্থান সংশোধন করিবার প্রস্তাব এই মুসাবিদাতে হইয়াছে।

তফসীলের ১৮ প্রকরণে যন্ত্র বিষয়ের যে কথা আছে তাহার পরিবর্ত্তনের প্রথম প্রস্তাব।

১৮৫৯ সালের ৭ আইন প্রচলিত হওনের পূর্ব্বে, যে সকল প্রকারের যন্ত্র সমুদ্রপথে বঙ্গ কি মান্দ্রাজ প্রসীডেন্সীতে আনা হইত, তাহা ব্রিটনীয় জাহাজে আমদানী হইলে তাহার শতকরা ৩॥০ টাকার হারে, ও ভিন্নদেশীয় জাহাজে আনীত হইলে শতকরা ৭ টাকার হারে মাসুল ধার্য্য ছিল। বোম্বাই প্রসীডেন্সীতেও সেই মাসুল আদায় হইত, কিন্তু ১৮৫২ সালের ১ আইন প্রচলিত হইয়া রহিত হইল। উক্ত দুই আইনক্রমে, দেশের স্থানেং গমনীয় পথ উত্তম করণ ও দেশের উৎপন্ন দ্রব্য প্রকাশ করণার্থে যে যন্ত্র আনা যায়, তাহা বিনামাসুলে আনিবার অনুমতি হইয়াছিল, পরে ১৮৬০ সালের ১০ আইনমতে বিনামাসুলে আনিবার সেই অনুমতি সর্ব্বপ্রকারের যন্ত্রের প্রতি বর্ত্তিল। ১৮৬২ সালের ১১ আইনেতেও সেই সাধারণরূপের অনুমতি হইয়াছে, ও ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত সমস্ত দেশে যত দ্রব্য সমুদ্রপথে আনীত কি প্রেরিত হয় সেই সমুদয় দ্রব্যের উপর কষ্টমের মাসুলের হার উক্ত আইন অনুসারে নির্দ্ধারিত হয়।

পরন্তু শেষপ্রকাশিত কতক আইনক্রমে মাসুলহইতে মুক্তকরণের যে বিধি তাহা অপ্রয়োজনীয় ও অনুপযুক্ত ও ইহাতে কষ্টমদ্বারা যে রাজস্ব হইতে পারে তাহা অনাবশ্যকমতে রহিত হইয়াছে, এমত বিবেচনা হইল। ফলতঃ ১৮ প্রকরণের যে কথা উক্ত আইনে আছে তদনুসারে যন্ত্র বলিয়া অনেক দ্রব্য এতদ্দেশে বিনামাসুলে আনা যাইতে পারে, অথচ তাহা মুক্ত করণের কোন বিশেষ কি উপযুক্ত হেতু নাই। এই কারণে অভিপ্রায় যে, ১৮৬০ সালের ১০ আইন প্রচলিত হওনের পূর্ব্বে যে বিধি প্রবল ছিল তাহা পুনশ্চ প্রবল করা যায়, কিন্তু কৃষিকর্ম্মে কি জাহাজ চালাওন বিদ্যাতে কি আকরাদি খনন কার্য্যে কি শিল্পকর্ম্মের কি রেলরোডের নিমিত্তে যে২ যন্ত্র ব্যবহার হয়, কেবল তাহা ও সেই২ যন্ত্রের প্রয়োজনীয় অংশস্বরূপ যে২ দ্রব্য হয়, তাহা মাসুলহইতে মুক্ত থাকে। ফলতঃ প্রস্তাবিত মতে উক্ত প্রকরণ

part of the Article, amended as proposed, appears a proper concession in favor of component parts of Machinery used exclusively for the purposes mentioned in the former part of the Article.

A slight alteration is also proposed in the Note to Article 18, in order to give the Local Governments, acting under the general instructions of the Government of India, authority to control the Officers of their respective Custom houses in construing the Article in question. A similar provision is contained in the new Customs Bill as regards the administration of the Department generally. There seems no doubt that the provision will conduce to the convenience of the public, while it will leave full power in the hands of the Supreme Government to issue such instructions as it may consider necessary for the protection of the Customs Revenue and for maintaining uniformity of practice in the several Presidencies.

The next alteration proposed is in Article 23 of the Schedule, which relates to the duty on Spirits. Under that Article methylated Spirits, or Spirits used exclusively in arts or manufactures, or in chemistry, are liable, on importation by Sea, to the same duty as Spirits intended for human consumption as a beverage. It is thought that, with a view to the promotion of arts and manufactures, a distinction should be made between Spirits exclusively used for the purposes thereof, and Spirits used for other purposes. Spirits of Wine, under certain restrictions, are allowed to be used duty free in the United Kingdom, and when the Bill to amend the Law relating to the Abkaree Revenue of Bengal was before the late Legislative Council, a Section was proposed, the object of which was to place the law in India on the same footing in this respect as the law at home, but the proposition was opposed on two grounds. The first ground was that the state of the Finances at the time would not admit of our giving up any source of Revenue, and that while we were imposing new taxes which would bear heavily on the poorer and lower classes, we ought not to remit any existing tax however wise it might be on principle to do so. The second ground was that no proper means existed in this country to prevent frauds on the Revenue.

With regard to the first of these grounds the improvement which has taken place in the state of the Finances since this ground of objection was urged, has enabled the Government to remove the taxes alluded to as those which would affect the poorer and lower classes, and Financial considerations no longer appear to offer any obstacle to granting some remission of duty, which has again been asked for, in favor of Spirits used in manufactures and arts, or in chemistry. The Government of Bengal supports the recommendation of the Board of Revenue at Calcutta for a reduction of the present duty on methylated Spirits, and these Authorities seem to anticipate no difficulty in adopting measures which will prevent any abuse

সংশোধনপূর্ব্বক যদি প্রথমোক্ত কথাক্রমে কোন২ যন্ত্রের মামুল আদায় করিতে না হয়, তবে সেই২ যন্ত্রের প্রয়োজনীয় অংশস্বরূপ যে দ্রব্য হয় তাহাও মুক্ত করা উচিত বোধ হইল।

১৮ প্রকরণের মন্তব্য কথাও কিঞ্চিৎ পরিবর্ত্তন করণের প্রস্তাব হইয়াছে। তাহার অভিপ্রায় এই। স্থানবিশেষের গবর্ণমেণ্টের অধীন কষ্টমহৌসের কার্য্যকারকেরা দ্রব্যবিশেষসম্পর্কে উক্ত প্রকরণের যে অর্থ করেন, তদ্বিষয়ে ঐ২ গবর্ণমেণ্ট, ভারতবর্ষের গবর্ণমেণ্টের সাধারণ আদেশানুসারে কার্য্য করত, কর্ত্তৃত্ব রাখিতে পারেন। কষ্টমের নূতন আইনের মুসাবিদাতে উক্ত ডিপার্টমেণ্টের সাধারণ কার্য্য সম্পর্কে তাদৃশ বিধান হইয়াছে। এই বিধানেতে সর্ব্বসাধারণ লোকের অনেক ক্লেশ নিবারণ হইতে পারিবে, ইহার সন্দেহ নাই। তদ্ভিন্ন কষ্টমদ্বারা রাজস্ব রক্ষার্থে ও নানা প্রসীডেন্সীর মধ্যে কার্য্য করিবার একি নিয়ম প্রচলিত করণার্থে সুপ্রীম গবর্ণমেণ্টের যে২ আদেশ আবশ্যক জ্ঞান হয় তাহা করিবার সম্পূর্ণ ক্ষমতা থাকিবে।

অপর উগ্র শরাবের উপর মামুল বিষয়ে উক্ত তফশীলের যে ২৩ প্রকরণ আছে তাহাও পরিবর্ত্তন করণের প্রস্তাব হইয়াছে। উক্ত প্রকরণমতে মনুষ্যেরদের পানাদির উপযুক্ত শরাবের উপর যে মামুল ধার্য্য হইয়াছে, শিল্পাদি কি কিমিয়া বিদ্যাতে ব্যবহার্য্য শরাব ও মেথুলাল নামক দ্রব্য মিশ্রিত উগ্র শরাব সমুদ্রপথে আনীত হইলে, তাহার উপরও সেই মামুল লাগে। কিন্তু তদ্রূপ কার্য্যাদিতে ব্যবহার্য্য শরাবের, ও পানাদির উপযুক্ত শরাবের মামুল বিশেষ করিলে, শিল্পাদি কর্ম্মের উৎসাহ বৃদ্ধি সম্ভাবনা। গ্রেট ব্রিটন ও এরলণ্ড দেশে কেবল নিয়মবিশেষে নিষেধ করিয়া স্পিরিট অফ ওয়াইন বিনামামুলে ব্যবহার হইবার অনুমতি আছে। এবং বঙ্গদেশের আবকারী রাজস্বের আইন সংশোধনার্থ আইনের মুসাবিদা যখন ব্যবস্থাপক কৌন্সেলের গোচরে ছিল, তখন উক্ত বিষয়ের যে বিধি ইংলণ্ড দেশে প্রচলিত আছে তাহা এতদ্দেশেও প্রচলিত করিবার মানসে এক ধারার প্রস্তাব হইয়াছিল, কিন্তু তাহাতে এই দুই কারণে আপত্তি হইয়াছিল, অর্থাৎ, তৎকালে রাজকোষে যে ধন ছিল তাহার অপ্রতুলতাপ্রযুক্ত আমরা রাজস্বোৎপাদক কোন দ্রব্য তুচ্ছ করিতে পারিলাম না, এবং যে সময়ে ইতর ও দরিদ্র লোকেরদের উপর নূতন টাক্স বসাইতেছিলাম সেই সময়ে যদ্দ্বারা টাক্স উৎপন্ন হইতেছে এমত কোন দ্রব্যের টাক্স উঠাইয়া দেওয়া যদিও যুক্তিসিদ্ধ হইতে পারে তথাপি উঠাইয়া দিতে পারি নাই। অন্য কারণ এই, এতদ্দেশে প্রতারণাক্রমে রাজস্বাপহরণ নিবারণের সদুপায় নাই।

এইক্ষণে রাজকীয় ধন বৃদ্ধি হওয়াতে, যে টাক্সদ্বারা ইতর ও দরিদ্র লোকেরদের ক্লেশ হইতে পারিত তাহা গবর্ণমেণ্ট রহিত করিতে পারিয়াছেন। অতএব প্রথমোক্ত আপত্তি এইক্ষণে বলবৎ নহে, এবং শিল্পাদি কর্ম্মে ও কিমিয়া বিদ্যাতে ব্যবহার্য্য শরাবের মামুল বিষয়ে যে প্রার্থনা পুনশ্চ হইয়াছে তাহা গ্রাহ্য করিতে রাজকীয় ধনের অপ্রতুলতাহেতুক বাধা নাই। তদ্রূপ শরাবের উপর এইক্ষণে যে মামুল ধার্য্য আছে তাহা ন্যূন করণার্থে কলিকাতার রেবিনিউ বোর্ডের সাহেবেরা যে পরামর্শ দিয়াছেন তাহাতে বঙ্গদেশের গবর্ণমেণ্টও সম্মত আছেন। এবং আইন পরিবর্ত্তন হওয়াতে যে কোন অন্যায় সম্ভাবনা তাহা নিবারণের সদুপায় করণবিষয়ে কর্ত্তৃত্বকারি সাহেবেরা কোন বাধার সম্ভাবনা জানেন না। কিন্তু বিনামামুলে তদ্রূপ শরাবের আমদানী হইবার অনুমতি দেওয়া অভি-

from taking place consequent on an alteration of the law. It is not however proposed to admit methylated Spirits free of duty. What is proposed is, that such Spirits shall be charged with duty at the rate of 10 per cent. *ad valorem*. The importation will also be subject to such rules as the Government shall from time to time prescribe for ascertaining that the Spirits are unfit for use as a beverage, and incapable of being converted to that purpose. Spirits distilled in the country and which may be intended to be used in arts or manufactures, or in chemistry, will be dealt with separately.

The third and last alteration proposed in the Schedule is the addition of an Article to exempt firewood, when imported by Sea, from the payment of duty, thereby placing firewood on the same footing as coke and coal which are admitted free of duty. Owing to the large consumption on the Railways and other causes, firewood has risen greatly in price, and in some parts of the country it is becoming very scarce. It is desirable to encourage its importation as much as possible, but the present high duty is found to operate as a serious impediment. The amount of Customs Revenue realized on this article is very trifling, and on Financial grounds there is no object in retaining the duty.

(Sd.) H. B. HARINGTON.

The 5th November 1862.

M. WYLIE,
Depy. Secy. to Govt. of India,
Home Department.

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 19th November 1862, and was referred to a Select Committee with instructions to make their Report thereon in six weeks:—

No. 55 OF 1862.

A Bill to regulate the admission of Appeals to Her Majesty in Council from certain Judgments and Orders in Provinces not subject to the General Regulations.

[Preamble.]

WHEREAS it is expedient to regulate the admission of Appeals to Her Majesty in Council from certain judgments and orders in Provinces not subject to the General Regulations; It is enacted as follows:—

[Admission of Appeal.]

I. If a party in a suit is desirous of preferring an Appeal to Her Majesty in Council from any final judgment, decree, or order made on Appeal or revision by the Court of highest Civil jurisdiction in any Province in British India not subject to the General Regulations, or from any such final judgment, decree, or order made in the exercise of original jurisdiction by the said Court, in any case

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২ ডিসেম্বর।]

প্রায় নয়। মূল্যের শত টাকার উপর ১০৲ টাকা হারে মাসুল গ্রহণের প্রস্তাব হইতেছে। আর সেই শরাব পানাদির অব্যবহার্য্য ও পানাদি কার্য্যের উপযুক্ত করা যাইতে পারে না ইহা নিশ্চয়করণার্থে যে বিধি গবর্ণমেণ্ট সময়ের নির্দ্দিষ্ট করেন, তদনুসারে তাহা আমদানী করণের নিয়ম হইবেক। শিল্প কর্ম্মাদিতে কি কিমিয়া বিদ্যাদিতে ব্যবহারার্থে যে শরাব দেশে প্রস্তুত হয় তাহার স্বতন্ত্র বিধি হইবেক।

তৃতীয়

উক্ত তফসীলের তৃতীয় প্রকার সংশোধন এই, জ্বালানি কাষ্ঠ সমুদ্রপথে আমদানী হইলে তাহার উপর মাসুল না লাগিবার নূতন এক প্রকরণ। এইক্ষণে কোক ও করলা বিনামাসুলে আমদানী হইয়া থাকে, এই প্রকরণদ্বারা জ্বালানি কাষ্ঠেরও সেই বিধি হইল। রেলরোডপ্রভৃতিতে অনেক কাষ্ঠ ব্যবহার হইয়া থাকে, ইত্যাদি কারণে জ্বালানি কাষ্ঠের মূল্যের অত্যন্ত বৃদ্ধি হইতে লাগিয়াছে ও দেশের কোনং স্থানে দুষ্প্রাপ্য হইয়াছে। অতএব তাহার আমদানী করণের উৎসাহ বৃদ্ধি করা অতিশয় ইষ্ট, কিন্তু এইক্ষণে উক্ত মাসুলপ্রযুক্ত বাধা হয়। এই দ্রব্যের মাসুল দ্বারা কিছু অধিক রাজস্ব হয় না অতএব সেই পক্ষেও ঐ মাসুল বলবৎ রাখার প্রয়োজন নাই।

এচ বি হারিংটন।

১৮৬২ সাল ৫ নবেম্বর।

এম ওয়াইলি।
হোম ডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

আইনের পশ্চাৎ লিখিত মুসাবিদা ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের আইন ও ব্যবস্থা করণার্থ কৌন্সেলে ১৮৬২ সালের ১৯ নবেম্বর তারিখে পাঠ হইয়া বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইল, তাঁহারদিগকে ছয় সপ্তাহের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিতে আদেশ হইয়াছে।

১৮৬২ সালের ৫৫ নম্বর।

সাধারণ আইনের অনধীন দেশে যে নিষ্পত্তি ও আজ্ঞা হয়, তাঁহার কোনং নিষ্পত্তির ও আজ্ঞার উপর হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে আপীল গ্রাহ্য হইবার বিধান করণার্থ আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

সাধারণ আইনের অধীন প্রদেশে যে নিষ্পত্তি ও আজ্ঞা হয়, এমত কোনং নিষ্পত্তির ও আজ্ঞার উপর হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে আপীল গ্রাহ্য হইবার বিধান করা বিহিত, এই হেতুতে পশ্চাৎ লিখিত বিধান হইতেছে।

[আপীল গ্রাহ্য হওনের কথা।]

১ ধারা। কোন মোকদ্দমায় ১০,০০০ টাকার কিম্বা সেই মূল্যের কোন বিষয়ের বিবাদ হইয়া, ব্রিটনীয় ভারতবর্ষস্থ সাধারণ আইনের অনধীন কোন প্রদেশে দেওয়ানী মোকদ্দমার বিচারার্থ অতি উচ্চ যে আদালত থাকে সেই আদালতের নিকটে ঐ মোকদ্দমার আপীল কি পুনর্বিচার হইয়া চূড়ান্ত যে নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুম হয় তাহার উপর, অথবা উক্ত মূল্যের মোকদ্দমায় উক্ত আদালতের আদৌ বিচার করিবার ক্ষমতাক্রমে মতক্রান্ত যে চূড়ান্ত

in which the sum or matter at issue is above the amount or value of 10,000 Rupees, or in which such judgment, decree, or order shall involve, directly or indirectly, any claim, demand, or question to or respecting property amounting to or of the value of 10,000 Rupees, or from any other final judgment, decree, or order made either on appeal or otherwise as aforesaid, when the said Court shall declare that the case is a fit one for appeal to Her Majesty in Council, such Court shall admit such Appeal subject to such rules and orders as shall be in force, or shall from time to time be made in that behalf by Her Majesty in Council in respect of such Appeals from Her Majesty's High Courts of Judicature in British India.

[Appeal from interlocutory judgments.]

II. It shall further be lawful for such Court at its discretion, upon the petition of any party who considers himself aggrieved by any preliminary or interlocutory judgment, decree, order or sentence of such Court in any such proceeding as aforesaid (not being of Criminal jurisdiction), to grant permission to such party to appeal against the same to Her Majesty in Council subject to such rules, regulations, and limitations as shall be in force, or as shall from time to time be declared by Her Majesty respecting Appeals from final judgments, decrees, orders, and sentences of Her Majesty's said High Courts of Judicature.

[Notice of Appeal to the other party.]

III. On the admission or permission of the Appeal by the Court as hereinbefore provided, the Court shall forthwith cause notice to be given to the other party that the Appellant has preferred an Appeal to Her Majesty in Council.

[Court may either enforce judgment taking security, or suspend execution pending Appeal.]

IV. The Court, if applied to, may either order the judgment or determination appealed against to be enforced, taking sufficent security for the performance of such order or decree as Her Majesty in Council may make on the Appeal; or it may direct, on similar security being found, that no order for enforcing the judgment or determination shall be issued pending the Appeal, and that, if any such order has been issued, it shall, so far as it has not been executed, be suspended.

[Appellant to find security for costs of Appeal.]

V. In either of the cases mentioned in the last preceding Section the Court shall require the Appellant to find security for the payment of such costs as it may think likely to be incurred by the Appeal.

[Time for presentation of Petition of Appeal.]

VI. If a party who is desirous of preferring an Appeal to Her Majesty in Council in any of the

নিষ্পত্তি কি ডিক্রী কি আজ্ঞা হয় তাহার উপর, কিম্বা তদ্রূপ কোন নিষ্পত্তিতে কি ডিক্রীতে কি আজ্ঞাতে অন্যূন ১০,০০০৲ টাকার কি সেই মূল্যের কোন দাওয়ার কি দাবীর কিম্বা কোন সম্পত্তির সম্পর্ক স্পষ্টরূপে কি চক্রান্তে হইল তাহার উপর, যদি ঐ মোকদ্দমার কোন পক্ষ হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে আপীল করিতে ইচ্ছুক হন, অথবা আপীলক্রমে কি পূর্ব্বোক্ত প্রকারান্তরের কোন চূড়ান্ত নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুম যে মোকদ্দমায় হয়, সেই মোকদ্দমা যদি উক্ত আদালত হজুর কৌন্সেল শ্রীশ্রীমতীর নিকটে আপীল হইবার উপযুক্ত প্রকাশ করেন,—তবে উক্ত আদালত তদ্রূপ আপীল গ্রাহ্য করিবেন, অর্থাৎ ব্রিটনীয় ভারতবর্ষস্থ শ্রীশ্রীমতীর হাই কোর্টের নিষ্পত্তির উপর তদ্রূপ আপীল বিষয়ে যেং বিধি ও আজ্ঞা প্রবল থাকে, কিম্বা হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী তদ্বিষয়ের যেং বিধি ও আজ্ঞা সময়েং করেন, তদনুসারে উক্ত আদালত ঐ আপীল গ্রাহ্য করিবেন ইতি।

[বিচার কার্য্য চলনকালে যে আজ্ঞা হয় তাহার উপর আপীলের কথা।]

২ ধারা। আর্ো ফৌজদারী মোকদ্দমার বিচারার্থ আদালতভিন্ন পূর্ব্বোক্ত প্রকারের কোন মোকদ্দমার বিচার কার্য্যের প্রথমাবস্থায় কি বিচার কার্য্য চলন সময়ে, উক্ত আদালত যে নিষ্পত্তি কি ডিক্রী কি আজ্ঞা কি দণ্ডাজ্ঞা করেন, তাহাতে কোন পক্ষ ক্ষতিগ্রস্ত হইয়াছে জ্ঞান করিয়া দরখাস্ত করিলে, সেই আদালত যদি বিবেচনামতে সেই পক্ষকে সেই নিষ্পত্তিপ্রভৃতির উপর হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতীর নিকটে আপীল করিতেঅনুমতি দিতে পারিবেন অর্থাৎ শ্রীশ্রীমতী মহারাণীর উক্ত হাই কোর্টের চূড়ান্ত নিষ্পত্তি ও ডিক্রী ও দণ্ডাজ্ঞা ও আজ্ঞার উপর আপীল করণবিষয়ে যেং বিধি ও বিধান ও সীমা প্রবল আছে কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীকর্ত্তৃক সময়েং নির্দ্ধারিত হয়, তদনুসারে আপীল করিবার অনুমতি দিবেন ইতি।

[বিপক্ষ ব্যক্তিকে আপীলের মর্ম্মাদ দেওয়ার কথা।]

৩ ধারা। পূর্ব্বলিখিত বিধানানুসারে আদালত আপীল গ্রাহ্য করিলে কি আপীল করিবার অনুমতি দিলে, আপেলান্ট হজুর কৌন্সেল শ্রীশ্রীমতীর নিকটে আপীল করিয়াছেন, এই সংবাদ উক্ত আদালত অগৌণে বিপক্ষ পক্ষকে দিবেন ইতি।

[প্রতিভূ গ্রহণ করিয়া নিষ্পত্তি প্রবল করিতে কিম্বা আপীল না হওয়াপর্য্যন্ত স্থগিত রাখিতে আদালতের ক্ষমতার কথা।]

৪ ধারা। যদি আদালতে দরখাস্ত হয়, তবে আপীলক্রমে হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতীর যে আজ্ঞা কি ডিক্রী হইবেক তদনুসারে কার্য্য হইবার উপযুক্ত প্রতিভূ লইয়া যে নিষ্পত্তির কি ডিক্রীর উপর আপীল হয় তাহা আদালত প্রবল করিবার আজ্ঞা করিতে পারিবেন, অথবা তদ্রূপ প্রতিভূলইয়া এমত আজ্ঞা করিতে পারিবেন যে, আপীলক্রমে মোকদ্দমার নিষ্পত্তি না হওয়াপর্য্যন্ত ঐ নিষ্পত্তি কি ডিক্রী প্রবল করণের কোন আজ্ঞা না হয়, কিম্বা যদি পূর্ব্বে তদ্রূপ আজ্ঞা বাহির হইয়া থাকে, তবে যে অংশ প্রবল না হইয়াছে তাহা স্থগিত থাকে ইতি।

[আপীলের খরচের প্রতিভূ আপেলান্টের দিবার কথা।]

৫ ধারা। ৪ ধারায় লিখিত কোন গতিকে আপীল করণের যত টাকা আদালতের বিবেচনায় ব্যয় হইতে পারে, আদালত আপেলান্টকে তত টাকার প্রতিভূ দিতে আজ্ঞা করিবেন ইতি।

[আপীলের দরখাস্ত দিবার সময়ের কথা।]

৬ ধারা। এই আইনের ১ কি ২ ধারায় লিখিত কোন মোকদ্দমায় কোন পক্ষ হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী

cases mentioned in Section I. or Section II. of this Act, shall require the assistance of the said Court for obtaining security from the other party for staying execution of the judgment, decree, order, or sentence that has been passed, or for any other purpose, he shall present his Petition to the said Court within six calendar months from the date of the judgment or determination appealed against.

মহারাণীর নিকটে আপীল করিতে ইচ্ছুক হইয়া, যদি অন্য পক্ষের দ্বারা নিষ্পত্তি কি ডিক্রী কি আজ্ঞা কি দণ্ডাজ্ঞা প্রবল করণ কার্য্য স্থগিত করণার্থে প্রতিভূ লইবার জন্যে, কিম্বা অন্য কোন কারণে উক্ত আদালতের সাহায্য প্রাপণের অপেক্ষা করেন, তবে যে নিষ্পত্তির কি ডিক্রীর উপর আপীল করিবেন, তাহার তারিখ অবধি ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামতের ছয় মাসের মধ্যে উক্ত আদালতে দরখাস্ত উপস্থিত করিতে হইবেক ইতি।

[If security be found inadequate, Court may require it to be increased.]

[প্রতিভূর অল্পতা হইলে তাহা বৃদ্ধি করিতে আদালতের আজ্ঞা করণের কথা।]

VII. If at any time pending an Appeal under this Act the security taken from either party appears inadequate, whether from the increase or improvement of the property forming the subject of appeal, or from the insufficiency of the securities, the Court before which the Appeal is pending may, on the application of the other party, require further security.

৭ ধারা। যে সম্পত্তির বিষয়ে আপীল হইয়াছে তাহার বৃদ্ধি কি সৌষ্ঠবপ্রযুক্ত, কিম্বা প্রতিভূগণের অপ্রতুলতা হেতুক, কোন পক্ষের স্থানে গৃহীত প্রতিভূ যদি এই আইনমতের আপীল উপস্থিতথাকন কোন সময়ে ন্যূন বোধ হয়, তবে যে আদালতের সম্মুখে আপীল উপস্থিত থাকে সেই আদালত অন্য পক্ষের দরখাস্তমতে অধিক প্রতিভূ দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[If additional security be not furnished.]

[অধিক প্রতিভূ না দিবার ফলের কথা।]

VIII. In default of such further security being found, if the original security was furnished by the Appellant, the Court may issue an order for enforcing the judgment or determination appealed against as if no such original security had been given; and if the original security was furnished by the respondent, the Court, so far as may be practicable, shall compel him to deliver up the property forming the subject of appeal, which shall be disposed of in conformity with such of the rules in force as may be applicable to the particular case.

৮ ধারা। উক্ত স্থলে অধিক প্রতিভূ না দেওয়া গেলে, সেই প্রথম প্রতিভূ যদি আপেলাণ্টের দ্বারা দত্ত হইয়া থাকে তবে যে নিষ্পত্তির কি ডিক্রীর উপর আপীল হইয়াছে তাহা উক্ত আদালত সেই প্রথম প্রতিভূ দত্ত না হওয়ার মতে প্রবল করিবার আজ্ঞা করিতে পারিবেন। ও যদি রিস্পাণ্ডেণ্ট সেই প্রথম প্রতিভূ দিয়া থাকেন; তবে যে সম্পত্তির বিষয়ে আপীল হয়, সেই সম্পত্তি, আদালত যেপর্য্যন্ত সাধ্য হয় সেই পর্য্যন্ত তাঁহাকে ত্যাগ করাইবেন, পরে সেই বিষয়বিশেষে প্রচলিত বিধি যেপর্য্যন্ত বর্ত্তে তদনুসারে ঐ সম্পত্তিবিষয়ে কার্য্য হইবেক ইতি।

[Proceedings in the suit appealed to be forwarded to Her Majesty in Council.]

[আপীলী মোকদ্দমার যে কার্য্য পূর্ব্বে হইয়াছে তাহার কাগজপত্র হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতীর নিকটে পাঠাইতে হইবার কথা।]

IX. In every case of Appeal under this Act the Court shall certify and transmit to Her Majesty in Council under the seal of the Court two true and correct copies of all evidence, proceedings, judgments, decrees, and orders had or made in the case appealed, so far as the same have relation to the matters of appeal, together with a copy of the reasons given by such Court for or against the judgment or determination appealed against.

৯ ধারা। এই আইনমতে যে প্রত্যেক মোকদ্দমার উপর আপীল হয়, সেই মোকদ্দমায় আপীলের বিষয়সম্পর্কীয় যে সকল প্রমাণ লওয়া গিয়াছে ও যে সকল কার্য্য ও নিষ্পত্তি ও ডিক্রী ও আজ্ঞা হইয়াছে, কি করা গিয়াছে, তাহার দুই কেতা প্রকৃত ও যথার্থ নকল, ও যে নিষ্পত্তির কি ডিক্রীর উপর আপীল হয় তাহার সপক্ষ কি বিপক্ষ যে সকল হেতু ঐ আদালত জ্ঞাত করিলেন তাহারও এক কেতা নকল, ঐ আদালত সর্টিফিকট লিখিয়া ও মোহর দিয়া হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতীর নিকটে প্রেরণ করিবেন ইতি।

[Expense of copying and translating papers in Appeals to be paid by Appellants.]

[আপীলী মোকদ্দমায় কাগজপত্রের নকল ও তর্জ্জমা করিবার খরচ আপেলাণ্টের দিতে হইবার কথা।]

X. The expense of preparing the two aforesaid copies, and of translating into English so much of the original documents as may not be in that language, shall be defrayed by the party prosecuting the Appeal.

১০ ধারা। পূর্ব্বোক্ত দুই কেতা নকল করিবার, ও আসল যে২ দলীল ইঙ্গলণ্ডীয় ভাষায় লেখা না থাকে তাহা সেই ভাষায় তর্জ্জমা করিবার খরচ, যে পক্ষ আপীল করেন তাঁহার দিতে হইবেক ইতি।

[Court to require a deposit for such expense as a preliminary to admission of Appeal.]

[আপীল গ্রাহ্য হইবার পূর্ব্বে সেই খরচ জামিন করিতে আদালতের আজ্ঞা করিবার কথা।]

XI. The Court shall cause the deposit by the Appellant, within the time allowed for furnishing security for costs of Appeal, of such a sum as shall be sufficient to cover the expense of making the two aforesaid copies, and when such deposit shall have been made, and not till then, to declare the Appeal admitted, and to give notice thereof to the Appellant and respondent respectively.

১১ ধারা। আপীলের খরচের জামিন দিবার যে সময় নির্দ্ধারিত হইয়াছে সেই সময়ের মধ্যে পূর্ব্বোক্ত দুই কেতা নকল করিবার ব্যয় শোধের উপযুক্ত টাকা সমর্পণ করিতে আদালত আপেলাণ্টকে আজ্ঞা করিবেন সেই টাকা আমানত হইলে পর আপীল গ্রাহ্য হওয়া প্রকাশ হইবেক, ও তদ্বিষয়ের সংবাদ আপেলাণ্টকে ও রিস্পাণ্ডেণ্টকে দেওয়া যাইবেক, কিন্তু তৎপূর্ব্বে নয় ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২ ডিসেম্বর।]

[Either party, on paying for the same, may obtain copy of any paper.]

XII. Either party, on application, may obtain one or more authenticated copies of any of the papers in the suit on paying the reasonable expenses incurred in preparing them.

[And of any local regulation or law.]

XIII. Either party, in like manner, may obtain an authenticated copy of any local regulation or law which he may require in the Appeal.

[Decrees of Her Majesty in Council how to be executed.]

XIV. The orders or decrees of Her Majesty in Council, when duly certified, shall be enforced and executed, under the directions of the said Court, by the Judge or Officer by whom the suit was originally tried in the manner and according to the rules and laws applicable to the execution and enforcement of original orders or decrees made by such Judge or Officer.

[Execution how to be obtained.]

XV. Any party desirous of enforcing or obtaining execution of any such decree or order made in Appeal as aforesaid, shall present a petition for that purpose to the Court which made the first decree or order appealed from, and the said petition shall be accompanied by a certified copy of the decree or order made in Appeal and sought to be enforced or executed.

[Appeal from order of enforcement.]

XVI. An Appeal shall lie from any decree or order made by such last mentioned Court relating to the enforcement or execution of any such decree or order made in appeal as aforesaid in the same manner and subject to the same laws, rules, and regulations as an Appeal from an order or decree made upon a petition for the enforcement of execution of the decree or order first appealed from, would have been.

[Court of highest Civil jurisdiction may execute decrees by order of Her Majesty in Council.]

XVII. Nothing herein contained shall be construed so as to prevent the said Court of highest Civil jurisdiction from enforcing or obtaining execution of a decree or order made or passed by Her Majesty in Council, if Her Majesty in Council shall think fit to decree or order the said Court to enforce or execute the same.

[Saving of Her Majesty's power as to receiving or rejecting Appeals.]

XVIII. Nothing in this Act contained shall be understood to bar the full and unqualified exercise of Her Majesty's pleasure upon all Appeals

[*Government Gazette, 2nd December*, 1862.]

[কোন পক্ষ কোন কাগজপত্রের নকল করিবার খরচ দিয়া তাহার নকল পাইবার কথা।]

১২ ধারা। কোন পক্ষ দরখাস্ত করিয়া মোকদ্দমা-সম্পর্কীয় কোন কাগজপত্রের স্বাক্ষরিত এক কি ততোধিক নকল প্রস্তুত করিবার উপযুক্ত খরচ দিয়া সেই নকল পাইতে পারিবেন ইতি।

[ও স্থানবিশেষের কোন আইনের কি ব্যবস্থার নকল পাইতে পারিবার কথা।]

১৩ ধারা। আপীলের নিমিত্তে স্থানবিশেষের কোন আইনের কি ব্যবস্থার স্বাক্ষরিত নকল কোন পক্ষের প্রয়োজন হইলে, তিনি উক্তপ্রকারে তাহা পাইতে পারিবেন ইতি।

[হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতীর যে ডিক্রী হয় তাহা জারী হইবার নিয়মের কথা।]

১৪ ধারা। হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণী যে ডিক্রী কি আজ্ঞা করেন, তাহাতে যখন উপযুক্তমতে সর্টিফিকট দেওয়া যায়, তখন যে জজ সাহেব কি যে কার্য্যকারক প্রথমে ঐ মোকদ্দমার বিচার করেন, তাঁহারই দ্বারা উক্ত আদালতের আদেশানুসারে ঐ ডিক্রী কি আজ্ঞা প্রবল করা যাইবেক, ও তদনুযায়ি কার্য্য হইবেক, অর্থাৎ উক্ত জজ সাহেব কি কার্য্যকারক প্রথম যে আজ্ঞা কি ডিক্রী করেন তদনুযায়ি কার্য্য হইবার ও তাহা প্রবল করিবার যে নিয়ম আছে ও তদ্বিষয়ে যে২ বিধি ও ব্যবস্থা বর্ত্তে, তদনুসারে ঐ আজ্ঞা কি ডিক্রী সফল করা যাইবেক ইতি।

[আজ্ঞা কি ডিক্রী যেরূপে সফল করা যাইবে তাহার কথা।]

১৫ ধারা। পূর্ব্বোক্তমতের আপীল হইয়া যে ডিক্রী কি আজ্ঞা করা যায়, তাহা কোন পক্ষ প্রবল করিতে কিম্বা তদনুযায়ি কার্য্য করাইতে ইচ্ছুক হইলে, যে আদালতের প্রথম ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল হয়, সেই আদালতে তিনি উক্ত অভিপ্রায়ার্থে দরখাস্ত করিবেন, এবং আপীলক্রমে প্রাপ্ত যে ডিক্রী কি আজ্ঞা প্রবল কি সফল করাইতে চেষ্টা করেন তাহার সর্টিফিকটযুক্ত নকলও তাঁহার সেই দরখাস্তের সঙ্গে দিতে হইবেক ইতি।

[প্রবল করিবার আজ্ঞার উপর আপীলের কথা।]

১৬ ধারা। প্রথমে যে ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল হইয়াছে, তাহা প্রবল কি সফল করিবার দরখাস্তক্রমে যে আজ্ঞা কি ডিক্রী করা যায়, তাহার উপর যেরূপে ও যে২ আইন ও বিধি ও ব্যবস্থামতে আপীল হইতে পারে, পূর্ব্বোক্ত প্রকারের আপীলক্রমে করা কোন ডিক্রী কি আজ্ঞা প্রবল কি সফল করণসম্পর্কে শেষোক্ত আদালত যে কোন ডিক্রী কি আজ্ঞা করেন তাহার উপরও সেইরূপে ও সেই২ আইন ও বিধি ও ব্যবস্থামতে আপীল হইতে পারিবেক ইতি।

[হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞা হইলে, দেওয়ানী অতি উচ্চ ক্ষমতাপন্ন আদালতকর্ত্তৃক ডিক্রী সফল হইতে পারিবার কথা।]

১৭ ধারা। হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণী যে ডিক্রী কি আজ্ঞা করেন তাহা যদি শ্রীশ্রীমতী মহারাণী হজুর কৌন্সেলে দেওয়ানী অতি উচ্চ ক্ষমতাপন্ন আদালতকর্ত্তৃক প্রবল কি সফল হইবার আজ্ঞা করা উচিত বোধ করেন, তবে সেই আদালতকর্ত্তৃক ঐ ডিক্রী কি আজ্ঞা প্রবল কি সফল করা যাইতে পারিবেক, ইহার কোন বাধা এই আইনের কোন কথাদ্বারা হইতে পারিবেক না ইতি।

[আপীল গ্রাহ্য কি অগ্রাহ্য করিতে শ্রীশ্রীমতীর ক্ষমতার কথা।]

১৮ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে আপীল করা কোন মোকদ্দমা শ্রীশ্রীমতী অগ্রাহ্য জ্ঞান করিলে অগ্রাহ্য করিতে পারিবেন, কিম্বা গ্রহণোপযুক্ত জ্ঞান করিলে

to Her, either in rejecting any she may consider inadmissible, or in receiving any she may judge admissible.

[Interpretation of "British India."]

XIX. The words "British India" denote the Territories which are or may become vested in Her Majesty by the said Statute 21 and 22 Vic. c. 106, entitled "An Act for the better Government of India."

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE object of this Bill is to extend to the Non-Regulation Provinces the Rules relating to the admission of Appeals to Her Majesty in Council, and to the execution of the decrees passed on such Appeals which are now in force in the Regulation Provinces of the three Presidencies.

The right of Her Majesty to admit Appeals from decisions passed by the Courts in the Non-Regulation Provinces, equally with Appeals from the decisions passed by the Courts in the Regulation Provinces, is not questioned. But there is no law empowering the Courts in the Non-Regulation Provinces to allow or even to receive Appeals from their decisions to the Queen in Council, or, of their own authority, to transmit the records of the cases in which the Appeal is made, or a translation of the papers, to England. The consequence is that parties wishing to appeal to the Queen in Council from decisions passed by the Courts in the Non-Regulation Provinces, are compelled to prefer their Appeals direct to the Privy Council, and an order has to be sent from home for the translation of the papers and their transmission to England. This necessarily adds to the expense of the Appeal, and also causes delay in the hearing and decision of the Appeal. The present Bill is introduced in consequence of the receipt of a communication from the Registrar of the Privy Council, intimating that, in the opinion of the Lords of the Judicial Committee of the Privy Council, measures should be taken to place the prosecution of Appeals from the highest Civil tribunals in the Non-Regulation Provinces on the same footing as Appeals to Her Majesty in Council from the Courts in the Presidencies of Bengal, Madras, and Bombay.

It is proposed shortly to revise the existing rules relating to Appeals to Her Majesty in Council from the Courts in this country, and to frame a new Code of Rules to regulate such Appeals; but some time must necessarily elapse before the new Code is ready for promulgation.

(Sd.) H. B. HARINGTON.

The 5th November, 1862.

M. WYLIE,

Depy. Secy. to the Govt. of India,
Home Department.

গ্রাহ্য করিতে পারিবেন, এতদ্বিষয়ে শ্রীশ্রীমতীর যেচ্ছাধীনে সম্পূর্ণ ও অবাধিতরূপে কার্য্য করণের যে ক্ষমতা আছে তাহা এই আইনের কোন কথাদ্বারা নিবারিত হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[ব্রিটনীয় ভারতবর্ষ এই কথার অর্থ।]

১৯ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষ এই শব্দেতে ভারতবর্ষের আরো উত্তমরূপে কর্ত্তব্য করিবার আইন নামে মহারাণী বিকটরিয়ার ২১ ও ২২ বৎসরের উক্ত আইনের ১০৬ অধ্যায়ক্রমে যে সকল দেশ শ্রীশ্রীমতী প্রতি বর্ত্তিয়াছে কি বর্ত্তিবেক সেই দেশকে বুঝাইবে ইতি।

অভিপ্রায় ও হেতু বর্ণনা।

হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে আপীল গ্রাহ্য হওনের, ও সেই আপীলক্রমে যে২ ডিক্রী হয় তাহা সফল করণের যে সকল বিধি এইক্ষণে তিন প্রসীডেন্সীর আইনের অধীন দেশে প্রচলিত আছে তাহা আইনের অনধীন দেশেও প্রচলিত করা এই মুসাবিদার অভিপ্রায়।

আইনের অধীন প্রদেশের আদালতকর্ত্তৃক যে নিষ্পত্তি, তাহার উপর শ্রীশ্রীমতীর আপীল গ্রাহ্য করণের অধিকার যেমন আছে তেমনি আইনের অনধীন প্রদেশের আদালতের নিষ্পত্তির উপর আপীল গ্রাহ্য করিবার অধিকার আছে ইহার সন্দেহ নাই। কিন্তু আইনের অনধীন প্রদেশের কোন আদালত যে নিষ্পত্তি করেন তাহার উপর হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে কোন আপীল করিবার অনুমতি দিতে কিম্বা তাহা গ্রাহ্য করিতে, কিম্বা যে মোকদ্দমার উপর আপীল হয় সেই মোকদ্দমাসম্পর্কীয় কাগজপত্র কি সেই কাগজপত্রের তর্জ্জমা স্বীয় ক্ষমতাক্রমে ইঙ্গলণ্ডে পাঠাইতে এই আদালতের কোন ক্ষমতা কোন আইনমতে হয় নাই। যদতঃ আইনের অনধীন প্রদেশের আদালতের নিষ্পত্তির উপর যাঁহারা হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে আপীল করিতে চাহেন, তাঁহাদের একেবারে প্রিবি কৌন্সেলে আপীল উপস্থিত করিতে হয়, পরে কাগজপত্র অনুবাদ করিয়া ইঙ্গলণ্ডে পাঠাইবার আজ্ঞা সেই দেশহইতে পাঠান যায়। ইহাতে আপীলের খরচ অত্যন্ত বৃদ্ধি হয়, ও আপীল শুনিবার ও নিষ্পত্তি করিবার অত্যন্ত বিলম্ব হয়। এইক্ষণে বঙ্গ ও মাদ্রাজ ও বোম্বাই প্রসীডেন্সীর আদালতহইতে হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে যে নিয়মমতে আপীল হইতে পারে, সেই নিয়মানুসারে আইনের অনধীন প্রদেশের অত্যুচ্চ দেওয়ানী আদালতের নিষ্পত্তির উপর আপীল করিবার কোন বিধান করা উচিত, প্রিবি কৌন্সেলের জুডিসিয়ল কমিটীর লার্ড সাহেবেরদের এই মত জ্ঞাপক এক পত্র, প্রিবি কৌন্সেলের রেজিস্ট্রার সাহেবের স্থানে প্রাপ্ত হওয়াতে এই মুসাবিদা উপস্থিত করা গিয়াছে।

এদেশীয় আদালতহইতে হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে আপীল হইবার যে বিধি এইক্ষণে প্রচলিত আছে তাহা অল্পকাল পরে সংশোধন করিয়া সেই আপীলের বিধানের নূতন বিধি সংগ্রহ করিবার কল্পনা আছে। কিন্তু সেই নূতন আইন প্রচলিত করণের অগত্যা বিলম্ব হইবেক।

এচ বি হারিংটন।

১৮৬২ সাল ৫ নবেম্বর।

এম ওয়াইলি।
হোম ডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant-Governor of Bengal in Council, having received the assent of His Honor on the 21st November 1862, was assented to by His Excellency the Governor General on the 24th idem, and is hereby promulgated for general information :—

ACT No. IX. OF 1862.

An Act to amend the law relating to the appointment of Registers of Deeds, and to provide for the establishment of Deputy Register Offices.

[Preamble.]

WHEREAS it is expedient to amend the law relating to the appointment of Registers of Deeds in the Provinces subject to the Government of Bengal; and whereas the establishment of Deputy Register Offices will be attended with convenience to the public; and whereas instances have occurred of persons exercising the office of Register of Deeds, with regard to the legality of whose appointment to that office doubts have arisen; It is enacted as follows :—

[Laws repealed.]

I. Section XV. of Regulation XXXVI. 1793, Act XXX. of 1838 with the exception of Section V. of that Act, Sections I., II., and III. of Act IV. of 1845, and Act XI. of 1851, are hereby repealed.

[The Lieutenant Governor may appoint "District Registers."]

II. The Lieutenant Governor of Bengal may, in each and every District of the Provinces subject to the Government of Bengal, appoint any person whom he may think fit to be a Register of Deeds in and for such District under the provisions of the Laws and Regulations as to the registration of deeds now in force in those Provinces. Every Register so appointed shall be styled the "District Register" of the District to which he is appointed, and his Office shall be styled the "District Register Office."

[The Lieutenant Governor may appoint "Deputy Registers."]

III. The Lieutenant Governor of Bengal may establish subordinate Offices of Registry for such Sub-Divisions of Districts or at such places as shall to him seem proper, and every such subordinate Office shall be styled a "Deputy Register Office" of the District in which it is situated: and the Lieutenant Governor of Bengal may appoint any person whom he may think fit to the charge of such "Deputy Register Office," and the person so appointed shall be styled a "Deputy Register" of the District to which the Office of which he has charge belongs.

[Limits of Sub-Divisions for Deputy Register Offices to be fixed by the Lieutenant Governor.]

IV. The Lieutenant Governor of Bengal shall fix the limits of the various Sub-Divisions and

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক ডিপার্টমেণ্ট।

হুজুর কৌন্সেলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের পশ্চাৎ লিখিত আইনেতে উক্ত শ্রীযুক্ত ১৮৬২ সালের নবেম্বর মাসের ২১ তারিখে ও শ্রীলশ্রীযুক্ত গবর্নর জেনরল বাহাদুর ঐ মাসের ২৪ তারিখে স্বীয় সম্মতি প্রকাশকরিয়াছেন। তাহা এইক্ষণে সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬২ সালের ৯ আইন।

দলীলদস্তাবেজের রেজিষ্টরদিগকে নিযুক্ত করণের আইন সংশোধন করিবার ও ডেপুটী রেজিষ্টরের আফিস স্থাপন করিবার আইন।

[হেতুবাদ।]

বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন প্রদেশে দলীলদস্তাবেজের রেজিষ্টরদিগকে নিযুক্ত করণের আইন সংশোধন করা বিহিত। ও ডেপুটী রেজিষ্টরের আফিস স্থাপন হইলে সাধারণ লোকেরদের অনেক সুবিধা হইবেক। ও দলীলদস্তাবেজের রেজিষ্টরী কর্ম্মে যাঁহারদের নিযুক্তহওয়ার আইনসিদ্ধতা বিষয়ে সন্দেহ হইয়াছে, এমন কএক ব্যক্তি সেই পদের কর্ম্ম কখন২ নির্ব্বাহ করিয়াছেন। এই২ কারণে এই২ বিধান হইল।

[যে২ আইন রদ হইল তাহার কথা।]

১ ধারা। ১৭৯৩ সালের ৩৬ আইনের ১৫ ধারা, ও ১৮৩৮ সালের ৩০ আইনের ৫ ধারাভিন্ন ঐ আইন এবং ১৮৪৫ সালের ৪ আইনের ১, ২, ৩ ধারা ও ১৮৫১ সালের ১১ আইন এই ধারাক্রমে রদ হইল ইতি।

[জিলার রেজিষ্টরদিগকে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের নিযুক্ত করিবার কথা।]

২ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন প্রদেশের প্রত্যেক জিলার মধ্যে যাঁহাকে উপযুক্ত বোধ করেন তাঁহাকে, দলীলদস্তাবেজের রেজিষ্টরী করণবিষয়ি যে২ আইন ও ব্যবস্থা এইক্ষণে সেই২ প্রদেশে প্রচলিত আছে তাহার বিধানানুসারে, ঐ জিলাতে ও ঐ জিলার নিমিত্তে দলীলদস্তাবেজের রেজিষ্টর পদে নিযুক্ত করিতে পারিবেন। তদ্রূপে যে প্রত্যেক রেজিষ্টর নিযুক্ত হইবেন তিনি যে জিলাতে নিযুক্ত হন সেই "জিলার রেজিষ্টর" নামে খ্যাত হইবেন, ও তাঁহার আফিসের নাম "জিলার রেজিষ্টরী আফিস" হইবেক ইতি।

[ডেপুটী রেজিষ্টরদিগকে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের নিযুক্ত করিবার কথা।]

৩ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব জিলার যে২ খণ্ড কি স্থান উপযুক্ত বোধ করেন তাহাতে রেজিষ্টরী করিবার অধীন আফিস স্থাপন করিতে পারিবেন। ও তদ্রূপ অধীন প্রত্যেক আফিস যে জিলাতে স্থাপন হয় সেই জিলার "ডেপুটী রেজিষ্টরী আফিস" নামে খ্যাত হইবেক। ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যাঁহাকে উপযুক্ত বোধ করেন এমত কোন ব্যক্তিকে ঐ "ডেপুটী রেজিষ্টরী আফিসের" তত্ত্বাবধারণের কার্য্যে নিযুক্ত করিতে পারিবেন। ও তদ্রূপ নিযুক্ত ব্যক্তি যে আফিসের তত্ত্বাবধারণ করেন, তাহা যে জিলার মধ্যে থাকে, সেই জিলার "ডেপুটী রেজিষ্টর" নামে খ্যাত হইবেন ইতি।

[ডেপুটী রেজিষ্টরী আফিসের জিলাখণ্ডের সীমা গবর্ণমেণ্টের দ্বারা নিরূপিত হইবার কথা।]

৪ ধারা। ডেপুটী রেজিষ্টরী আফিস যে২ জিলাখণ্ডে ও স্থানে স্থাপিত হয় তাহার সীমা বঙ্গদেশের শ্রীযুত

places for or at which the Deputy Register Offices are established, and may, from time to time, alter the limits so fixed.

[Subject to this act, all registration to be effected as provided by the existing Regulations and Acts.]

V. Except as in this Act provided, the registration of deeds at any "District Register Office" or "Deputy Register Office" shall be subject to all the Laws and Regulations now in force as to the registration of deeds, in the same way as if the Register Offices to be established under this Act had been expressly mentioned or referred to throughout such Laws and Regulations.

[Clauses 2 and 3, Section VI. of Regulation XX. 1812 not to be applicable to Deputy Registers or their Offices.]

VI. Clauses 2 and 3, Section VI. of Regulation XX. 1812, shall not be applicable to Deputy Register Offices or Deputy Registers for the registry of deeds under this Act.

[In case of death or absence on leave of Register, some person to be appointed by Zillah Judge, &c., to temporary charge of Register Office.]

VII. In case of the death or absence on leave or otherwise of any District Register or Deputy Register, it shall be lawful for the Zillah Judge or other Officer specially authorised by Government in that behalf, to appoint any person whom he may think fit to take temporary charge of the Office of such District Register or Deputy Register, and to register deeds in the same manner as if such person had been appointed to the Office by the Lieutenant Governor of Bengal.

[Deeds may be registered in any Office, wherever the land may be situated.]

VIII. Deeds may be registered in any District Register Office or in any Deputy Register Office established under this Act, whether such Office be or to be not in the District, Sub-Division, or place where the property to which such deeds relate, or any part thereof, is situated.

[Deputy Register to forward a copy to District Register.]

IX. Whenever a deed is tendered for registration in any Deputy Register Office, it shall be the duty of the Deputy Register of that Office to require the person tendering the deed to furnish and leave with him two copies thereof attested as prescribed in Clause 1, Section II. of Regulation XX. 1812. One of such copies shall be forwarded by the Deputy Register to the District Register of the District within which his Office is situate, and the District Register on receiving such copy shall register the same as if it had been presented to him in the first instance by the person registering. All fees required for registration shall be paid, by or on behalf of the per-

লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নির্দ্ধার্য্য করিবেন, ও সময়ে২ তদ্রূপ নির্দ্ধারিত সীমা পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

[রেজিষ্টরী করণ কার্য্য, এই আইন বলবৎ রাখিয়া প্রচলিত আইনের ও আক্টের বিধানমতে করিতে হইবার কথা।]

৫ ধারা। কোন "জিলার রেজিষ্টরী আফিসে" কি "ডেপুটী রেজিষ্টরী আফিসে" দলীলদস্তাবেজ রেজিষ্টরকরণের যে বিধান এই আইনেতে হইয়াছে তাহা বলবৎ রাখিয়া দলীলদস্তাবেজ রেজিষ্টর করণবিষয়ে যে সকল আইন ও ব্যবস্থা এইক্ষণে প্রবল আছে, তদনুসারে ঐ রেজিষ্টরী করণকার্য্য হইবেক, অর্থাৎ এই আইনমতে যে২ রেজিষ্টরী আফিস স্থাপিত হইবেক, তাহা সেই২ আইনের ও ব্যবস্থার সমস্ত ধারাতে স্পষ্টরূপে ব্যক্ত কি উল্লিখিত থাকিলে যেরূপে হইত সেইরূপে হইবেক ইতি।

[১৮১২ সালের ২০ আইনের ৬ ধারার ২ ও ৩ প্রকরণ ডেপুটী রেজিষ্টরেরদের ও তাঁহারদের আফিসের প্রতি না খাটিবার কথা।]

৬ ধারা। ১৮১২ সালের ২০ আইনের ৬ ধারার ২ ও ৩ প্রকরণ এই আইনমতে দলীলদস্তাবেজ রেজিষ্টরী করণার্থে ডেপুটী রেজিষ্টরী আফিসের কি ডেপুটী রেজিষ্টরেরদের প্রতি খাটিবে না ইতি।

[রেজিষ্টর মরিলে কি ছুটী লইয়া অনুপস্থিত থাকিলে কোন ব্যক্তির কিয়ৎকালের নিমিত্তে ঐ রেজিষ্টরী আফিসের তত্ত্বাবধারণের কার্য্যে জিলার জজ সাহেবপ্রভৃতির দ্বারা নিযুক্ত হইবার কথা।]

৭ ধারা। যখন কোন জিলার রেজিষ্টর কি ডেপুটী রেজিষ্টর মরেন কিম্বা ছুটী লইয়া কি প্রকারান্তরে অনুপস্থিত থাকেন, তখন জিলার জজ সাহেব, কিম্বা তৎকার্য্যার্থে গবর্ণমেণ্টদ্বারা বিশেষমতের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সাহেব, যাঁহাকে উপযুক্ত বোধ করেন এমত কোন ব্যক্তিকে, কিয়ৎকালের নিমিত্তে ঐ জিলার রেজিষ্টরী কি ডেপুটী রেজিষ্টরী আফিসের কর্ম্মের ভার গ্রহণার্থে, ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবকর্ত্তৃক নিযুক্ত হওয়ার ন্যায় দলীল রেজিষ্টরী করণার্থে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

[ভূমি যে কোন স্থানে থাকে তাহার দলীল কোন আফিসে রেজিষ্টর করিতে পারিবার কথা।]

৮ ধারা। দলীল যে ভূমিবিষয়ের হয় তাহার সমুদয় কি কোন অংশ যে জিলার কি জিলাখণ্ডের কি স্থানের অন্তর্গত হউক, সেই দলীল এই আইনমতে স্থাপিত সেই কি অন্য কোন জিলার রেজিষ্টরী আফিসে কি ডেপুটী রেজিষ্টরী আফিসে রেজিষ্টর হইতে পারিবেক ইতি।

[এক কেতা নকল জিলার রেজিষ্টরের নিকটে ডেপুটী রেজিষ্টরের পাঠাইবার কথা।]

৯ ধারা। যখন কোন দলীল কোন ডেপুটী রেজিষ্টরী আফিসে রেজিষ্টর হওনার্থে উপস্থিত করা যায়, তখন যে ব্যক্তি ঐ দলীল উপস্থিত করেন তাঁহাকে ঐ আফিসের ডেপুটী রেজিষ্টর আজ্ঞা করিবেন যে, ঐ দলীলের দুই কেতা নকল, ১৮১২ সালের ২০ আইনের ২ ধারার ১ প্রকরণমতে সাক্ষি দ্বারা স্বাক্ষর করাইয়া আপনার নিকটে রাখিয়া যান। ঐ ডেপুটী রেজিষ্টরের আফিস যে জিলার মধ্যে থাকে, সেই জিলার রেজিষ্টরের নিকটে তিনি উক্ত দুই কেতার এক কেতা পাঠাইবেন, ও জিলার রেজিষ্টর সেই নকল প্রাপ্ত হইলে তাহা রেজিষ্টর করিবেন, অর্থাৎ রেজিষ্টরকারক ব্যক্তির দ্বারা তাহা প্রথমে তাঁহার নিকটে উপস্থিত করা গেলে যেমত করিতেন সেই মত করিবেন। রেজিষ্টর করিবার জন্যে যে সকল ফীস দিতে হয়, তাহা যে ব্যক্তি ঐ দলীল রেজিষ্টর করি-

son tendering the deed for registration, before the same is registered.

[If property be not within the District, or be within several Districts, copy to be sent to the Office of the District in which it lies or to each District Office within whose limits any part of it lies.]

X. When no part, or a portion only, of the property to which a deed, registered in the Office of any District or Deputy Register, relates, is situated within the District in which the deed is registered, it shall further be the duty of the Registering Officer to forward a copy of the deed as registered in his Office, to the District Register Office of every District in which any part of such property is situated. Such copies or copy shall be furnished and attested as prescribed in Clause 1, Section 11. of Regulation XX. 1812; and every District Register receiving a copy so forwarded shall duly register it, as if it had been presented to him in the first instance by the person registering. For every such copy required for transmission to any other District Register Office as aforesaid, the person registering shall pay the whole fee usually payable on registration.

[All fees received are to be accounted for to Government. Government to pay Registers' salaries thereout.]

XI. All fees received by any District Register or Deputy Register of Deeds appointed under this Act, shall be accounted for to Government in such manner as the Government may direct, and out of the fees so accounted for, whether received by one Office or by more than one Office, the Government shall pay to the District Registers and Deputy Registers so appointed as aforesaid such salaries as it shall think proper.

[Government to allow to the Register Offices suitable Establishments and to pay for them out of the fee fund.]

XII. So much of Section XIV. of Regulation XXXVI. 1793, as provides that from the fees in that Section mentioned the Register shall provide the necessary Native Officers to make the entries and copies directed as well as the required stationery, is hereby repealed as regards all District Registers and Deputy Registers appointed under this Act; and it is hereby provided that the Government may allow such Establishments to the several District Registers and Deputy Registers appointed under this Act as may be necessary for the efficient conduct of the duties of their respective Offices, and the cost of such Establishments shall be paid by Government out of the fees accounted for as directed in the last preceding Section: and all the expenses connected with the said District and Deputy Register Offices respectively, including the supply

বার জন্যে উপস্থিত করেন তিনি, কিম্বা তাঁহার পক্ষে কোন ব্যক্তি, ঐ দলীল রেজিষ্টর হওনের পূর্ব্বে দিবেন ইতি।

[সম্পত্তি যদি সেই জিলারমধ্যে না থাকে, কিম্বা ভিন্ন২ জিলাতে থাকে, তবে যে জিলাতে থাকে সেই জিলার আফিসে কি তাঁহার কোন অংশ যে২ জিলাতে থাকে তাহার প্রত্যেক জিলার আফিসে, ঐ দলীলের নকল পাঠাইবার কথা।]

১০ ধারা। কোন জিলার কি ডেপুটী রেজিষ্টরী আফিসে যে দলীল রেজিষ্টর করা যায়, তাহা যে সম্পত্তি সম্পর্কীয় হয়, সেই সম্পত্তির কোন অংশ দলীল যে জিলাতে রেজিষ্টর হইয়াছে সেই জিলার মধ্যে না থাকিলে, কিম্বা কেবল একাংশ সেই জিলার মধ্যে থাকিলে, যে কর্ম্মকারক ঐ দলীল রেজিষ্টর করিলেন তাঁহার অধিকন্তু কর্ত্তব্য যে ঐ সম্পত্তির কোন অংশ যে২ জিলার মধ্যে থাকে সেই২ জিলার রেজিষ্টরী আফিসে, আপন আফিসে রেজিষ্টরী করা ঐ দলীলের এক২ কেতা নকল পাঠান। সেই এক, কি ততোধিক কেতা নকল ১৮১২ সালের ২০ আইনের ২ ধারার ১ প্রকরণের নির্দ্দিষ্ট প্রকারে দেওয়া যাইবেক ও তাহাতে সাক্ষিদিগের স্বাক্ষর থাকিবে। ও তদ্রূপ প্রেরিত নকল জিলার যে রেজিষ্টর প্রাপ্ত হন, তিনি তাহা রীতিমতে রেজিষ্টর করিবেন, অর্থাৎ আপনার নিকট রেজিষ্টরকারকের দ্বারা প্রথমে উপস্থিত করা গেলে যেমত করিতেন সেইমতে করিবেন। পূর্ব্বোক্ত প্রকারে অন্য কোন জিলার রেজিষ্টরী আফিসে পাঠাইবার জন্যে তদ্রূপ যে প্রত্যেক কেতা নকলের প্রয়োজন হয়, তন্নিমিত্তে রেজিষ্টরী করণের যে ফীস রীতিমতে দিতে হয় তাহা ঐ রেজিষ্টরীকারকের সম্পূর্ণমতে দিতে হইবেক ইতি।

[ফীসের টাকা গবর্ণমেণ্টের নামে জমা হইবার ও তাহাহইতে রেজিষ্টরেরদের বেতন দিবার কথা।]

১১ ধারা। এই আইনমত নিযুক্ত কোন জিলার দলীলের রেজিষ্টর কি ডেপুটী রেজিষ্টর যে সকল ফীস প্রাপ্ত হন তাহা, গবর্ণমেণ্টের নির্দ্ধারিত নিয়মমতে গবর্ণমেণ্টের নামে জমা হইবেক, ও সেই ফীস একি আফিসে কি একের অধিক আফিসেও প্রাপ্তহওয়া গেলে, তাহা উক্ত প্রকারে জমা হইলে, গবর্ণমেণ্ট সেই ফীসহইতে উক্ত প্রকারের নিযুক্ত জিলার রেজিষ্টরেরদের ও ডেপুটী রেজিষ্টরেরদের যত বেতন উপযুক্ত জ্ঞান করেন তত দিবেন ইতি।

[রেজিষ্টরী আফিসে উপযুক্ত আমলাগণকে রাখিতে ও ফী ফণ্ডহইতে তাহারদের বেতন দিতে গবর্ণমেণ্টের অনুমতির কথা।]

১২ ধারা। ১৭৯৩ সালের ৩৬ আইনের ১৪ ধারাতে বিধান হইয়াছে যে ঐ আইনের নির্দ্দিষ্ট কথা লিখিবার ও নকল করিবার জন্যে যত জন আমলাকে রাখিবার আবশ্যক ও যে কাগজ কলমাদির প্রয়োজন হয় তাহার খরচ রেজিষ্টর, ঐ ধারার নির্দ্দিষ্ট ফীসহইতে দিবেন। এই আইনমত নিযুক্ত সকল জিলার রেজিষ্টর ও ডেপুটী রেজিষ্টর সম্পর্কে সেই ধারা রদ হইয়া, এই ধারাতে বিধান হইল যে, গবর্ণমেণ্ট এই আইনমতে নিযুক্ত নানা জিলার রেজিষ্টর ও ডেপুটী রেজিষ্টরদিগকে আপন২ আফিসের কর্ম্ম সফলরূপে নির্ব্বাহ করণার্থে যত জন আমলার প্রয়োজন তত জনকে রাখিতে অনুমতি দিতে পারেন। ও ইহার পূর্ব্বের ধারাক্রমে যে ফীস জমা হয় তাহাহইতে গবর্ণমেণ্ট ঐ কর্ম্মকারকেরদের খরচ দিবেন। ও রেজিষ্টরী বহী আনাইবার ও নির্ব্বিঘ্নরূপে রক্ষা করিবার খরচপ্রভৃতি উক্ত জিলার ও ডেপুটী রেজিষ্টরী আফিসসম্পর্কে যত

nd safe custody of Register Books, shall be defrayed by Government out of the said fee fund.

[At the close of the year the Deputy Register is to make over all books, &c., to District Register.]

XIII. Every Deputy Register shall, on or before the 31st day of January in each and every year, make over all Register Books for the year ending on the 31st day of the preceding December, and all copies of deeds registered during that year, to the District Register to whom he is subordinate, and such District Register shall deposit and deal with the copies of deeds and the books so made over to him as if they were records of his own Office.

[Acts done by Registers who may not have been legally appointed, declared to be valid and legal *ab initio*.]

XIV. All registrations of deeds which have, before the passing of this Act, been made by any Officer holding or professing to exercise the office of Register of deeds in any of the Provinces subject to the Government of Bengal, although he may not have been legally appointed to such office, and all acts done by such Officer in reference to such registrations, are hereby declared to be and to have always been valid a nd good in all respects, as if such Officer had been legally appointed at the time of making the registrations or doing the acts.

[Government may frame Rules.]

XV. The Government is hereby empowered to frame Rules for the guidance of all District and Deputy Register Offices, provided that the same shall not be inconsistent with the provisions of this or any other Act or Regulation for the time being in force.

A. G. MACPHERSON,
Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENT.

The 26th November, 1862.

Baboo Bhyrub Chunder Mitter, to officiate as Moonsiff of Putneetolla, Zillah Dinagepore, until further orders, on the full salary of the office.

LEAVE OF ABSENCE.

The 25th November, 1862.

Baboo Ramdoollubh Doss, Moonsiff of Umerpore, Zillah Bhaugulpore, for two weeks, in extension of the leave granted to him on the 3rd September last.

H. T. PRINSEP,
Registrar.

খরচ হয়, সেই সমুদয় গবর্ণমেণ্ট ঐ ফীসের তহবীলহইতে দিবেন ইতি।

বৎসরের শেষে ডেপুটী রেজিষ্টরের সকল বহী জিলার রেজিষ্টরদিগকে দিবার কথা।]

১৩ ধারা। প্রত্যেক জন ডেপুটী রেজিষ্টরের হাতে যে সকল রেজিষ্টরী বহী যে বৎসরে থাকে, সেই বৎসরের ডিসেম্বর মাসের ৩১ তারিখপর্য্যন্ত লিখিত সেই সকল বহী ও সেই বৎসরে যে সকল দলীল রেজিষ্টর করিয়াছেন তাহার নকল আপনি যে জিলার রেজিষ্টরের অধীন থাকেন তাঁহার নিকটে তৎপর জানুআরি মাসের ৩১ তারিখে কি তাহার পূর্ব্বে পাঠাইবেন। ও সেই জিলার রেজিষ্টর উক্ত প্রকারের অর্পিত দলীলের নকল ও বহী প্রাপ্ত হইলেই, আপন আফিসের কাগজপত্রের ন্যায় সিরিশ্তায় দিয়া তদ্বিষয়ের কার্য্য করিবেন ইতি।

[যে রেজি রেরা আইনমতে নিযুক্ত হন নাই তাঁহারদের কৃত ক্রিয়া প্রথমাবধি সিদ্ধ ও আইনমত প্রকাশ হইবার কথা।]

১৪ ধারা। এতদ্দ্বারা নির্দ্ধার্য্য হইতেছে যে, বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন কোন প্রদেশে কোন কার্য্যকারক দলীলদস্তাবেজের রেজিষ্টরী পদে আইনসিদ্ধরূপে নিযুক্ত না হইয়াও সেই পদ ধারণ করত ক্রিয়া সেই পদের কর্ম্ম নির্ব্বাহ করিতে স্বীকার করত, এই আইন প্রচলিত হওনের পূর্ব্বে যে সকল দলীল রেজিষ্টর করিয়াছেন, ও সেই রেজিষ্টরী করণসম্পর্কে যে সকল কার্য্য করিয়াছেন, তাহা সর্ব্বতোভাবে সিদ্ধ ও উত্তম আছে ও সর্ব্বদাই ছিল, অর্থাৎ যে সময়ে ঐ রেজিষ্টরী করণকার্য্য কি উক্ত অন্যকার্য্য করিয়াছিলেন সেই সময়ে তিনি আইনসিদ্ধরূপে নিযুক্ত হইলে ঐ কার্য্য যেমন সিদ্ধ ও উত্তম হইত, তেমনি আছে ইতি।

[গবর্ণমেণ্টের বিধি করিতে পারিবার কথা।]

১৫ ধারা। জিলার ও ডেপুটী রেজিষ্টরী সকল আফিসের কর্ম্ম চালাইবার বিধি করিতে গবর্ণমেণ্টকে এতদ্দ্বারা ক্ষমতা দেওয়া গেল। কিন্তু সেই বিধি এ আইনের, কিম্বা যৎকালে অন্য যে কোন আক্ট কি আইন প্রচলিত থাকে তাহার অসঙ্গত না হয় ইতি।

এ জি মাকফরসন।
ছেক্রিটরি টু দি গবর্ণমেণ্ট
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬২ সাল ২৬ নবেম্বর।

শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র মিত্র জিলা দিনাজপুরের প্রতাপতলার মুনসেফের সম্পূর্ণ বেতন পাইয়া অন্য হুকুম না হওনপর্য্যন্ত তাঁহার কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ২৫ নবেম্বর।

জিলা ভাগলপুরের অমরপুরের মুনসেফ শ্রীযুত বাবু রামদুর্লভ দাস গত সেপ্টেম্বর মাসের ৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

এচ টী প্রিনসেফ।
রেজিষ্টর

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণরের সাহেবের হুকুম।

৪৬২৩ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১৫ নবেম্বর।

আসামের পশ্চাৎ লিখিত কর্ম্মকারকেরা ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। অর্থাৎ

গোয়ালপাড়াতে আসিষ্টাণ্ট কমিস্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত এ ই কাম্বেল সাহেব (Lieut. A. E. Campbell.)

নওগাঁয়ে আসিষ্টাণ্ট কমিস্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ সি এস ক্লার্ক সাহেব (Lieut. W. C. S. Clarke,)

দরঙ্গে আসিষ্টাণ্ট কমিস্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত এ এন ফিলিপস সাহেব (Lieut. A. N. Phillips.)

শিবসাগরে আসিষ্টাণ্ট কমিস্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত জে গ্রেগরি সাহেব (Lieut. J. Gregory.)

দেরুগড়ে আসিষ্টাণ্ট কমিস্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত এন লোইস সাহেব (Lieut. N. Lowis.)

গোয়ালপাড়াতে অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত বাবু গণাভরাম বড়ুয়া। এবং

শিবসাগরে অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত এচ স্কন্স সাহেব (Mr. H. Sconce.)

পিরোজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্যামচন্দ্র নাথ ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলীয় অনুসন্ধান করিতে ও সেই আদালতে বিচারহওনার্থে বাক্তিদিগকে সমর্পণ করিতে কি তাহাদের স্থানে হাজির জামিন লইতে ও তদর্থে যে সকল ক্ষমতা আবশ্যক তদনুসারে কার্য্য করিতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ১৭ নবেম্বর।

শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেব (Mr. J. P. Grant,) নিমক চৌকীর তত্ত্বাবধারণ কর্ম্ম করিবেন এবং ১৮৬৮ সালের ২৯ আইনের ৩৩ ধারার নির্দ্দিষ্ট সীমার মধ্যে নিমকের এজেণ্টের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ছোট নাগপুরের আসিষ্টাণ্ট কমিস্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত আর সি মনি সাহেব (Lieut. R. C. Money,) পালামৌ মহকুমার কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন ও মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ই এ ফিলিপস সাহেব (Lieut. E. A. Phillips,) ছোট নাগপুরের আসিষ্টাণ্ট কমিস্যনর হইবেন।

১৮৬২ সাল ১৯ নবেম্বর।

পশ্চাৎ লিখিত সাহেবেরা গৌহাটীতে সর্ব্বসাধারণের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত এচ স্কন্স সাহেব (Lieut. H. Sconce.)

লেপ্টেনেণ্ট শ্রীযুত সি হেটর সাহেব (Lieut. C. Hayter.)

শ্রীযুত এচ জি বেনব্রিজ সাহেব (Mr. H. G. Bambridge.)

১৮৬২ সাল ২০ নবেম্বর।

শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র মাইতি ও শ্রীযুত বাবু চন্দ্রমোহন রায় ফরীদপুরের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

১৮৬২ সাল ২১ নবেম্বর।

মেজর শ্রীযুত জে এল নেশান সাহেব (Major J. L. Nation,) রাজশাহীখণ্ডে পোলীসের দ্বিতীয় শ্রেণীর ডেপুটী ইনস্পেক্টর জেনরল হইবেন।

শ্রীযুত সি জি বেকর সাহেব, (Mr. C. G. Baker,) রাজশাহী জিলার প্রথম শ্রেণীর পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন। তিনি এইক্ষণে ছুটী গ্রহণ করিয়াছেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত টি বটনশা সাহেব (Lieutenant T. Buttenshaw,) মেদিনীপুর জিলার পোলীসের দ্বিতীয় শ্রেণীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত টি ও এলডন সাহেব (Mr. T. Weldon,) রঙ্গপুর জিলার পোলীসের তৃতীয় শ্রেণীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত আর ডবলিউ কিং সাহেব (Mr. R. W. King,) বীরভূম জিলার পোলীসের তৃতীয় শ্রেণীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত জে কোবর্ণ সাহেব (Mr. J. Cockburn,) মানভূম জিলার পোলীসের তৃতীয় শ্রেণীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত এ সি হোয়ার্ড সাহেব (Mr. A. C. Howard,) মুঙ্গেরে পোলীসের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন ও ঐ জিলার কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন।

শ্রীযুত এচ টি বেকর সাহেব (Mr. H. T. Baker,) লোহারডগাতে পোলীসের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত এচ ডবলিউ জে বাম্বর সাহেব (Mr. H. W. J. Bamber,) হাবড়াতে পোলীসের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন ও সেই জিলার কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন।

শ্রীযুত এফ টি প্লাটস সাহেব (Mr. F. T. Platts,) রাজশাহীতে পোলীসের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন এবং শ্রীযুত সি জি বেকর সাহেবের (Mr. C. G. Baker,) অনুপস্থিত কালপর্য্যন্ত জিলার সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত টি জে মালটবি সাহেব (Mr. T. J. Maltby,) রঙ্গপুরে পোলীসের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত জে এম ই গুলসবরি সাহেব (Mr. J. M. E. Gouldsbury,) শাহাবাদে পোলীসের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ই এচ ওগলবি সাহেব (Mr. E. H. Ogilvie,) বেহারে পোলীসের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত এ এল জের্ডন সাহেব (Mr. A. L. Jerdon,) ভাগলপুরে পোলীসের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত এফ উইলকক্স সাহেব (Mr. F. Wilcox,) পূরণিয়াতে পোলীসের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত বি ষ্টেনফর্থ সাহেব (Mr. B. Stainforth,) লোহারডগাতে পোলীসের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত জে বেলচেম্বর্স সাহেব (Mr. J. Belchambers,) দিনাজপুর পোলীসের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত জে এফ বুলমহার্ট সাহেব (Mr. J. F. Blumhardt,) ভাগলপুরে পোলীসের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত জে বি বর্চ সাহেব (Mr. J. B. Birch,) লোহারডগাতে পোলীসের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত জে এ ফ্লাইটর সাহেব (Mr. J. A. Flyter,)

[*Government Gazette, 2nd December*, 1862.]

সাহাবাদে পোলীসের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ১৫ নবেম্বর।

পুরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নিরঞ্জন মুখুয্যা গত জুন মাসের ১৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত জুন মাসের ১ তারিখঅবধি ১৭ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১৭ নবেম্বর।

নিমক চৌকীর তত্ত্বাবধারক শ্রীযুত অনরবিল এচ বি ডিবিক্স সাহেব (Hon'ble H. B. Devereux,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১৭ নবেম্বর।

পালামৌতে দক্ষিণপশ্চিম এজেণ্টের আসিষ্টাণ্ট কমিসানর কাপ্তান শ্রীযুত এ পি এস মন্‌ক্রীফ সাহেব (Captain A. P. S. Monorieff,) আপন প্রার্থনামতে মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত পি পি কার্টর সাহেবের (Mr. P. P. Carter,) পুরণিয়াতে নিযুক্ত হইবার যে আজ্ঞা গত মাসের ২৩ তারিখে হয় তাহা রহিত হইয়াছে।

১৮৬২ সাল ১৯ নবেম্বর।

হিজলীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর আর এচ পর্কিন্স সাহেব (Dr. R. H. Perkins,) আপন প্রার্থনামতে মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

৪৭৫২ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১৯ নবেম্বর।

নীচের লিখিত কর্ম্মকারকেরা কাছাড়ে ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনমতে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। অর্থাৎ

তৃতীয় খণ্ডের জরীপীকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ জে রেনলড্‌স সাহেব (Mr. H. J. Reynolds.)

তৃতীয় খণ্ডের জরীপী কার্য্যের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ জোন্‌স সাহেব (Mr. F. Jones.)

তৃতীয় খণ্ডের রাজস্বের জরীপীকার্য্যের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু সাতকৌড়ী রায়।

১৮৬২ সাল ২১ নবেম্বর।

কাপ্তান শ্রীযুত এস এ টি জজ সাহেব (Captain S. A. T. Judge,) চাম্পারণ জিলার পোলীসের দ্বিতীয় শ্রেণীর সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

নদীয়ার প্রধান ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত এন এচ টমসন সাহেব (Mr. N. H. Thomson,) ও চুয়াডাঙ্গার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত সি ডি লিণ্টন সাহেব (Mr. C. D. Linton,) স্বং কর্ম্মের অতিরিক্ত মেহেরপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের কর্ম্ম একত্রে নির্ব্বাহ করিবেন।

১৮৬২ সাল ২৫ নবেম্বর।

ডাক্তর শ্রীযুত বি সিম্‌সন সাহেব (Dr. B. Simpson,) দার্জিলিঙ্গের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

ডাক্তর শ্রীযুত ডবলিউ বি বিটসন সাহেব (Dr. W. B. Beatson,) চল্লিশ পরগণার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২ ডিসেম্বর।]

ছুটী।

১৮৬২ সাল ১৭ নবেম্বর।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বাঁড়ুয্যা গত আগষ্ট মাসের ২৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

পুরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নিরঞ্জন মুখুয্যা গত সেপ্টেম্বর মাসের ৩০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকের দের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে এক পক্ষের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১৯ নবেম্বর।

রেবিনিউ বোর্ডের একটিং দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত ডবলিউ জে হর্শল সাহেব (Mr. W. J. Herschel,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ঢাকার সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত এ সিমসন সাহেব (Dr. A. Simpson,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

দার্জিলিঙ্গের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে সি কলিন্‌স সাহেব (Dr. J. C. Collins,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বেহারের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে বি আলেন সাহেব (Dr. J. B. Allen,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে বিশ দিনের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্র গত সেপ্টেম্বর মাসের ৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সার্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২প্রকরণ মতে আট মাসের ছুটী পাইয়াছেন।

ফরিদপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্ন গত সেপ্টেম্বর মাসের ৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে গত মাসের ২৭ তারিখঅবধি বর্ত্তমান মাসের ২৩ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২২ নবেম্বর।

বারাণস এজেন্সীর প্রথম আসিষ্টাণ্ট ও আফীন পরীক্ষক ডাক্তর শ্রীযুত ডবলিউ জে পামর সাহেব (Dr. W. J. Palmer,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের সাবেক প্রধান সদর আমীন শ্রীযুত বাবু হরগৌরী বসু গত সেপ্টেম্বর মাসের ৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে আগামি ডিসেম্বর মাসের ১৩ তারিখঅবধি জানুআরি মাসের ২৭ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ আলী গত অক্টোবর মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে ৩ মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২৫ নবেম্বর।

পরীক্ষক বোর্ডের মহাশয়েরদের রিপোর্টমতে প্রকাশ করা যাইতেছে যে নীচের লিখিত কর্ম্মকারকেরা ১৮৫১ সালের ১৯ নবেম্বর তারিখের গবর্ণমেণ্টের নির্দ্ধারিত নির্দ্দিষ্ট পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

প্রথম শ্রেণী।

শ্রীযুত জি এস পার্ক সাহেব (Mr. G. S. Park,) } সম্ভ্রান্তরূপে।
শ্রীযুত এচ এল হারিশন সাহেব (Mr. H. L. Harrison,) }
শ্রীযুত বাবু যদুনাথ বসু ...

শ্রীযুত টি জে সি গ্রাণ্ট সাহেব (Mr. T. J. C. Grant.)

শ্রীযুত ই এচ উইনফিল্ড সাহেব (Mr. E. H. Whinfield.)

শ্রীযুত এচ, সি, বি, সি, রেবান সাহেব (Mr. H. C. B. C. Raban.)

শ্রীযুত এ ব্লাণ্ডফোর্ড সাহেব (Mr. A. Blandford.)

শ্রীযুত বাবু গোলোকচন্দ্র রায়।

শ্রীযুত বাবু শ্যামাচরণ চাটুর্য্যা।

শ্রীযুত ডবলিউ আর লারমিনি সাহেব (Mr. W. R. Larminie,) } উত্তম পরীক্ষা দিয়াছেন বটে কিন্তু উর্দ্দু ভাষায় পুনর্ব্বার পরীক্ষা দিতে হইবেক।
শ্রীযুত বাবু কালিকাদাস দত্ত। }

শ্রীযুত জে ডি মাকলীন সাহেব (Mr. J. D. Maclean,) }
শ্রীযুত মৌলবী দীন মহম্মদ। } উর্দ্দু ভাষায় পুনরায় পরীক্ষা দিতে হইবেক।
শ্রীযুত বাবু দীনবন্ধু মল্লিক। }
শ্রীযুত বাবু হরিচরণ ঘোষ। }

দ্বিতীয় শ্রেণী।

শ্রীযুত ই জি গ্লেজিয়র সাহেব (Mr. E. G. Glazier,) ... }
শ্রীযুত আর এচ জি অরবিন সাহেব (Mr. R. H. G. Irvine,) ... ... } সম্ভ্রান্তরূপে।
শ্রীযুত বাবু কালীচরণ ঘোষ }

শ্রীযুত ডবলিউ কেম্বল সাহেব (Mr. W. Kemble,) }
শ্রীযুত টি টি আলেন সাহেব (Mr. T. T. Allen,) }
শ্রীযুত জে সি গেড়স সাহেব (Mr. J. C. Geddes,) ... } প্রশংসিতরূপে।
শ্রীযুত ডবলিউ মরে সাহেব (Mr. W. Murray.) }

শ্রীযুত এল বি বি কিং সাহেব (Mr. L. B. B. King.)

শ্রীযুত জি গ্রেহাম সাহেব (Mr. G. Graham.)

শ্রীযুত জি ই মাকগীল সাহেব (Mr. G. E. Makgill.)

শ্রীযুত আর গ্রাণ্ট সাহেব (Mr. R. Grant.)

শ্রীযুত জে জে এস ড্রিবর্গ সাহেব (Mr. J. J. S. Driberg.)

শ্রীযুত জে বেল সাহেব (Mr. J. Bell.)

শ্রীযুত এচ ডবলিউ মাকেন্‌জি সাহেব (Mr. H. W. Mackenzie.)

শ্রীযুত বাবু কালীপ্রসাদ সেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ আলী।

শ্রীযুত বাবু ব্রজেন্দ্রনারায়ণ দেব।

শ্রীযুত বাবু আনন্দমোহন মজুমদার।

শ্রীযুত বাবু দুর্গাদাস চৌধুরী।

শ্রীযুত বাবু কৃষ্ণবেহারী মুখুয্যা।

শ্রীযুত মৌলবী হামীদুদ্দীন আহামুদ।

শ্রীযুত আর ড্রেক সাহেব (Mr. R. Drake,) ... }
শ্রীযুত ই এফ আর্ম্মষ্ট্রং সাহেব (Mr. E. F. Armstrong.) ... ... } আফীস ডিপার্টমেণ্টের।

শ্রীযুত ও টেম্পল সাহেব (Mr. O. Temple,) বঙ্গ ভাষায়।

নিয়োগ।

১৮৬২ সাল ২৫ নবেম্বর।

নীচের লিখিত কার্য্যকারক সাহেবেরা মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। অর্থাৎ

শ্রীযুত এচ এল হারিশন সাহেব (Mr. H. L. Harrison,) বীরভূমে।

শ্রীযুত এচ সি বি সি রেবান সাহেব (Mr. H. C. B. C. Raban,) পাটনাতে।

নীচের লিখিত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা আপন২ নামের পার্শ্বের লিখিত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন। অর্থাৎ

শ্রীযুত এ ব্লাণ্ডফর্ড সাহেব (Mr. A. Blandford,) ও মুরশিদাবাদে।

শ্রীযুত বাবু গোলোকচন্দ্র রায় চাটিগাঁয়ে।

শ্রীযুত বাবু শ্যামাচরণ চাটুর্য্যা মেদিনীপুরে।

নিম্নের লিখিত কার্য্যকারকেরা আপন২ নামের পার্শ্বের লিখিত জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ও ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত ই জি গ্লেজিয়র সাহেব (Mr. E. G. Glazier,) ঢাকাতে।

শ্রীযুত ডবলিউ কেম্বল সাহেব (Mr. W. Kemble,) চব্বিশপরগনায়।

শ্রীযুত টি টি আলেন সাহেব (Mr. T. T. Allen,) বাঁকুড়াতে।

শ্রীযুত জে সি গেডস সাহেব (Mr. J. C. Geddes,) পাবনাতে।

শ্রীযুত ডবলিউ মরি সাহেব (Mr. W. Murray,) রাজশাহীতে।

শ্রীযুত এল বি বি কিং সাহেব (Mr. L. B. B. King,) ছিলটে।

শ্রীযুত জি গ্রেহম সাহেব (Mr. G. Graham,) ত্রিহুতে

শ্রীযুত জি ই মাকগীল সাহেব (Mr. G. E. Makgill,) মেদিনীপুরে।

নীম্নের লিখিত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা আপন২ নামের পার্শ্বের লিখিত জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন। অর্থাৎ

শ্রীযুত বাবু কালীচরণ ঘোষ নদীয়াতে।

শ্রীযুত আর গ্রাণ্ট সাহেব (Mr. R. Grant,) মেদিনীপুরে।

শ্রীযুত জে জে এস ড্রিবর্গ সাহেব (Mr. J. J. S. Driberg,) মালদহে।

শ্রীযুত জে বেল সাহেব (Mr. J. Bell,) ... .. } যশোহরে।

শ্রীযুত এচ ডবলিউ মাকেঞ্জি সাহেব (Mr. H. W. Mackenzie,) ... ... } বর্দ্ধমানে।

[*Government Gazette, 2nd December*, 1862.]

শ্রীযুত বাবু কালীপ্রসাদ সেন	চাটিগাঁয়ে।
শ্রীযুত মৌলবী মহম্মদ অলী	রঙ্গপুরে।
শ্রীযুত বাবু ব্রজেন্দ্রনারায়ণ দেব।	মেদিনীপুরে।
শ্রীযুত বাবু আনন্দমোহন মজুমদার ও শ্রীযুত বাবু বৃন্দাবনী মুখুয্যা। ...	নদীয়াতে, ও যশোহরে ও চব্বিশপরগনায় ও ফরীদপুরে ও পাবনাতে।
শ্রীযুত বাবু দুর্গাদাস চৌধুরী।	চব্বিশপরগনায় ও যশোহরে ও নদীয়াতে, ও পাবনায়।

৪৮৭৭ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১৭ নবেম্বর

শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেব (Mr. J. P. Grant,) কলিকাতা শহরে ১৮৬০ সালের ৩২ আইনমতে কমিস্যানর বোর্ডের মেম্বর হইবেন।

১৮৬২ সাল ২০ নবেম্বর।

দিনাজপুরের জজ শ্রীযুত ই সান্ডিস সাহেব (Mr. E. Sandys,) দারজিলিঙ্গের সেশন জজের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

নিম্নের লিখিত মহাশয়েরা বালেশ্বরে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটির মেম্বর হইবেন। অর্থাৎ

শ্রীযুত জি ডবলিউ এমলী সাহেব (Mr. G. W. Amley.)

লেপ্টেনেণ্ট শ্রীযুত জে ডলমেজ সাহেব (Lieutenant J. Dolmage.)

শ্রীযুত বাবু অতুলবেহারী পাল।

শ্রীযুত বাবু শ্যামানন্দ দে।

নিম্নের লিখিত মহাশয়েরা পাবনাতে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটির মেম্বর হইবেন। অর্থাৎ

শ্রীযুত ডবলিউ রাইট সাহেব (Mr. W. Wright.)

শ্রীযুত বাবু দিগম্বর বিশ্বাস।

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বাঁড়ুয্যা

ঐ মৌলবী মহম্মদ।

ঐ মৌলবী আহম্মদ আলী।

ঐ মীর মহম্মদ আলী।

শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র মজুমদার।

শ্রীযুত বাবু মাধবচন্দ্র মজুমদার।

শ্রীযুত বাবু হেমচন্দ্র মজুমদার।

শ্রীযুত বাবু কৃপানন্দ শাহা।

শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র চৌধুরী।

শ্রীযুত মৌলবী গোলাম কাদির।

১৮৬২ সাল ২৫ নবেম্বর।

শ্রীযুত জে মাকেন্‌জি সাহেব (Mr. J. Mackenzie,) কলিকাতা শহরে ১৮৬০ সালের ৩২ আইনমতে কমিস্যানর বোর্ডের মেম্বর ও সেক্রেটারী হইবেন। কলিকাতানগরে ও ছাবড়ার মুন্সি শহরতলীতে ১৮৬০ সালের ৩২ আইনঅনুসারে কালেক্টর হইবেন।

হিজলীর ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর এচ জি অরবিন সাহেব (Mr. R. H. G. Irvine,) ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত আর সি. চন্দ্র কিয়ৎকালের নিমিত্তে কামরূপস্থ সৈন্য দলের চিকিৎসা কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন।

(গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২ ডিসেম্বর।]

১৮৬২ সাল ২৬ নবেম্বর।

শ্রীযুত আর পি জেন্‌কিন্‌স সাহেব (Mr. R. P. Jenkins,) বীরভূমের মাজিস্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে এচ রেবনশা সাহেব (Mr. J. H. Ravenshaw,) শাহাবাদের জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে এফ কে হিউএট সাহেব (Mr. J. F. K. Hewett,) শাসিরাম এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন ও শাহাবাদে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে ও ১৮৫৪ সালের ২০ আইনের ১ ধারানুসারে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতাক্রমে ও ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। তদ্ভিন্ন শ্রীযুত হিউএট সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কি হাইকোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে ও সেই২ আদালতে বিচারহওনার্থে ব্যক্তিদিগকে সমর্পণ করিতে কি উপস্থিত হইবার প্রতিভূ গ্রহণ করিতে এবং তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কার্য্য করিতে ক্ষমতাপন্ন হইবেন।

১৮৬২ সাল ২৭ নবেম্বর।

বাকরগঞ্জের একটিং প্রধান সদর আমীন শ্রীযুত বাবু গিরিশচন্দ্র ঘোষ কিয়ৎকালের নিমিত্তে ঐ জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ২৭ নবেম্বর।

চাটিগাঁয়ের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট ও বন্দরের অধ্যক্ষ শ্রীযুত এচ জে বামর সাহেব (Mr. H. J. Bamber,) গত মাসের ৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে দুই দিনের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার একটীং ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আদীলুদ্দীন গত মাসের ২৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২২ নবেম্বর।

দারজিলিঙ্গের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে সি কলিনস সাহেব (Dr. J. C. Collins,) বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপন কর্ম্ম পুনর্গ্রহণ করাতে ঐ মাসের ১৯ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট অংশ রহিত হইল।

১৮৬২ সাল ২৬ নবেম্বর।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত অনরবিল এচ বি ডিবিক্স সাহেব (Hon'ble H. B. Devereux,) বর্ত্তমান মাসের ২৪ তারিখে নেমিসিস নামক কলের জাহাজে সমুদ্রে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

১৮৬২ সাল ২৭ নবেম্বর।

ছোট নাগপুরের আবেক একটিং কমিস্যানর মেজর শ্রীযুত জি বর্ণার সাহেব (Major G. Verner,) বিদেশীয় ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২৫ নবেম্বর।

আসাম প্রদেশে ১৮৬১ সালের ২৫ আইন বিস্তৃত হওন বিষয়ে ১৮৬১ সালের নবেম্বর মাসের ১৬ তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ২৬ তারিখে বাঙ্গলা গে-

জেটে প্রকাশ হয় তৎসম্পর্কে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ আইনের ১২৬ ধারামতে আজ্ঞা করিয়াছেন যে উক্ত প্রদেশের মাজিষ্ট্রেট সাহেবেরা উক্ত ধারার নির্দ্দিষ্টমতে সাক্ষিদের সাক্ষ্য গ্রহণ করেন।

এ ইডেন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের এক্টিং সেক্রেটারী।

পবলিক ওর্ক্কস ডিপার্টমেণ্ট।

১৮৯ নম্বর।

১৮৬২ সাল ১৮নবেম্বর

বিজ্ঞাপন।

রাজকীয় কর্ম্মোপলক্ষে অর্থাৎ ভাগলপুরের ও বহু-সীর রাস্তার মধ্যমাংশের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের কিছু ভূমি লওয়া প্রয়োজন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ইহা অবগত হওনার্থে সম্বাদ দেওয়া যাইতেছে যে বহুসী অবধি হাশদীহাপর্য্যন্ত ন্যূনাধিক চৌদ্দ মাইল লম্বা ও ১১০ ফুট চৌড়া ভূমি উক্ত কর্ম্মের নিমিত্তে গ্রহণ করা আবশ্যক।

২। উক্ত বিষয়ে যাঁহার দর সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞাপনার্থে এই জ্ঞাপনপত্র ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে প্রকাশ করা যাইতেছে।

জে পি বীডল। লেপ্টেনেণ্ট কর্ণেল।

পবলিক ওর্ক্কস ডিপার্টমেণ্ট

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

NOTICE.

The Cachar Mela will, as usual, be held at Silchar, commencing on Tuesday the 30th December 1862, corresponding with 16th Pous 1269, and continuing for as many days as considered necessary.

R. STEWART, *Superintendent.*

Zillah Cachar, Superintendent's Office, the 23rd August, 1862.

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে যথারীতি সিলচার মোকামে "কাছাড় মেলা" হইবেক, তাহা ১৮৬২ ইংরেজীর ৩০ ডিসেম্বর, মতাবেক ১২৬৯ বাঙ্গালার ১৬ ই পৌষ মঙ্গলবারে আরম্ভ হইয়া যত দিন প্রয়োজনীয় বোধ হয় তত দিন প্রচলিত থাকিবেক ইতি।

আর ষ্টয়ার্ট। সুপরিণ্টেণ্ডেণ্ট।

কাছাড়। ২৩ আগষ্ট ১৮৬২ ইং।

যে হেতু মোকাম সীরাজগঞ্জের এছমলকজ কোর্টের জজের আদালতে মাসিক ১৫০ দেড় শত টাকা বেতনে জনেক হেড কেলার্ক ও জেনরল একৌণ্টেণ্ট নিযুক্ত হইবেক যে ব্যক্তি বিশ্ব বিদ্যালয়ে পাঠ করিয়া বি এল উপাধি প্রাপ্ত হইয়াছেন মায় ঐ যোগ্যতাপত্র যিনি অগ্রে পঁহুছিবেন তিনি ঐ কর্ম্ম প্রাপ্ত হইবেন ২০ বিশ দিনপর্য্যন্ত প্রতীক্ষা করা যাইবেক ইতি সন ১৮৬২ ইং ১১ নবেম্বর।

পেয়ারীমোহন মুখোপাধ্যায় জজ।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশতিহার।

জিলা কটক।

এত্তেলানামা কাছারী কালেক্টরি জিলা কটক মধ্যম প্রদেশ জিলা কটক।

সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সম্বাদ দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজী সন ১৮৫৯ সাল ১১ আইনের ৬ ধারানুসারে কটক জিলায় নীচের লিখিত মাহাল নাগায়েত কিস্তি মাহ জুন সন ১৮৬২ সাল মোতাবক সন ১২৬৯ সাল যে জোপণি বাকি পাওনা আদায় কারণ সন ১৮৬২ সাল ডিসেম্বর মাহার ১৫ তারিখ মোতাবক সন ১২৭০ সাল পৌষ মাহার ২ তারিখ সোমবার দিবসে এ জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ২১ তারিখ মাহ নবেম্বর সন ১৮৬২ সাল।

প্রথম শ্রেণী ইস্তমরারি বন্দোবস্ত জমাধার্য্য হওয়া মহাল

নং ১৩ তৌজি হজুরি মহাল কিনেবিমুনপুর লিখিত মালিক নারায়ণ শ্রীচন্দন সদর জমা সং ১৮৫৬।৩ পাই কোম্পানি মাত্র।

দ্বিতীয় শ্রেণী মিয়াদী বন্দোবস্ত জমা ধার্য্য হওয়া মহাল।

নং ১২৫৯ তৌজি হজুরি মহাল পং করমুল কিসমত তালুকে বাহার পাড়া লিখিত মালিক রামাসুন্দরী দেব্যা মাতা ও মহাফেজ বিন্দুনাথ চক্রবর্ত্তী ও হদুনাথ চক্রবর্ত্তী নাবালগান ও গোবিন্দপ্রসাদ রায় ও রাধানাথ রায় মাতা-ফেজ জগন্নাথপ্রসাদ রায় ও শীতানাথ রায় ও লক্ষ্মীনাথ রায় নাবালগান সদর জমা সং ৭২১ ৷৷৴১। কোম্পানি মাত্র

চতুর্থ শ্রেণী মিয়াদী বন্দোবস্ত জমা ধার্য্য হওয়া মহাল।

নং ১৫১৯ তৌজি হজুরি মহাল কিসমত ১০ দশ গণ্ডা তালুকে ঠোকরা পং কিসমত কায়েমা কি তন্মধ্যে যে হক সদানন্দ পাটনায়েক মালজামিনদার মন্দরধর বিসুআন মুক্তাজর কিসমত তালুকে নাহনি পং কিনেকায়েমার প্রকাশ থাকে মুক্তাজরি মহাল মজকুরের বাকী আদায় কারণ নীলাম হইবেক কিন্তু মহাল মজকুরের দরোবস্ত সদর জমা সং ১৪২৯৷৵৩ পাই কোম্পানি মাত্র।

তারিখ সন সদর

W. J. MONEY, *Collector.*

বিক্রী নেমকের মাসকাবারী হিসাব সন ১৮৬২ সাল তারিখ ৩১ অক্টোবর।

১	২	৩	৪	৫			
এজেন্সীর নাম	সন ১২৬৭ সাল অথবা ১৮৬০। ৬১ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ	সন ১২৬৭ সাল মোতাবকে ইং ১৮৬০। ৬১ সাল	সন ১২৬৮ সাল মোতাবকে ইং ১৮৬১। ৬২ সাল	মৌজুদ নেমকের একুন।			
				পাঙ্গা	করকচ	মোট একুন	দর কি ১০০/ মোন
হিজলী।	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর	০	৩৬,০৫০/	১,৩২,৬২৩/	১,৬৮,৬৭৩/	০	১,৬৮,৬৭৩/	৪০৪৲
ঐ ঐ কৃষ্ণনগর	১০,৩২২/	২০৮৯/	২,২৪,৭৬৩/	২,৩৭,২৪৪/	০	২,৩৭,২৪৪/	ঐ
ঐ ঐ রামনগর	০	৫২,৫৪০/	১,৩৫,২৩৪/	১,৮৭,৭৭৪/	০	১,৮৭,৭৭৪/	ঐ
ঐ ঐ কালীনগর	০	৫৫২৬৩/	২,৪৬,৫০৬/	৩,০২, ৬৯/	০	৩,০২,৪৬৯/	ঐ
ঐ ঐ পুরী ঘাটা	০	৬৪৩২১/	৯২,৩২৬/	১,৫৬,৭৮৭/	০	১,৫৬,৭৮৭/	ঐ
একুন	১০,৩২২৲	২১১০৩৩/	৮,৩১,৫২২/	১০,৫২,২৪৭/	০	১০,৫২,২৪৭/	
তমলুক।							
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।	০	২৪৮২৬/	৭,১৯,২৮৭/	৮,১৪,৮১৩/	০	৮,১৪,৮১৩/	৪০৪৲
একুন	০	২৪৮২৬/	৭,১৯,২৮৭/	৮,১৪,৮১৩/	০	৮,১৪,৮১৩/	
সালিখা।							
করকচ নেমক মান্দ্রাজ পরমিট	৭,৪২,০৪০/	০	০	০	৭,৪২,০৪০/	৭,৪২,০৪০/	০২২৲
ঐ ঐ চিলকা	১,৫৪,২২৬/	০	০	০	১,৫৪,২২৬/	১,৫৪,২২৬/	০৮২৲
ঐ ঐ সিন্ধু	০	৫,০০,০০০/	০	০	৫,০০,০০০/	৫,০০,০০০/	৪১৬৲
মিশ্রিত করকচ নেমক	২৯০০/	০	০	০	২,৯০০/	২,৯০০/	
পাঙ্গা নেমক কটক	৩২,০৬৫/	৭৫,২৪৮/	০	১,০৭,৩১৩/	০	১,০৭,৩১৩/	৪২৩৲
ঐ ঐ বালেশ্বর	১৫,৮১৫/	২৪১১৮৩/	০	২,৫৬,২২৮/	০	২,৫৬,২২৮/	ঐ
ঐ ঐ খোরদা	২২,৮৬৭/	১,০২,৫৬৩/	০	১,২৫,৪৩০/	০	১,২৫,৪৩০/	ঐ
ঐ ঐ চিলকা	৩১,৬২৮/	২১,১৬৫/	০	১,২৩,৬৬৩/	০	১,২৩,৬৬৩/	ঐ
ঐ ঐ রামনগর	২৮/	৪৭,১৬২/	০	৪৭,১৯০/	০	৪৭,১৯০/	ঐ
ঐ ঐ পুরী ঘাটা	৭৭১৯/	১৫,২৫৭/	০	২৩,৬৭৬/	০	২৩,৬৭৬/	ঐ
ঐ ঐ কৃষ্ণনগর	১,২৭৩/	১,৩,১০৩৮৲	০	১,৩৩,০১১/	০	১,৩৩,০১১/	ঐ
ঐ ঐ নারায়ণপুর	০	২,২৫,৭২৬/	০	২,২৫,৭২৬/	০	২,২৫,৭২৬/	ঐ
একুন	১০,১১,৪০১/	১৫,০০২১২/	০	১১,১৩,০৭৭/	১৩,২২,২৩৬/	২৫,১২,৩১৩/	

এজেন্সীর নাম।	সন ১২৬৭ সাল অথবা ১৮৬০। ৬১ সালের পূর্ব্ব সনহারের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৭ সাল মোতাবেক ইং ১৮৬০। ৬১ সাল	সন ১২৬৮ সাল মোতাবেক ইং ১৮৬১। ৬২ সাল	মৌজুদ নেমকের একুন			
				পাঙ্গা	করকচ	মোট একুন	দর ফি ১০০/ মোন
	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
ঘুষড়ি।							
পাঙ্গা নেমক ঘাট কালীনগর।	০	১,০২,২৩৮/	০	১,০২২৩৮/	০	১,০২,২৩৮/	৪২৩/
ঐ ঐ রসুলপুর।	০	৪২,১১৮/	০	৪২,১১৮/	০	৪২,১১৮/	ঐ
মিশ্রিত পাঙ্গা নেমক রামনগর।	০	৬৮,১২৭/	০	৬৮,১২৭/	০	৬৮,১২৭/	ঐ
সন ১২৬৫।৬৬। ৬৭ সালের একুন।	০	২১,২৫৫৩/	০	২,১২,৫৫৩/	০	২১,২৫৫৩/	
আরাকিন।							
পাঙ্গা নেমক ঘাট কৈককু।	১৩,৪৪৮/	৭,১১৮/	১,০৮০/	২১,৬৪৬/	০	২১,৬৪৬/	
একুন।	১৩,৪৪৮/	৭,১১৮/	১,০৮০/	২১,৬৪৬/	০	২১,৬৪৬/	
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক সদর ঘাট।	০	৭২,০২৪/	৪,১৮,১৩৬/	৪,৯০,২৩০/	০	৪,৯০,২৩০/	৪০৪৲।
ঐ ঐ বাগখালী...	০	২১,৪৩৫/	৪০,২৯৪/	৬১,৭২৯/	০	৬১,৭২৯/	ঐ
ঐ ঐ আরাকিন...	০	০	২,১৮৫/	২,১৮৫/	০	২,১৮৫/	ঐ
করকচ নেমক মাদ্রাজ ...	১৮,১৭৪/	১,২৮,২৬৯/	২,২৫,০৫৮/	০	৩,৭২,২০১/	৩,৭২,২০১/	ঐ
ঐ ঐ জেদ্দা ...	০	৩,০৭৬/	০	০	৩,০৭৬/	৩০৭৬/	ঐ
একুন।	১৮,১৭৪/	২,২৫,৫৭৪/	৬,৮৫,৬৭৩/	৫,৫৪,১৪৪/	৩,৭৫,২৭৭/	৯,২৯,৪২১/	

[৭৮৫]

এজেন্সীর নাম।	সন ১২৬৭ সাল অথবা ১৮৬০। ৬১ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৭ সাল মোতাবেক ইং ১৮৬০। ৬১ সাল	সন ১২৬৮ সাল মোতাবেক ইং ১৮৬১। ৬২ সাল	মৌজুদ নেমকের একুন			
				পাঙ্গা	করকচ	মোট একুন	দর ফি ১০০/
কটক।	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
পাঙ্গা নেমক	০	০	০	২,২২,৭৪১/	০	২,২২,৭৪১/	৩২৫/
একুন।	০	০	০	২,২২,৭৪১/	০	২,২২,৭৪১/	
পুরী।							
পাঙ্গা নেমক	০	০	০	৪,১৪,১০০/	০	৪,১৪,১০০/	৩২৫/
করকচ নেমক	০	০	০	০	১৫,৮১,৪০২/	১৫,৮১,৪০২/	
একুন।	০	০	০	৪,১৪,১০০/	১৫,৮১,৪০২/	১৯,৯৫,৫০২/	
বালেশ্বর।							
পাঙ্গা নেমক	০	০	০	৫,৮২,৪১২/	০	৫,৮২,৪১২/	৩৭৫/
একুন।	০	০	০	৫,৮২,৪১২/	০	৫,৮২,৪১২/	
মোট একুন।	১০,৫৩,৪১৫/	২২,৫২,০১৬/	২২,৩৮,২৬২/	৫০,০২,৪৩৩/	৩৩,৫৫,৯২২/	৮৩,৫৮,৩৫৫/	

মন্তব্য।

শহর কলিকাতার অন্তর্গত রিবিনিউ বোর্ডের দপ্তরখানাহইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানাপাওয়া যায় সেই রওয়ানা গোলা ঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে তাহার বিগকে ৬ ঘরের লিখিত দরে ১ ঘরের লিখিত সরকারী গোলাহইতে ১০/ মোন এবং তাহার উর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম ১৮৬২ সাল তারিখ ২৪ অক্টোবর।

ডবলিউ জে হার্থচেল। একটিং জোট সেক্রেটারী।

Darimbo Debya, wife of the late Gobind Prosad Pundit of Searsole in this District, having prayed for the amended entry of the undermentioned Promissory notes in her Certificate of Administration to the effects of the aforesaid deceased, under Act XXVII. of 1860; it is hereby notified, unless any objections are made on or before the 17th November, 1862, her prayer shall be complied with.

Erroneous entry of Nos. of Notes.	Corrected entry of number of Notes.	Amount.
6489	60489	700
8394 of 31686	8394 of 31681	500
8393 of 31686	8393 of 31681	1000
8392 of 31686	8392 of 31681	1,000
8391 of 31686	8391 of 31681	2,000
16436 of 20339	15436 of 20,339	500
15,434 of 20,339	15438 of 20339	600
34789	38789	900
12514 of 15336	12514 of 15366	5,000
16063 of 17419	16036 of 17499	3,000
11266	11266	500

J. W. MALET, *Judge.*

বিজ্ঞাপন।

অত্র জেলাস্থ সেহাড় সোনের মৃত গোবিন্দপ্রসাদ পণ্ডিতের স্ত্রী দাড়িম্ব দেব্যা সন ১৮৬০ সালের ২৭ আইনের বিধানানুসারে উত্তরাধিকারিত্বের সারটফিকটে নিম্ন লিখিত প্রমিসরি নোট সমূহ সংশোধনপূর্ব্বক লিখিয়া দিবার প্রার্থিত হইয়াছে এমতে এই বিজ্ঞাপন করা যাইতেছে যে যদি সন ১৮৬২ সালের ১৭ নবেম্বর দিবসে বা তৎপূর্ব্বে উক্ত বিষয়ের কোন আপত্তি উপস্থিত না হয় তবে দরখাস্তকারিণীর প্রার্থনা গ্রাহ্য করা যাইবেক।

তফসিল নোট।

ভুল	সংশোধিত নম্বর হইবেক	তঙ্কা
৬৪৮৯ নং	৬০৪৮৯ নং	৭০০৲
৮৩৯৪ অং ৩১৬৮৬ নং	৮৩৯৪ অং ৩১৬৮১ নং	৫০০৲
৮৩৯৩ অং ঐ	৮৩৯৩ অং ৩১৬৮১ নং	১০০০৲
৮৩৯২ অং ঐ	৮৩৯২ অং ৩১৬৮১ নং	১০০০৲
৮৩৯১ অং ঐ	৮৩৯১ অং ৩১৬৮১ নং	২০০০৲
১৬৪৩৬ অং ২০৩৩৯ নং	১৫৪৩৬ অং ২০৩৩৯ নং	৫০০৲
১৫৪৩৪ অং ঐ	১৫৪৩৮ নং আর ঐ	৬০০৲
৩৪৭৮৯ নং	৩৮৭৮৯ নং	৯০০৲
১২৫১৪ নং আর ১৫৩৩৬ নং	১২৫১৪ আর ১৫৩৬৬ নং	৫০০০৲
১৬০৬৩ আর ১৭৪১৯ নং	১৬০৩৬ নং আর ১৭৪৯৯ নং	৩০০০৲
১১২৬৬ নং	১১২৬৬ নং	৫০০৲

জে ডবলিউ মালেট। জজ।

[*Government Gazette, 2nd December, 1862.*]

স্থাবরাস্থাবর সম্পত্তিসংক্রান্ত কারবার ও বিচারের নিয়মবোধক বিচার পদ্ধতির বিজ্ঞাপন।

যে ব্যবস্থা ও বিচারের নিয়মঘটিত ইংরাজি পুস্তকের বর্ণনা ১৮৫৪ সালের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১০ পৃষ্ঠায় ১৮৫৩ সালের ২০ নবেম্বর তারিখের সরক্যুলর অর্ডরে ও ১৮৫৫ সালের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৫৩৪ পৃষ্ঠায় উক্ত সনের ১৯ জুলাই তারিখের সরক্যুলর অর্ডরে মুদ্রিত হইয়াছে ও যাহা বি এল পরীক্ষোত্তীর্ণ দিগের শিক্ষা করিতে হয় এবং যাহা মুনসেফি ও ওকালতি পরীক্ষার্থে অবধারণ হইয়াছে ও সর্ব্ব প্রধান আদালতে ব্যবহার আছে সেই ইংরাজি পুস্তক হইতে অনুবাদ করিয়া "বিচার পদ্ধতি" নামা পুস্তক প্রস্তুত ও মুদ্রিত করা গিয়াছে যে মহাশয়ের উক্ত পুস্তক ক্রয় করার অভিপ্রায় হয় আমার নিকট নীচের লিখিত মূল্যসহ পত্র লিখিলে পুস্তক প্রেরণ করা যাইবেক প্রতি পুস্তকের মূল্য ১৲ এক টাকামাত্র এই পুস্তক বিচারক ও উকিল ও মোক্তার ও ভূম্যধিকারীপ্রভৃতিরও প্রয়োজনীয় বটে।

শ্রীদুর্গাকান্ত চক্রবর্ত্তী।

ঢাকা বাঙ্গলাবাজার ৮ বাবু হরিশ্চন্দ্র বসু ডিপুটী কালেক্টর মহাশয়ের বাটীতে।

বিজ্ঞাপন।

গত সপ্তাহের ১৮ নবেম্বর তারিখের সরকারী বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে বাঙ্গলাপ্রভৃতি দেশের জীলা জাতের মোনসফী পদাকাঙ্ক্ষিদের ও হাইকোর্ট ও জজ ও প্রধান সদর আমীন ও সদর আমীন ও মোনসফ দিগের আদালতের ওকালতি পদের পরীক্ষা লওন বিষয় যে বিজ্ঞাপন প্রচার হইয়াছে ঐ পরীক্ষার নির্দ্ধারিত পুস্তক সকলের অধিকাংশ পুস্তক নিম্ন লিখিতমতে আমার যন্ত্রালয়ে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্যের টাকা নোট বা হুণ্ডীর দ্বারা পাঠাইলে অভিলাষিত পুস্তক ডাকযোগে পাঠান যাইবেক এবং ডাকদ্বারা যাঁহারা খরিদ করিবেন তাঁহারদের ডাক মাসুল দিতে হইবেক না।

তফশিল।

উইলিয়ম মেকফারসন সাহেবকৃত কল্টবকট	...	...	...	৪৲
এ জি মেকফারসন সাহেবকৃত মার্টগেজ অর্থাৎ বন্ধক বিষয়	...	...		৪৲
সার উইলিয়ম হে মেকনাটন সাহেবকৃত মেকনটন ল অর্থাৎ সরাশাস্ত্র			...	৪৲
উক্ত পুস্তক ত্রয় উর্দ্দু ভাষায়ও প্রস্তুত আছে মূল্য ফি খণ্ড	...		...	৫৲
ইং ১৭৯৩ সাং ১৮৫৭। সদর দেওয়ানী আদালতের নজীরের ইণ্ডেক্স		...	...	৫৲
ইং ১৭৯৩ সাং ১৮৬২। আদালত ও মাল সংক্রান্ত সমুদয় আইন আদি		...	...	৫

শ্রীমহম্মদ ইস্মাইল উকিল হাইকোর্ট কলিকাতা।

সর্ব্ব সাধারণ জনগণকে জ্ঞাত করা যাইতেছে যে আগামী ১৮৬৩ সালের ২৬ জানুআরি তারিখে ওকালতি ও মুনসুফী পদাকাঙ্ক্ষি ব্যক্তিদিগের পরীক্ষার দিবস ধার্য্য হইয়াছে অতএব ঐ পরীক্ষাবিষয়ক যে সকল আইনের আবশ্যক তাহা অম্মদীয় পুস্তকালয়ে তত্ত্ব করিলে পাইতে পারিবেন বিদেশীয় গ্রহণাকাঙ্ক্ষি ব্যক্তিগণেরা মূল্য ও ডাক মাসুল প্রেরণ করিলে প্রাপ্ত হইতে পারিবেন।

দেওয়ানী রেগিলেসন গাইড ১৭৯৩ সাল নাং ১৮৬২ সালপর্য্যন্ত রদ ব্যতীত আইন ও কনেক্টাকসন, ও সরক্যুলর অর্ডর ও দায়ভাগ দত্তকমীমাংসা ও দত্তক চন্দ্রিকা অনুবাদসম্বলিত মূল্য	...	...	...	১০৲
সার উইলিয়ম হে মেকনটন সাহেবকৃত হিন্দু ও মহাম্মদীয় ল বাঙ্গালা অনুবাদ	...	...		৪
উইলিয়ম মেকফার্শন সাহেবকৃত কনট্রাকট বাঙ্গালা অনুবাদ	...	...	...	৪৲
এ. জি. মেকফার্শন সাহেবকৃত মর্টগেজ বাঙ্গালা অনুবাদ	...	...	...	৪৲
দায়ভাগ ও দত্তকমীমাংসা এবং দত্তক চন্দ্রিকা বাঙ্গালা অনুবাদ মূল্য	...	...	...	২৲
পেনাল কোর্ট অর্থাৎ ভারতবর্ষের দণ্ড বিধান আইন মূল্য	...	...	...	১৷৷০
ফৌজদারী কার্য্যবিধান ২৫ আইন	...	...	...	১৷৷০
ফৌজদারীবিষয়ক ৪৫। ২৫। ৫। ৩৩। আইন ও নিজামতের সরক্যুলরসমূলিত একত্রে বান্ধাই মূল্য				৪৲
ইংরাজী ও বাঙ্গালা ফৌজদারী ২৫ আইন মূল্য		...	...	২৲
১২৭০ সালের ফুল পঞ্জিকা	...	...	...	৷৷০
ঐ ঐ ছাপ	...	...	...	৷০
দেবনাগর অক্ষরের	...	...	...	১৲

শ্রীবেণীমাধব দে।

নাং কলিকাতা বটতলা নং ২৪৬।

বিজ্ঞাপন।

সমাদ দেওয়া যাইতেছে যে প্রবোধচন্দ্রিকা গ্রন্থ শ্রীরামপুর যন্ত্রালয়ে উত্তম কাগজ ও উত্তমাক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ দুই টাকা মাত্র।

(গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২ ডিসেম্বর।)

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারদেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1219. ১২১৯ (৯২৩)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 9, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ৯ ডিসেম্বর।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 27th November 1862, and is hereby promulgated for general information :—

Act No. XXII. of 1862.

An Act relating to Emigration to the British Colonial Dependency of Seychelles.

[Preamble.]

WHEREAS it is expedient to extend the provisions of Act XV. of 1842 (*for regulating the Emigration of the Native Inhabitants of the Territories under the Government of the East India Company to the Island of Mauritius*) so that Native Inhabitants of British India may emigrate to the British Colonial Dependency of Seychelles ; It is enacted as follows :—

[Act XIV. of 1839 repealed.]

I. Act XIV. of 1839, in so far as it renders liable to penalties every person who shall make with any Native of India any contract for labor to be performed in the British Colonial Dependency of Seychelles or who shall knowingly aid or abet any Native of India in emigrating from the Ports of Calcutta, Madras, and Bombay respectively, to the said Colonial Dependency, is repealed.

[Act XV. of 1842 extended.]

II. All the provisions of the said Act XV. of 1842, as modified by Act XLIX. of 1860 (*relating to Vessels carrying Emigrant Passengers to the British Colonies*), shall extend and apply to Native Inhabitants of the British Territories in India who shall emigrate to the British Colonial Dependency of Seychelles, and the said Act XV.

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

লেজিসলেটিব।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের নিম্ন লিখিত আইন বিষয়ে শ্রীলশ্রীযুক্ত গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬২ সালের ২৭ নবেম্বর তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা এইক্ষণে সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৬২ সালের ২২ আইন।

সেশেল নামক ব্রিটনীয় বসতিস্থানে মজুরেরদের গমন বিষয়ি আইন।

[হেতুবাদ।]

ব্রিটনীয় ভারতবর্ষজাত তদ্দেশ নিবাসি লোকেরা সেশেলনামক ব্রিটনীয় বসতি স্থানে গিয়া কর্ম্ম করিতে পারে এই নিমিত্তে (কোম্পানি বাহাদুরের অধীন দেশনিবাসি দেশীয় লোকেরদের মরিচ উপদ্বীপে গমনের নিয়ম করণার্থ) ১৮৪২ সালের ১৫ আইনের বিধান বিস্তারিত করা বিহিত। এই কারণে এই২ বিধান হইল।

[১৮৩৯ সালের ১৪ আইন রদ হইবার কথা।]

১ ধারা। যে কোন ব্যক্তি ভারতবর্ষজাত কোন লোকের সঙ্গে সেশেল নামক ব্রিটনীয় বসতি স্থানে পরিশ্রম করিবার চুক্তি করে, ও যে কেহ জানিয়া শুনিয়া ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই বন্দরহইতে উক্ত বসতিস্থানে গমন করিবার সাহায্য ও সহায়তা করে, তাহার দণ্ড হইতে পারিবে, এই মর্ম্মের যত কথা ১৮৩৯ সালের ১৪ আইনে আছে তাহা রদ হইল ইতি।

[১৮৪২ সালের ১৫ আইন বিস্তারিত করিয়া বর্ত্তাইবার কথা।]

২ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষ জাত ভূমিবাসি যে ব্যক্তিরা সেশেল নামক ব্রিটনীয় বসতি স্থানে গমন করে তাহারদের প্রতি (ব্রিটনীয় বসতি স্থানে গমনকারি মজুরেরদিগকে লইয়া যাইবার জাহাজ বিষয়ি) ১৮৬০ সালের ৪৯ আইনক্রমে মতান্তরিত ১৮৪২ সালের উক্ত ১৫ আইনের সমস্ত বিধান বিস্তারিত হইয়া বর্ত্তিবে। ও

of 1842 shall be read as if the words "or the British Colonial Dependency of Seychelles" had been inserted therein after the word "Mauritius" wherever the word "Mauritius" occurs in the said Act.

[No Emigrant permitted to embark without certificate.]

III. No Emigrant shall be permitted to embark for the said Dependency of Seychelles without a certificate from the Agent appointed by the Government of Mauritius and Seychelles, countersigned by the Protector of Emigrants of the Port of Calcutta, Madras, or Bombay, to the effect that such person has been engaged by him as an Emigrant to that Dependency on the part of the said Government.

[In case of sickness Emigrants may be taken to Quarantine Station of Mauritius.]

IV. In case of sickness breaking out on board of any Vessel conveying Emigrants to the said Dependency, such Emigrants may be taken to the Quarantine Station of the Island of Mauritius, and in such case such Emigrants may, at their option, contract for service at the said Island of Mauritius, or may proceed to the said Dependency; and if they shall elect to contract for service in the said Island of Mauritius, such Emigrants shall then be regarded and treated, in all respects, as if they had emigrated to the said Island under the said Act XV. of 1842.

[Commencement of Act.]

V. This Act shall take effect as to the said Colonial Dependency of Seychelles from the day when the Governor General of India in Council shall notify in the *Calcutta Gazette* that such regulations have been provided, and such measures taken, as the Governor General in Council deems necessary for the protection of such Emigrants during their residence in the said Colonial Dependency of Seychelles and in respect of their return to India.

M. WYLIE,

Depy. Secy. to the Govt. of India,
Home Department.

A Bill to consolidate and amend the Laws relating to the administration of the Department of Sea Customs in India.

[Continued from page 901.]

[Claims to abatement of Duty on account of damage how to be treated.]

LX. No claim for any abatement or refund of Duty on account of damage alleged to have been sustained before entry shall be allowed in respect of any goods imported into any Port in British India, unless such claim be made in writing, and the damaged condition of such goods be ascertained and certified on the first examination thereof,

১৮৪২ সালের উক্ত ১৫ আইনের যে কোন স্থানে "মরিচ উপদ্বীপ" শব্দ থাকে, সেই স্থলে সেই শব্দের পরে "কিম্বা সেশেল নামক ব্রিটনীয় বসতি স্থান" এই কথা থাকার ন্যায়, উক্ত আইন পাঠ করিতে হইবে ইতি।

[সর্টিফিকট বিনা কোন মজুরের জাহাজে উঠিবার অনুমতি না হওয়ার কথা।]

৩ ধারা। মরিচ ও সেশেলের গবর্ণমেণ্টকর্ত্তৃক নিযুক্ত এজেণ্ট সাহেবের সর্টিফিকট না পাইলে, কোন ব্যক্তি সেশেল নামক উক্ত বসতিস্থানে গমনার্থে জাহাজে উঠিতে পাইবে না। সেই সর্টিফিকটে কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই বন্দরে বিদেশ গমনশীল মজুরেরদের রক্ষক সাহেব স্বাক্ষর করিবেন। তাহার মর্ম্ম এই যে, উক্ত গবর্ণমেণ্টের পক্ষে ঐ বসতি স্থানে মজুরস্বরূপে গমনার্থে অমুক ব্যক্তির সঙ্গে করার হইয়াছে ইতি।

[রোগ হইলে মজুরদিগকে মরিচ উপদ্বীপের কারাণ্টাইন স্থানে যাইবার কথা।]

৪ ধারা। যে জাহাজে মজুরদিগকে উক্ত বসতি স্থানে লইয়া যাইতেছে, সেই জাহাজে যদি সঙ্ঘাতিক রোগ হয় তবে ঐ মজুরদিগকে মরিচ উপদ্বীপের কারাণ্টাইন স্থানে উপস্থিত করা যাইতে পারিবে। তাহা হইলে ঐ মজুরেরা স্বেচ্ছামতে সেই মরিচ উপদ্বীপে কর্ম্ম লইবার চুক্তি করিতে পারিবে, অথবা উক্ত বসতি স্থানে গমন করিতে পারিবে। যদি মরিচ উপদ্বীপে কর্ম্ম করিবার চুক্তি লওয়া তাহারদের মনোনীত হয়, তবে ১৮৪২ সালের উক্ত ১৫ আইনমতে উক্ত উপদ্বীপে গমনকারি মজুর বলিয়া তাহারা জ্ঞান হইবে, ও সর্ব্বতোভাবে সেই জ্ঞানে তাহারদের প্রতি ব্যবহার হইবে ইতি।

[আইন প্রচলিত হইবার কালের কথা।]

৫ ধারা। সেশেল নামক বসতি স্থানে গমনেচ্ছুক ব্যক্তিরদের তৎস্থানে বাস করণকালে, তাহারদের রক্ষণাবেক্ষণের ও ভারতবর্ষে তাহারদের প্রত্যাগমনের যে সকল নিয়ম হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর আবশ্যক জ্ঞান করেন এমত নিয়ম ও বিধান স্থির হইবার কথা যে সময়ে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কলিকাতা গেজেটে প্রকাশ করেন, সেই সময়াবধি এই আইন সেশেল নামক উক্ত বসতি স্থান সম্পর্কে প্রচলিত হইবে ইতি।

এম ওয়াইলি।
দেশীয় ডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ভারতবর্ষে সমুদ্রদ্বারা আমদানী ও রপ্তানী করা দ্রব্যের উপর মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের মুসাবিদা।

[২০১ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[নোকসানের জন্যে মাসুল ন্যূন করিবার দাওয়া হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৬০ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে যে কোন মাল আমদানী হয় তাহার এণ্টর হইবার পূর্ব্বে নোকসান হওয়াপ্রযুক্ত কিঞ্চিৎ মাসুল ক্ষমা হইবার কি তাহার টাকা ফিরিয়া পাইবার দাওয়া হইলে, যদি সেই দাওয়া লিখনক্রমে না করা যায়, ও সেই দ্রব্য কষ্টমহৌসের যাচনদারের কি কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কামাকারক সাহেবকর্ত্তৃক তৎকর্ম্মে নিযুক্ত অন্য ব্যক্তির

by a Custom House Appraiser, or by such other person as the Officer in charge of the Custom House shall appoint for the purpose.

[Damaged goods to be sold by auction and Duty levied on amount of gross sale proceeds less Duty.]

LXI. Goods, the damaged condition of which is ascertained and certified to the satisfaction of the Officer in charge of the Custom House, may, after public notice in the Official Gazette, be sold by public auction at such time (within thirty days from the date of entry), and at such place, as the Officer in charge of the Custom House shall appoint. The Duty on such goods shall be adjusted on the gross amount realized by their *bonâ fide* sale, as proved by the original account sales, without any abatement or deduction whatsoever, except of so much as represents the Duties payable on the importation thereof. On goods the value of which shall have been assessed under the provisions of Section CLXX. of this Act, no abatement of Duties shall be allowed, unless they be deteriorated to the extent of one-fifth of their value. No abatement of Duty on account of damage shall be allowed on Wines, Spirits, or Beer, or on any other Articles on which Duties are levied on quantity and not on value.

[Goods derelict and wreck to be treated as Foreign goods.]

LXII. All goods derelict, jetsam, flotsam, and wreck, brought or coming into any Port in British India, shall, at all times, be subject to the same Duties as goods of the like kind are subject to on importation at such Port, unless it shall be shown, to the satisfaction of the Officer in charge of the Custom House, that such goods are the produce, or manufacture of any country or place, by virtue whereof they are entitled to be admitted Duty free, or that such goods, is liable to Duty, are entitled to an abatement in respect of damage.

[Officer in charge of Custom House may, when necessary, direct that goods may be weighed or measured on board-ship before landing.]

LXIII. The Officer in charge of the Custom House whenever he shall see fit, may require that goods brought by Sea, and stowed in bulk, shall be weighed or measured on board-ship before landing, and may levy Duty according to the result of such weighing or measurement.

[No Duty on portion of import cargo intended for another Port, &c.]

LXIV. Any portion of an import cargo intended for another Port, or any stores intended for the home voyage, may, with the special sanction of the Officer in charge of the Custom House, be retained on board of any vessel, and such cargo or stores so retained, shall not be subject to the payment of Duty. Provided that all such goods are entered in the Manifest and in the outward

দ্বারা ঐ দ্রব্য প্রথম দৃষ্টি হইলে যদি তাহার নোকসান অবস্থা নিশ্চয়রূপে না জানা যায় ও তাহার সর্টিফিকট না দেওয়া যায়, তবে সেই দাওয়া গ্রাহ্য হইবেক না ইতি।

[নোকসানী দ্রব্যের নীলাম হইবার কথা ও মাসুল বাদে নীলাম উৎপন্ন মোট টাকার উপর মাসুল আদায়ের কথা।]

৬১ ধারা। যদি মালের নোকসানী অবস্থা কষ্টমহৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারকের নিশ্চয়মতে বুঝা যায় ও তদ্বিষয়ের সর্টিফিকট দেওয়া যায়, তবে সরকারী গেজেটে সর্ব্বসাধারণের জ্ঞাপনপত্র প্রকাশ হইলে পর, সেই মালের এণ্টরী হইবার তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে কষ্টমহৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব যে সময় ও স্থান নিরূপণ করেন সেই সময়ে ও স্থানে সেই দ্রব্যের নীলাম হইতে পারিবে। ও নীলামের আকৌণ্ট সেলমতে ঐ নীলামে মোটে যত টাকা প্রকৃতপ্রস্তাবে উৎপন্ন হয়, তাহাহইতে ঐ দ্রব্যের আমদানীর উপর উপযুক্ত মাসুলভিন্ন কিছু ন্যূন না করিয়া কি বাদ না দিয়া, সেই মূল্যানুসারে মাসুল ধার্য্য হইবে। যে মালের মূল্য এই আইনের ১৭০ ধারামতে ধার্য্য হয় এমত মালের নোকসান হইয়া তাহার পঞ্চমাংশ মূল্য ন্যূন না হইলে, কিছু মাসুল ক্ষমা হইবার অনুমতি হইবেক না। দ্রাক্ষা রস কি মদিরা কি বীর শরাব কি অন্য যে মালের মূল্যানুসারে মাসুল ধার্য্য না হইয়া পরিমাণানুসারে ধার্য্য হয়, তাহার নোকসান হওয়াপ্রযুক্ত কিছু মাসুল ক্ষমা হইবার অনুমতি হইবেক না ইতি।

[ভগ্ন ও ভগ্ন জাহাজের বস্তুতে বিদেশীয় মালের ন্যায় কার্য্য হইবার কথা।]

৬২ ধারা। পরিত্যক্ত যে সকল বস্তু, কি জাহাজ ভগ্ন হওয়াতে যে দ্রব্য ভাসিয়া যায় কি ভাসিয়া ডাঙ্গায় লাগে কিম্বা ভগ্ন জাহাজের যে কোন দ্রব্য ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে উপস্থিত করা যায় কিম্বা আপনি ভাসিয়া আইসে, সেই দ্রব্য কোন দেশ কি স্থানবিশেষে উৎপন্ন কি প্রস্তুত হওয়াপ্রযুক্ত বিনা মাসুলে গ্রাহ্য হইতে পারে, কিম্বা মাসুল লাগিতে পারিলেও নোকসান হওয়াপ্রযুক্ত তাহার কিছু মাসুল ক্ষমা করা উচিত, ইহা কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের বুদ্ধোৎমতে প্রকাশ না হইলে, সেই দ্রব্যের উপর ঐ বন্দরে আমদানী হইলে যত মাসুল লাগিত তত মাসুল আদায় হইতে পারিবেক ইতি।

[কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব আবশ্যক বোধ করিলে, মাল নামাইবার পূর্ব্বে জাহাজে ওজন কি মাপ করিতে আজ্ঞা দিবার কথা।]

৬৩ ধারা। সমুদ্রপথে আনীত যে মাল জাহাজে মোটে বোঝাই হয়, তাহা কিনারায় আনা যাইবার পূর্ব্বে জাহাজে ওজন কি মাপ করা যায়, কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব উপযুক্ত বোধ করিলে এমত আজ্ঞা করিতে পারিবেন। ও সেই দ্রব্য ওজন ও মাপ হইয়া যে ফল হয় তদনুসারে তাহার উপর মাসুল আদায় করিতে পারিবেন ইতি।

[আমদানী মালের কতক অংশ অন্য বন্দরে পাঠাইতে হইলে মাসুল না লাগিবার কথা।]

৬৪ ধারা। আমদানী মালের কোন অংশ অন্য বন্দরে লইয়া যাইবার কিম্বা প্রত্যাগমনকালে পথে ব্যবহার করিবার অভিপ্রায় থাকিলে, কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের বিশেষ অনুমতিক্রমে তাহা জাহাজে থাকিতে পারিবে, ও তদ্রূপ রাখা মালের কি সরঞ্জামের উপর কোন মাসুল লাগিবে না। কিন্তু ঐ সকল মাল মানিফেষ্টে লিখিতে হইবে, ও ঐ জাহাজের বহির্গমনের অনুমতিপত্রে তাহা আমদানী করা

clearance of the vessel, as part of the import cargo not landed, and on which no Duty has been paid. Nothing in this Section shall prevent the Officer in charge of the Custom House from sealing up, if he see reason for so doing, any portion of such cargo or stores, during the vessel's stay in Port.

WAREHOUSING.

[Penalty for improper carrying into warehouse.]

LXV. If any goods entered to be warehoused shall be carried into the warehouse, unless with the authority or under the care of the proper Officers of Customs, and in such manner, by such persons, within such time, and by such roads or ways, as such Officers shall direct, such goods shall be liable to confiscation, or the person so carrying them shall forfeit a sum not exceeding one thousand Rupees.

[Deposit of goods in warehouse by importers.]

LXVI. It shall be lawful for any person who has imported any goods into any warehousing Port to deposit such goods without payment of Duty on the first entry thereof, in any public or private warehouse, approved, appointed, or licensed under this Act.

[Public warehouses.]

LXVII. Every building in any warehousing Port, which the Chief Customs Authority of the Presidency or place shall from time to time approve or appoint for the purpose, shall be a public warehouse for the reception of goods under this Act. Every public warehouse shall be under the lock and key of a warehouse-keeper appointed by the Chief Officer of Customs of the Port in which it is situated. The warehouse-keeper shall be responsible for the charge of all goods deposited in his warehouse, and for their due reception therein and delivery therefrom.

[Chief Customs Authority to decide what goods are to be warehoused, and on what terms.]

LXVIII. The Chief Customs Authority of the Presidency or place may from time to time determine in what divisions of any public warehouse, and in what manner, and on what terms, including rates of rent, any goods and what sort of goods, may and may only be deposited without payment of Duty on the first entry thereof. A table of the rates of rent so fixed for every public warehouse shall be placed in a conspicuous part thereof.

[Licensing of private warehouses at any warehousing Port.]

LXIX. At any warehousing Port the Chief Officer of Customs of the Port shall have power to license private warehouses for the reception of goods under this Act without payment of Duty on the first entry thereof. Every license for a private warehouse so granted shall, unless it be

কিন্তু স্থানান্তর না করা যে মালের উপর মাসুল দেওয়া যায় নাই, এমত মাল বলিয়া লিখিতে হইবে। জাহাজ বন্দরে থাকনকালে কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব কারণ জানিলে, তদ্রূপ বোঝাই মালের কি সরঞ্জামের কোন অংশে মোহর করিতে পারিবেন, ইহার বাধা এই ধারার কোন কথাতে হইবেক না ইতি।

গুদামজাৎ হইবার কথা।

[মাল অনিয়মিতরূপে গুদামে লইয়া যাইবার দণ্ডের কথা।]

৬৫ ধারা। গুদামজাৎ হইবে বলিয়া যে মাল এণ্টর হয়, তাহা কষ্টমের উপযুক্ত কার্য্যকারকেরদের আজ্ঞাক্রমে ও তত্ত্বাধীনে ও তাঁহারা যেরূপে যাঁহার দ্বারা যে সময়ে ও যে রাস্তায় কি পথে লইয়া যাইবার আজ্ঞা করেন, তাঁহার দ্বারা সেই সময়ে সেই রাস্তায় কি পথে গুদামে লইয়া যাইতে হইবেক। যদি অন্য প্রকারে গুদামজাৎ করা যায় তবে ঐ মাল জব্দ হইতে পারিবে, কিম্বা তিনি সেই মাল লইয়া যান তাঁহার এক সহস্র টাকার অনধিক দণ্ড হইবেক ইতি।

[আমদানীকারকের দ্বারা গুদামজাৎ করিবার কথা।]

৬৬ ধারা। যদি কোন ব্যক্তি গুদামজাৎ করিবার কোন বন্দরে কোন মাল আমদানী করেন, তবে তিনি ঐ মাল প্রথম এণ্টর করণকালে মাসুল না দিয়া এই আইনমতের সম্মতিপ্রাপ্ত কি নিরূপিত কি অনুমতিপ্রাপ্ত কোন সরকারী কি সাধারণ ব্যক্তির গুদাম ঘরে গচ্ছিত করিতে পারিবেন ইতি।

[সরকারী গুদামঘরের কথা।]

৬৭ ধারা। গুদামজাৎ করিবার কোন বন্দরে প্রসীডেন্সীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সময়ে২ যে ঘর গুদামস্বরূপে গ্রাহ্য কি নিরূপণ করেন সেই ঘর এই আইনমতে মাল গ্রহণার্থ সরকারী গুদাম হইবে। সরকারী প্রত্যেক গুদামঘরের তালা চাবি থাকিবে। গুদাম যে বন্দরে থাকে ঐ বন্দরের কষ্টম হৌসের প্রধান কার্য্যকারক সাহেব যে ব্যক্তিকে ঐ গুদামের রক্ষকের পদে নিযুক্ত করেন তাঁহার হাতে ঐ তালা চাবি থাকিবে। ঐ গুদামরক্ষক আপন গুদামে গচ্ছিত মাল রক্ষাকরণ বিষয়ে ও তাহা উপযুক্তমতে গ্রহণকরণ ও তাহাহইতে সমর্পণ করণ বিষয়ে দায়ী হইবেন ইতি।

[যে প্রকারের মাল যে নিয়মে গুদামে রাখিতে হইবে তাহা কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবের নির্দ্ধার্য্য করিবার কথা।]

৬৮ ধারা। কোন মাল সরকারী কোন গুদামঘরের যে অংশে যেরূপে যে নিয়মমতে ও যত ভাড়া দিয়া গচ্ছিত হইতে পারিবে, ও যে প্রকারের দ্রব্যভিন্ন অন্য দ্রব্য প্রথম এণ্টর করিবার সময়ে মাসুল না দিয়া গচ্ছিত হইতে পারিবেক না, এই সকল বিষয় প্রসীডেনসীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সময়ে২ নির্দ্ধার্য্য করিবেন। সরকারী প্রত্যেক গুদামঘরে দ্রব্য রাখিবার ভাড়ার যে হার নির্দ্ধারিত হয়, তাহার ফর্দ্দ ঐ ঘরের কোন প্রকাশ স্থানে লটকাইতে হইবেক ইতি।

[গুদামজাৎ করণের কোন বন্দরে সাধারণ লোকেরদের গুদামঘরের অনুমতিপত্র দিবার কথা।]

৬৯ ধারা। গুদামজাৎ করিবার কোন বন্দরে এই আইনমতে মাল প্রথমে এণ্টর হওন সময়ে মাসুল না দিয়া যাহাতে গ্রহণ হইতে পারিবে সাধারণ ব্যক্তির এমত গুদামঘরের অনুমতিপত্র দিতে ঐ বন্দরের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবের ক্ষমতা থাকিবেক। সাধারণ ব্যক্তির গুদামঘরের তদ্রূপ যে প্রত্যেক

otherwise provided in the license, be liable to be revoked after one month's notice by the Chief Officer of Customs of the Port.

[Form of application for license for private warehouses.]

LXX. Every application for a license for a private warehouse shall be in writing and shall be drawn up in the form marked A annexed to this Act, or in such other form as shall from time to time be prescribed by the Chief Customs Authority of the Presidency or place, and shall be signed by the applicant.

[Form of application for the admission of goods into warehouse.]

LXXI. Every application for the admission of goods into any public or private warehouse shall be in writing, and shall be drawn up in the form marked B annexed to this Act, or in such other form as shall from time to time be prescribed by the Chief Customs Authority of the Presidency or place, and shall be signed by the applicant.

[No goods to be warehoused without payment of Duty unless assessed for Customs duty. Warehouse-keeper or bonder to be answerable for weight or gauge. Saving of the re-assessment of ware-housed goods on clearance for home consumption.]

LXXII. No goods shall be warehoused, without payment of Duty on the first entry thereof, unless such goods shall have been assessed for Customs Duty in like manner as goods intended to be passed for home consumption. The warehouse-keeper in respect of goods lodged in a public warehouse, and the person who obtained the license in respect of goods lodged in a private warehouse, shall be answerable for the weight or gauge reported by the Custom House Officer who shall have assessed such goods, allowance being made, if necessary, for ullage and wastage as provided in Section LXXXVIII. of this Act. Nothing in this Section shall interfere with the re-assessment for Duty of warehoused goods on their clearance for home consumption, should such re-assessment be required under Section XXVI. of this Act, in consequence of an alteration of any Duty or of any fixed valuation for Duty.

[Bond under what circumstances to be taken. Form and conditions of bond.]

LXXIII. When an application shall have been made for the warehousing of any goods under this Act, and when such goods shall have been assessed for Duty as directed in the last preceding Section, the importer, owner, or consignee, or his agent shall be required to execute a bond for the amount of such Duty in the form marked C annexed to this Act, or in such other form as shall from time to time be prescribed by the Chief Customs Authority of the Presidency or place. The bond shall be for twice the amount of Duty assessed

অনুমতিপত্র দেওয়া যায়, তাহাতে প্রকারান্তরের বিধান না থাকিলে, ঐ বন্দরের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব এক মাসের সম্বাদ দিয়া সেই অনুমতিপত্র অসিদ্ধ করিতে পারিবেন ইতি।

[সাধারণ ব্যক্তির গুদামের অনুমতিপত্র পাইবার প্রার্থনার কথা।]

৭০ ধারা। সাধারণ ব্যক্তির গুদাম করিবার অনুমতিপত্রের প্রার্থনা এই আইনের শেষ ভাগের A চিহ্নিত পাঠে, কিম্বা প্রসীডেন্সীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সময়ে২ অন্য যে পাঠ নিরূপণ করেন সেই পাঠে, লিখিয়া দিতে হইবেক, ও তাহাতে প্রার্থকের স্বাক্ষর করিতে হইবেক ইতি।

[গুদামঘরে মাল গ্রহণার্থ প্রার্থনার পাঠের কথা।]

৭১ ধারা। সরকারী কি সাধারণ ব্যক্তির কোন গুদামঘরে মাল গ্রহণার্থ প্রত্যেক প্রার্থনা এই আইনের শেষভাগের B চিহ্নিত পাঠে, কিম্বা প্রসীডেন্সীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সময়ে২ অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে লিখিয়া দিতে হইবেক, ও তাহাতে প্রার্থকের স্বাক্ষর করিতে হইবেক ইতি।

[কষ্টমের মাসুল ধার্য্য না হইলে মাল মাসুল না দিয়া গুদামজাৎ না হইবার কথা, ও মাপের ও ওজনের নিমিত্তে গুদামরক্ষকের কি একরারকারকের দায়ী হইবার কথা। ও গুদামজাৎ মাল দেশে ব্যবহারার্থে সমর্পণ হইলে তাহার উপর পুনর্ব্বার মাসুল ধার্য্য হইতে পারিবার কথা।]

৭২ ধারা। যে মালের এই দেশে ব্যবহার হইবার অভিপ্রায় থাকে, তাহার যেরূপে হয়, সেইরূপে কোন মালের উপর কষ্টমের মাসুল ধার্য্য না হইলে, প্রথম এণ্টর করিবার সময়ে মাসুল না দিয়া ঐ মাল গুদামজাৎ করা যাইবেক না। কষ্টমহৌসের যে কার্য্যকারক কোন মালের মাসুল ধার্য্য করেন সেই মালের যে ওজন কি পরিমাণ রিপোর্ট করেন, সরকারী গুদামজাৎ মালের সেই ওজন ও পরিমাণ বিষয়ে ঐ গুদাম রক্ষক দায়ী হইবেন, ও সাধারণ ব্যক্তির গুদামে গচ্ছিত মালের সেই ওজন ও পরিমাণবিষয়ে অনুমতিপত্র প্রাপ্ত ব্যক্তি দায়ী হইবেন। যদি ঝরতি কি পড়তির জন্যে কিছু বাদ দেওয়ার প্রয়োজন হয়, তবে এই আইনের ৮৮ ধারার বিধানমতে তাহা ধরিতে হইবেক। মাসুলের কিম্বা নির্দ্ধারিত যে মূল্যানুসারে মাসুল ধরিতে হইবেক সেই মূল্যের পরিবর্ত্তন হওয়াতে, যদি এই আইনের ২৬ ধারামতে মাসুল পুনশ্চ ধার্য্যকরা প্রয়োজন হয়, তবে দেশে ব্যবহারার্থে সেই গুদামজাৎ মাল ছাড়িয়া দেওন সময়ে তাহার মাসুল পুনশ্চ ধার্য্য হইবেক, এই ধারার কোন কথাতে ইহার বাধা নাই ইতি।

[যে স্থলে যে পাঠে ও যে নিয়মে একরারনামা লওয়া যাইবে তাহার কথা।]

৭৩ ধারা। যখন এই আইনমতে কোন মাল গুদামজাৎ করিবার প্রার্থনা হয় ও ইহার পূর্ব্ব ধারামতে সেই মালের উপর মাসুল ধার্য্য হয়, তখন আমদানীকারককে কি স্বামিকে কি কানসাইনীকে কিম্বা তাঁহার এজেণ্টকে এই আইনের পশ্চাৎ লিখিত C চিহ্নিত পাঠে কিম্বা প্রসীডেন্সীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সময়ে২ অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে, ঐ মাসুলের টাকা দিবার একরারনামা লিখিয়া দিতে আজ্ঞা হইবেক। মালের উপর যত মাসুল ধার্য্য হয়, তাহার দ্বিগুণ টাকার তাইদে ঐ একরারনামা হইবে। ও তাহার নিয়ম এই যে, ঐ মালের

on the goods, and shall stipulate for the payment, from the date of demand of any sum due on account of the goods, of interest on such sum at such rate, not exceeding 6 per cent. per annum, as shall be fixed by the Chief Customs Authority of the Presidency or place. Every person who shall execute a bond under this Section shall be bound thereby for the payment of all Duties and charges that shall be claimable on account of the goods, or of penalties incurred for violation of the Customs law in respect to the same. When any such bond shall have been executed, the goods shall be allowed to remain in warehouse for a period not exceeding three years, without being liable to the demand of Import Duty.

জন্যে প্রাপ্য কোন টাকার দাওয়া হইলে, সেই দাওয়ার তারিখঅবধি ঐ টাকার উপর শতকরা ৬৲ টাকার অনধিকের যে হার প্রসীডেন্সীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব নিরূপণ করেন, সেই হারে সুদ দেওয়া যাইবে। এই ধারামতে যে কোন ব্যক্তি একরারনামা লিখিয়া দেন, তিনি ঐ মালের নিমিত্তে যত মাসুল ও খরচ দাওয়া হইতে পারে তাহা দিতে, ও সেই মাল বিষয়ে কষ্টমের কোন আইন লঙ্ঘন হইলে যে দণ্ড নির্দ্ধারিত হয় তাহা দিতে, ঐ একরারনামাক্রমে বদ্ধ হইবেন। তদ্রূপ কোন একরারনামা দেওয়া গেলে পর, সেই মালের উপর আমদানীর মাসুলের দাওয়া না হইয়া, তাহা তিন বৎসরের অনধিক কাল গুদামে থাকিবার অনুমতি হইবে ইতি।

[Goods for warehouse to be sent in charge of Customs Officer with a pass.]

[গুদামজাৎ করিবার মাল পাসসুদ্ধ কষ্টমের কার্য্যকারকের জিম্মায় পাঠাইতে হইবার কথা।]

LXXIV. When the provisions of the three Sections last preceding shall have been complied with in respect to any goods, such goods shall be forwarded in charge of an Officer of Customs to the warehouse in which they are to be deposited. There shall be sent with the goods a pass in which the name of the importing vessel, and of the bonder, the marks, numbers, and contents of each package, and the warehouse or place in the warehouse wherein they are to be deposited, shall be specified. On receipt of the goods into the warehouse, the correctness of the pass, if it be correct, shall be duly certified by the proper Officer, and the pass shall be returned to the Officer in charge of the Custom House, after which the warehousing of such goods shall be deemed to have been completed. If any goods entered to be warehoused shall be withheld, or removed from any proper place of examination, before they shall have been examined and certified by the proper Officer, it shall be deemed that such goods have not been duly warehoused, and they shall be liable to confiscation.

৭৪ ধারা। কোন মালের বিষয়ে পূর্ব্বোক্ত তিন ধারারবিধান কার্য্য হইলে পর, সেই মাল যে গুদাম ঘরে গচ্ছিত হইবে, সেই ঘরে কষ্টমের কার্য্যকারকের জিম্মায় চালান হইবে। ঐ মালের সঙ্গে পাস দেওয়া যাইবে। আমদানীর জাহাজের ও একরারকারকের নাম, ও প্রত্যেক বস্তার চিহ্ন ও নম্বর ও তদন্তর্গত দ্রব্যের নাম, ও যে গুদামঘরে ও গুদাম ঘরের যে স্থানে তাহা গচ্ছিত হইবে এই সকল কথা পাসে নির্দ্দিষ্ট থাকিবেক। মাল গুদামঘরে গৃহীত হইলে, যদি পাস শুদ্ধ হয়, তবে তাহার শুদ্ধতা বিষয়ে উপযুক্ত কার্য্যকারক রীতিমতে সর্টিফিকট লিখিয়া কষ্টম হৌসের কার্য্যের ভার প্রাপ্ত কার্য্যকারককে ফিরিয়া দিবেন। তৎপরে ঐ মালের গুদামজাৎ করণের কার্য্য সম্পন্ন হইয়াছে বোধ হইবে। গুদামজাৎ করিবার ভাবে কোন মাল এণ্টর হইলে পর যদি গুদামে আনা না যায়, কি উপযুক্ত কার্য্যকারকের দ্বারা দৃষ্টি হওনের ও সর্টিফিকট দেওনের পূর্ব্বে যদি দৃষ্টি হইবার উপযুক্ত স্থানহইতে সেই মাল স্থানান্তর করা যায়, তবে উপযুক্তমতে গুদামজাৎ হয় নাই বিবেচনার জন্য হইবার যোগ্য হইবে ইতি।

[Penalty for misdescription of goods.]

['মালের অযথার্থ বর্ণনা হইলে দণ্ডের কথা।]

LXXV. When goods are passed by tale or by package, the importer, owner, or consignee of such goods, or his agent, shall, for every omission or misdescription thereof, tending to injure the revenue, forfeit a sum not exceeding ten times the amount of Duty which could have been lost to Government by such omission or misdescription, unless it shall be proved to the satisfaction of the Collector of Customs that the variance was accidental. If the quantity or value of any goods shall have been overstated on importation, the error may be rectified at any time before the warehousing of the goods shall be completed.

৭৫ ধারা। কোন মাল সংখ্যা কি বস্তাক্রমে পাস হইয়া যদি তাহার কোন ছুট কি অযথার্থ বর্ণনাদ্বারা রাজস্বের হানি হইবার সম্ভাবনা হয়, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে ঐ অযথার্থ বর্ণনা কি ছুট অবিবেচনায় হইয়াছে, ইহা কষ্টমের কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে প্রকাশ না হইলে ঐ ছুট কি অযথার্থ বর্ণনাদ্বারা গবর্ণমেণ্টের যত ক্ষতি হইতে পারিত, তাহার দশ গুণের অনধিক টাকাপর্য্যন্ত ঐ মালের আমদানীকারকের কি স্বামির কি কানসাইনীর কিম্বা তাহার এজেণ্টের দণ্ড হইবেক। আমদানীর সময়ে কোন মালের যত ও যে মূল্য ধরা যায় তাহা যদি অতি ন্যূন লেখা থাকে, তবে ঐ মাল গুদামজাৎ করণ কার্য্য সম্পন্ন হইবার পূর্ব্বে কোন সময়ে, ঐ ভ্রম সংশোধন হইতে পারিবেক ইতি।

[Packages, &c., to be marked and numbered before admission into warehouse.]

[কোন বস্তাদি গুদামে গ্রাহ্য হইবার পূর্ব্বে তাহাতে চিহ্ন ও নম্বর দিবার কথা।]

LXXVI. No package, butt, cask, or hogshead shall be admitted into any public or private warehouse, unless it bear the marks and numbers specified in the pass for its admission. All goods shall be warehoused in the packages, butt, casks, or hogsheads in which they shall have been im-

৭৬ ধারা। কোন বস্তা কি পীপা কি বড় পীপা গ্রহণ করিবার যে চিহ্ন কি নম্বর পাসে থাকে তাহার সমান চিহ্ন কি নম্বর সেই বস্তাপ্রভৃতির উপর না থাকিলে সেই বস্তাপ্রভৃতি সরকারী কিম্বা সাধারণ ব্যক্তির গুদাম ঘরে গৃহীত হইবে না। এই আইনের ৮৫ ধারার লিখিত স্থলভিন্ন, যে সকল মাল যে বস্তা ও পীপা প্রভৃ-

ported, except as provided in Section LXXXV. of this Act. If any such goods be not so warehoused, or if any alteration be made in goods so warehoused or in the packing thereof, or if any such goods be removed from the warehouse in which they were originally deposited, except in presence or with the sanction of the proper Officer, or under the proper authority for their delivery, such goods shall be liable to confiscation.

[Penalty for keeper or licensee of a warehouse neglecting to stow goods properly.]

LXXVII. If the keeper of any public warehouse, or the person who has obtained a license for any private warehouse, shall neglect to stow the goods warehoused therein, so that easy access may be had to every package and parcel thereof, he shall, for every such neglect, forfeit a sum not exceeding fifty Rupees.

[Penalty for keeper or licensee of a warehouse neglecting to produce goods when required.]

LXXVIII. If the keeper of any public warehouse, or the person who has obtained a license for any private warehouse, shall fail, on the requisition of any officer of Customs, to produce any goods which shall have been deposited in such warehouse, and which shall not have been duly cleared and delivered therefrom, he shall, for every such neglect, forfeit a sum not exceeding fifty Rupees in respect of every package or parcel so missing or deficient, and also a sum equal to the Duties due thereon.

[Goods entered to be warehoused, if not duly warehoused, or concealed or removed, to be confiscated.]

LXXIX. If any goods entered to be warehoused shall not be duly warehoused in pursuance of such entry, or after being duly warehoused shall be fraudulently concealed in or removed from the warehouse, or abstracted from any package, or transferred from one package to another, or otherwise, for the purpose of illegal removal or concealment, such goods shall be liable to confiscation.

[Officer in charge of Custom House may cause packages lodged in warehouse to be opened and examined.]

LXXX. The Officer in charge of the Custom House shall have authority at any time to issue his written order to cause any goods or packages lodged in any public or private warehouse to be opened, weighed, or otherwise examined as he may direct; and after any goods shall have been so opened or examined, to cause the same to be sealed or marked in such manner as to him may seem fit. When any goods shall have been so sealed and marked, after examination, they shall not be again opened without permission from the Officer in charge of the Custom House; when any such goods shall be opened with the permission of such Officer,

[*Government Gazette*, 9th *December*, 1862.]

তিতে আমদানী হয় তাহাতেই গুদামজাৎ করা যাইবে। তদ্রূপ মাল যদি ঐ রূপে গুদামজাৎ না হয় কিম্বা সেইরূপে গুদামজাৎ মালের কি তাহার বস্তাবন্দীর বিষয়ে কোন পরিবর্ত্তন হয়, কিম্বা প্রথমে যে গুদামে গচ্ছিত হইয়াছিল তথাহইতে যদি উপযুক্ত কর্ম্মকারকের অসাক্ষাতে কি তাঁহার সম্মতিবিনা কি সমর্পণ করিবার উপযুক্ত আজ্ঞা বিনা স্থানান্তর করা যায়, তবে সেই মাল জব্দ হইবার যোগ্য হইবে ইতি।

[মাল উপযুক্তরূপে সাজাইয়া রাখিতে শৈথিল্য করিলে গুদামের রক্ষকের কি অনুমতিপত্রপ্রাপ্ত ব্যক্তির দণ্ডের কথা।]

৭৭ ধারা। যদি সরকারী গুদামের রক্ষক কিম্বা গুদাম করিবার অনুমতিপত্রপ্রাপ্ত সাধারণ ব্যক্তি গুদামজাৎ প্রত্যেক বস্তা ও পুলিন্দা যাহাতে অনায়াসে পাওয়া যাইতে পারে এমতে সাজাইয়া না রাখে, তবে তদ্রূপ প্রত্যেক দোষের জন্যে তাহার ৫০৲ টাকার অনধিক দণ্ড হইবেক ইতি।

[গুদামের রক্ষক কি অনুমতি পত্রপ্রাপ্ত ব্যক্তি মাল দেখাইবার আজ্ঞা পাইলেই শৈথিল্য করিলে তাহার দণ্ডের কথা।]

৭৮ ধারা। কোন সরকারী গুদামরক্ষক কি গুদাম করিবার অনুমতিপত্রপ্রাপ্ত কোন সাধারণ ব্যক্তি যদি কষ্টমের কোন কার্য্যকারকের আজ্ঞা পাইলে ঐ গুদামজাৎ মাল, ও যাহা লইয়া যাইবার ও সমর্পণ করিবার অনুমতি হয় নাই এমত মাল দেখাইতে না পারে, তবে তদ্রূপ প্রত্যেক দোষের নিমিত্তে ঐ মালের উপর যত মাসুল দিতে হয় তাহা, ও যে বস্তা কি পুলিন্দা উক্ত প্রকারে পাওয়া না যায় কি ন্যূন পড়ে, তাহার প্রত্যেকের উপর তাঁহার ৫০৲ টাকার অনধিক দণ্ড হইবেক ইতি।

[যে মাল গুদামজাৎ করিবার জন্যে এণ্টর করা যায় তাহা উপযুক্ত মতে গুদামজাৎ না হইলে কি গোপন কি স্থানান্তর করা গেলে তাহা জব্দ হইবার কথা।]

৭৯ ধারা। গুদামজাৎ হইবার নিমিত্তে যদি কোন মাল এণ্টর করা গেলে সেই এণ্টরীমতে উপযুক্তরূপে গচ্ছিত না করা যায়, কিম্বা উপযুক্তমতে গুদামজাৎ হইলে পর যদি প্রতারণাক্রমে ঐ গুদামে গুপ্ত করা যায়, কিম্বা গুদামহইতে স্থানান্তর করা যায়, কি কোন বস্তাহইতে হরণ করা যায়, কি এক বস্তাহইতে বাহির করিয়া অন্য বস্তায় দেওয়া যায়, কিম্বা বেআইনীমতে স্থানান্তর করিবার কি গোপনে রাখিবার অভিপ্রায়ে প্রকারান্তরে স্থানান্তরিত হয়, তবে সেই মাল জব্দ হইতে পারিবেক ইতি।

[কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারকের গুদামজাৎ কোন বস্তা খুলিয়া দৃষ্টি করিবার ক্ষমতার কথা।]

৮০ ধারা। রাজকীয় কি সাধারণ ব্যক্তির গুদামে যে কোন মাল কি বস্তা রাখা যায় তাহা কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব কোন সময়ে লিখিত আজ্ঞা দিয়া খুলিয়া দেওয়াইতে কি ওজন করাইতে কিম্বা প্রকারান্তরে আপন আদেশমতে দৃষ্টি করাইতে ক্ষমতাপন্ন হইবেন। ও তদ্রূপে খোলা গেলে কি দৃষ্ট হইলে পর তিনি তাহাতে যেরূপ মোহর কি চিহ্ন দেওয়া উপযুক্ত বোধ করেন তাহা দেওয়াইতে পারিবেন। দৃষ্ট হইলে পর যখন কোন মালে তদ্রূপ মোহর ও চিহ্ন দেওয়া যায় তখন কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের অনুমতিবিনা তাহা পুনরায় খোলা যাইতে পারিবেক না, ও সেই কার্য্যকারক সাহেবের অনুমতিক্রমে যখন কোন মালের বস্তা

the packages shall again be sealed or marked as before.

[Penalty for proprietor or licensee of private warehouses refusing access to Customs Officers.]

LXXXI. The Officer in charge of the Custom House, or any Officer deputed by him for the purpose, shall have access to any private warehouse licensed under this Act; and if the person who has obtained a license for any such private warehouse shall not open the same when required so to do, or shall, upon demand made at any time within the hours of business at the Port, refuse access to any Officer entitled under this or any other law to have access thereto, such person shall forfeit a sum not exceeding one thousand Rupees, and shall further be liable to have his license forthwith cancelled and withdrawn.

[When bond for Duty in goods on private warehouse deprived of license shall become due.]

LXXXII. Every bond executed for Duty chargeable on goods deposited in any private warehouse shall become due and may be put in suit for the levy of such Duties and other demands of Customs after seven days shall have passed from the date on which the Officer in charge of the Custom House shall have given notice of the license for such warehouse being withdrawn.

[Owners to have access to warehoused goods attended by an Officer of Customs during business hours.]

LXXXIII. Any importer, owner, or consignee of goods lodged in a public or private warehouse under this Act, or the agent of any such importer, owner, or consignee shall, at any time within the hours of business, have access to his goods in presence of an Officer of Customs, and an Officer of Customs shall be deputed to accompany any such person upon application being made in writing to the Officer in charge of the Custom House for the purpose. When an Officer of Customs is deputed as above, the person making the application shall, if required so to do, pay into the hands of the Officer in charge of the Custom House a sum sufficient to meet the expense of employing a special Officer for this purpose, whenever the Officer in charge of the Custom House shall find it expedient to employ such special Officer.

[Penalty for importer or owner of warehoused goods clandestinely gaining access.]

LXXXIV. If the importer, owner, or consignee, of any warehoused goods, or the agent or any person in the employ of such importer, owner, or consignee shall clandestinely open any warehouse, or, except in presence of the proper Officer of Customs, gain access to his goods, such importer, owner, consignee, or agent shall, in

খোলা যায় তখন পূর্ব্বমতে তাহাতে পুনশ্চ মোহর কি চিহ্ন দিতে হইবে ইতি।

[সাধারণ ব্যক্তির গুদামঘরের স্বামী কি অনুমতিপ্রাপ্ত ব্যক্তি কষ্টমের কার্য্যকারকদিগকে প্রবেশ করিতে না দিলে তাহার দণ্ডের কথা।]

৮১ ধারা। এই আইনমতে সাধারণ ব্যক্তির যে কোন গুদামঘর করিবার অনুমতি হয় তাহাতে কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব কিম্বা তৎকর্ত্তৃক নিযুক্ত কোন কার্য্যকারক প্রবেশ করিতে পারিবেন। এবং তদ্রূপ কোন সাধারণ গুদামঘর করিবার অনুমতিপত্র যে ব্যক্তি পান তিনি যদি আজ্ঞামতে ঐ ঘর না খুলিয়া দেন, কিম্বা বন্দরে কর্ম্ম চলিবার কোন সময়ে আজ্ঞাপ্রাপ্ত হইলে যদি এই কি অন্য কোন আইনক্রমে তথায় প্রবেশ করিবার ক্ষমতাপন্ন কোন কার্য্যকারককে প্রবেশ করিতে না দেন, তবে সেই ব্যক্তির এক সহস্র টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে, ও তদ্ভিন্ন তাঁহার সেই অনুমতিপত্র তৎক্ষণাৎ ব্যর্থ ও হরণ করা যাইতে পারিবে ইতি।

[সাধারণ গুদামঘরের অনুমতিপত্র রহিত হইলে তাহাতে থাকা দ্রব্যের মাসুলের একরারনামার টাকা যে সময়ে দেয় হইবে তাহার কথা।]

৮২ ধারা। সাধারণ কোন গুদামঘরের গচ্ছিত মালের উপর যে মাসুল আদায় হইতে পারে তাহার একরারনামা যদি করা যায়, তবে কষ্টম হৌসের কর্ম্মের ভার প্রাপ্ত কার্য্যকারক সেই গুদামের অনুমতিপত্র রহিত হইবার সম্বাদ যে তারিখে দেন সেই তারিখঅবধি সাত দিন গত হইলে, ঐ একরারনামার টাকা দেয় হইবেক, ও সেই মাসুল ও কষ্টমের অন্য২ দাওয়া আদায় করিবার জন্যে ঐ একরারনামার প্রমাণে মোকদ্দমা হইতে পারিবেক ইতি।

[কর্ম্ম চলিবার সময়ে কষ্টমের কোন কার্য্যকারককে লইয়া গুদামজাৎ মালের স্বামিদের স্ব২ মালের নিকট যাইতে পারিবার কথা।]

৮৩ ধারা। এই আইনমতে সরকারী কিম্বা সাধারণ ব্যক্তির গুদামঘরে যে মাল গচ্ছিত হয় তাহার আমদানীকারক কি স্বামী কি কানসাইনী কি তাঁহার এজেণ্ট কর্ম্ম চলিবার কোন সময়ে কষ্টমের কোন কার্য্যকারকের সাক্ষাতে আপন মালের নিকটে যাইতে পারিবে, এবং কষ্টমহৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের নিকটে তদ্রূপ কোন ব্যক্তি লিখিয়া প্রার্থনা করিলে তদভিপ্রায়ে তাঁহার সঙ্গে গমনার্থে কষ্টমের কোন কার্য্যকারক প্রেরিত হইবেন। যখন পূর্ব্বোক্তমতে কষ্টমের কার্য্যকারককে পাঠান যায় তখন কষ্টমহৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব সেই কর্ম্মে বিশেষ এক জন কর্ম্মকারককে প্রেরণ করা বিহিত বোধ করিলে তাঁহাকে সেই কর্ম্মে নিযুক্ত করিবার যত খরচ উক্ত কার্য্যকারক সাহেব উপযুক্ত বোধ করেন তত খরচ তাঁহার আজ্ঞা হইলে, তাঁহার হাতে দিতে হইবেক ইতি।

[গুদামজাৎ মালের আমদানীকারক কি স্বামী সেই মালের নিকটে গোপনে গেলে তাহার দণ্ডের কথা।]

৮৪ ধারা। গুদামজাৎ মালের আমদানীকারক কি স্বামী কি কানসাইনী কি সেই আমদানীকারকের কি স্বামির কি কানসাইনীর এজেণ্ট কি তাঁহার কর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তি যদি কোন গুদামঘর গোপনে খোলে কিম্বা কষ্টমের উপযুক্ত কর্ম্মকারকের অবর্ত্তমানে আপন মালের নিকটে যায়, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে ঐ আম-

every such case, forfeit a sum not exceeding one thousand Rupees.

[Goods in warehouse may be sorted, repacked, &c.]

LXXXV. With the sanction of the Officer in charge of the Custom House, and after such notice given and cause shewn, and at such times, and under such rules and conditions as the Chief Customs Authority of the Presidency or place shall from time to time prescribe, it shall be lawful for any importer, owner, or consignee of goods, or his agent, either before or after warehousing, to sort, separate, pack, and repack any goods in warehouse, and to make such alterations therein as may be necessary for the preservation, sale, shipment, or disposal thereof (such goods to be repacked in the packages which they were imported, or in such other packages as the Officer in charge of the Custom House shall permit); and also to fill up any casks of wine or spirits from any casks of the same secured in the same warehouse; and also to mix any wines of the same sort, erasing from the cask all import brands, unless the whole of the wine so mixed be of the same brand; and also to take such samples of goods as may be allowed by the Officer in charge of the Custom House, with or without entry, and with or without payment of Duty, except as the same may eventually become payable on a deficiency of the original quantity; and after such goods have been so separated and repacked in proper or approved packages, the Officer in charge of the Custom House may, at the request of the importer, owner, or consignee of such goods, or his agent, cause or permit any refuse, damaged, or surplus goods occasioned by such separation or repacking (or, at the like request, any goods which may not be worth the Duty) to be destroyed, and may remit the Duty payable thereon.

দানীকারকের কি স্বামির কি কানসাইনীর কি এজেণ্টের এক হাজার টাকাপর্য্যন্ত দণ্ড হইবেক ইতি।

[গুদামের মধ্যে যে মাল থাকে তাহা বাছিয়া রাখিবার ও পুনর্ব্বার বস্তা বান্ধিবার কথা।]

XXII. It shall not be lawful for the Master of any Steamer or the Manjee of any boat, without a license granted by the Superintendent, to convey any laborer who may embark within the local limits of the authority of such Superintendent for the purpose of proceeding to the Districts of Assam, Cachar, or Sylhet in order to labor there for hire. A fee, not exceeding one Rupee per laborer, (according to such a scale as may from time to time be fixed by the Government of Bengal,) shall be paid for every such license, which fee shall be carried to the credit of the said Government, and the granting or withholding any license shall be entirely discretionary with the Protector to whom application is made for the same. Every such license shall apply only to one voyage or trip from Calcutta to the Districts of Assam, Cachar, or Sylhet, or any one or more of those Districts, and shall specify the number of laborers which the steamer or boat is licensed to carry, and the license shall also specify the number of persons (including the crew) other than laborers, whom the steamer or boat is licensed to carry.

[Penalty for conveying laborers in a steamer or boat without a license.]

XXIII. The Master of any steamer or the Manjee of any boat in which any such laborer shall be conveyed without a license having been obtained as aforesaid, shall be liable to a fine not exceeding two hundred Rupees for every laborer so illegally conveyed, and in default of payment thereof to imprisonment for a term not exceeding six months.

[Penalty for fraudulent acts whereby a license becomes inapplicable to the altered state of the steamer or boat.]

XXIV. If the Master of any steamer or the Manjee of any boat shall, after having obtained a license as aforesaid, fraudulently do or suffer to be done any act or thing whereby such license shall become inapplicable to the altered state of the steamer or boat, its passengers or other matters to which such license relates, such Master or Manjee shall be liable to a fine not exceeding five hundred Rupees, and in default of payment thereof to imprisonment for a term not exceeding two months.

[Penalty for taking on board greater number of passengers than specified in license, or taking passengers contrary to terms thereof.]

XXV. The Master of any steamer or the Manjee of any boat, who shall receive on board his steam-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৯ ডিসেম্বর।]

রিবে, কিন্তু সর্ব্বদাই এই আইনের বিধানমতে তাহারদিগকে পাঠান যাইবে। সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতি প্রথমে প্রাপ্ত না হওয়া গেলে, ও মজুর পশ্চাৎ লিখিতমতে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের স্থানে ছাড়চিঠী না পাইলে কোন মজুরকে সেই প্রকারে পাঠান যাইবেক না ইতি।

(যে কলের জাহাজে কি নৌকাতে মজুরেরা গমন করে তাহার অনুমতিপত্র লইবার কথা।)

২২ ধারা। কোন মজুর বেতন জন্যে পরিশ্রম করণার্থে আসাম কি কাছাড় কি সিলট জিলাতে গমনাভিপ্রায়ে যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের কর্ত্তৃত্বাধীন দেশের মধ্যে কোন কলের জাহাজে কি নৌকায় উঠিবে সেই সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের দত্ত অনুমতিপত্রবিনা ঐ জাহাজের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি ঐ মজুরকে লইয়া যাইতে পারিবেন না। তদ্রূপ প্রত্যেক অনুমতি পত্রের নিমিত্তে জনপ্রতি ১ টাকার অনধিক যে হার বঙ্গদেশের গবর্ণমেণ্ট সময়েং নির্দ্ধারণ করেন সেই হারে ফীস দিতে হইবেক সেই ফীস উক্ত গবর্ণমেণ্টের নামে জমা হইবে। এবং যে মজুররক্ষক সাহেবের নিকটে অনুমতিপত্র প্রার্থনা হয় তিনি সম্পূর্ণরূপে বিবেচনামতে ঐ অনুমতি পত্র দিবেন কি দিতে অস্বীকার করিবেন। তদ্রূপ প্রত্যেক অনুমতিপত্র কলিকাতাহইতে আসাম ও কাছাড় ও সিলট জিলাতে কিম্বা তন্মধ্যে কোন এক কি অধিক জিলাতে কেবল একবার গমনের বিষয়ে খাটিবেক, এবং ঐ কলের জাহাজে কি নৌকাতে যত জন মজুরকে ও মজুর ভিন্ন মল্লা প্রভৃতি যত ব্যক্তিকে ঐ জাহাজে কি নৌকাতে লইবার অনুমতি হয় তাহাও সেই অনুমতিপত্রে লেখা থাকিবেক ইতি।

[কলের জাহাজে কি নৌকাতে অনুমতিপত্র বিনা মজুরদিগকে লইবার দণ্ডের কথা।]

২৩ ধারা। যদি কোন জাহাজে কি নৌকাতে পূর্ব্বোক্ত প্রকারের অনুমতিপত্র বিনা কোন মজুরকে লওয়া যায়, তবে যত জন মজুরকে তদ্রূপে বেআইনীমতে লওয়া যায় তাহারদের জনপ্রতি ঐ জাহাজের কাপ্তান সাহেবের কি নৌকার মাঝির ২০০৲ টাকার অনধিক জরীমানা হইবেক, ও সেই টাকা না দিলে তিনি ছয় মাসের অনধিক কাল কয়েদ হইবেন ইতি।

[প্রতারণা ক্রিয়ার দ্বারা কলের জাহাজের কি নৌকার অবস্থা পরিবর্ত্তন হওয়াতে অনুমতিপত্র না খাটিলে সেই ক্রিয়াহেতুক দণ্ডের কথা।]

২৪ ধারা। ঐ জাহাজের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি পূর্ব্বোক্ত প্রকারের অনুমতিপত্র পাইলে পর যদি প্রতারণাক্রমে কোন ক্রিয়া কি বিষয় করেন কি করিতে দেন ও তদ্দ্বারা কলের জাহাজের কি নৌকার কি চড়নদারেরদের কি অন্য যে বিষয়ে ঐ অনুমতিপত্রের সম্পর্ক থাকে তাহার অবস্থা পরিবর্ত্তিত হওয়াতে, ঐ অনুমতিপত্র খাটিতে না পারে তবে সেই কাপ্তান সাহেবের কি মাঝির ৫০০৲ টাকার অনধিক জরীমানা হইবেক ও জরীমানার টাকা না দিলে তিনি দুই মাসের অনধিক কাল কয়েদ হইবেন ইতি।

(অনুমতিপত্রের নির্দ্দিষ্ট সংখ্যার অধিক চড়নদারকে কিম্বা ঐ অনুমতিপত্রের নিয়মবিরুদ্ধে চড়নদারদিগকে লইবার দণ্ডের কথা।)

২৫ ধারা। কোন কলের জাহাজের কি নৌকার অনুমতিপত্রেতে যত জন চড়নদার নির্দ্দিষ্ট হয় তাহার

er or boat (as the case may be) a greater number of passengers than is specified in his license, or who shall receive or convey any passengers contrary to the terms of his license, shall be liable to a fine not exceeding two hundred Rupees for every passenger so received or conveyed, and in default of payment thereof to imprisonment for a term not exceeding six months.

[No laborer to be taken on board unless he has a pass signed by the Superintendent.]

XXVI. It shall not be lawful for the Master of any steamer or the Manjee of any boat to take on board any such laborer as aforesaid, unless such laborer shall have in his possession and shall show a pass given to him and signed by the Superintendent, stating his name and age, and the name of his father, and certifying the place of his destination, and that having appeared before such Superintendent he has declared his willingness to proceed to work for hire in the District for the purpose of proceeding to which he embarks.

[No laborer to be allowed finally to leave steamer or boat, at any place other than that mentioned in his pass. Proviso.]

XXVII. It shall not be lawful for the Master of any steamer or the Manjee of any boat to cause or permit any such laborer as aforesaid, finally to leave such steamer or boat at any place other than that named as the destination of such laborer in the pass signed by the Superintendent. No place shall be named in any such pass as the destination of any laborer except a place which shall have been declared by the Lieutenant Governor to be a place for the disembarkation of laborers under this Act. Provided always that that this Section shall not be deemed to prevent the Master of any steamer or the Manjee of any boat from permitting laborers to disembark at any place or places on the voyage, so long as such disembarkation is not intended, or known to be likely to be permanent.

[A list of the laborers on board to be delivered to Superintendent. Penalty for afterwards taking on board laborers not entered in list.]

XXVIII. Before any steamer or boat shall commence its voyage for the Districts of Assam, Cachar, or Sylhet, the Master or Manjee thereof shall deliver to the Superintendent a list in duplicate, in a form to be prescribed by the Lieutenant Governor of Bengal, specifying as accurately as may be, the names, ages, occupations, and destination of all and every the laborers on board such steamer or boat. The Superintendent shall keep one of the said lists and shall sign the other (if it be in his opinion correct) and deliver it back to the Master or Manjee. If the Master of any steamer or the Manjee of any boat shall, after having commenced his voyage, or after having delivered such list to the Superintendent, take on board any la-

অধিক যদি ঐ জাহাজের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি গ্রহণ করেন কিম্বা যদি ঐ অনুমতিপত্রের নিয়মবিরুদ্ধে কোন চড়নদারদিগকে গ্রহণ করিয়া লইয়া যান, তবে তদ্রূপ যত জন চড়নদারকে গ্রহণ করেন কি লইয়া যান তাহারদের জনপ্রতি ঐ কাপ্তান সাহেবের কি মাঝির ২০০৲ টাকার অনধিক জরীমানা হইবেক ও সেই টাকা না দিলে তিনি ছয় মাসের অনধিক কাল কয়েদ হইবেন ইতি।

[কোন মজুরের নিকটে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের স্বাক্ষরিত ছাড়চিঠী না থাকিলে তাহাকে জাহাজে না লইবার কথা।]

২৬ ধারা। সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের দত্ত ও তাঁহার স্বাক্ষরিত ছাড়চিঠী পূর্ব্বোক্ত কোন মজুরের নিকটে না থাকিলে ও যে তাহা না দেখাইলে কোন কলের জাহাজের কাপ্তান সাহেব কি কোন নৌকার মাঝি তাহাকে জাহাজে কি নৌকায় লইবেন না। সেই ছাড়চিঠীতে ঐ মজুরের নাম ও বয়স ও তাহার পিতার নাম লেখা থাকিবে ও সেই মজুর যে স্থানে যাইবে তাহা ও সে উক্ত সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে উপস্থিত হইয়া যে জিলাতে গমনার্থে জাহাজে কি নৌকায় উঠে সেই জিলাতে বেতনজন্যে পরিশ্রমকরণার্থে যাইতে আপন ইচ্ছা প্রকাশ করিয়াছে এই কথার সর্টিফিকট ঐ ছাড়চিঠীতে লেখা থাকিবেক ইতি।

[কোন মজুরের ছাড়চিঠীতে যে স্থানের নাম লেখা থাকে তদ্ভিন্ন অন্য স্থানে তাহার জাহাজ কি নৌকাহইতে চলিয়া যাইতে না পারিবার কথা ও বর্জিত কথা।]

২৭ ধারা। সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের স্বাক্ষরিত ছাড়চিঠীতে পূর্ব্বোক্ত কোন মজুরের গমনীয় স্থান বলিয়া যে স্থানের নাম লেখা থাকে, তদ্ভিন্ন অন্য কোন স্থানে কোন কলের জাহাজের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি ঐ মজুরকে সেই জাহাজ কি নৌকাহইতে বহির করিবেন না কি যাইতে দিবেন না। এই আইনমতে মজুরেরদের উত্তরিবার স্থান বলিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর্ সাহেব-যেং স্থান নিরূপণ করেন, মজুরের গমনীয় বলিয়া অন্য স্থানের নাম তদ্রূপ কোন ছাড়চিঠীতে লিখিতে হইবেক না। পরন্তু ঐ জাহাজের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি পথিমধ্যে কোন এক কি অধিক স্থানে মজুরদিগকে কিনারায় যাইতে দিবেন না এই ধারার এমন অর্থ করিতে হইবেক না কিন্তু তাহারদের সেইরূপ উত্তরিয়া যাওয়াতে একবারে চলিয়া যাইবার অভিপ্রায় কি সম্ভাবনা না থাকে ইতি।

[জাহাজাদিতে যত মজুর থাকে তাহারদের নামের ফর্দ্দ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে দিবার কথা ও ফর্দ্দের অলিখিত মজুরদিগকে পরে জাহাজে গ্রহণ করিলে দণ্ডের কথা।]

২৮ ধারা। আসাম কি কাছাড় কি শ্রিলট জিলাতে গমনার্থে কোন কলের জাহাজ কি নৌকা খুলিবার পূর্ব্বে, সেই জাহাজে কি নৌকাতে যত জন মজুর থাকে তাহারদের প্রত্যেক জনের নাম ও বয়স ও পেশা ও গমনীয় স্থান এই সকল কথা ঐ জাহাজের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি সাধ্যমতে যথার্থরূপে লিখিয়া তাহার দুই ফর্দ্দ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে দিবেন। সেই ফর্দ্দ লিখিবার পাঠ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর্ সাহেব নির্দ্দিষ্ট করিবেন। উক্ত দুই ফর্দ্দের এক ফর্দ্দ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব রাখিবেন ও অন্য ফর্দ্দ তাঁহার বিবেচনায় যথার্থ হইলে তিনি ঐ কাপ্তান সাহেবকে কি মাঝিকে ফিরিয়া দিবেন। যাহার নাম পূর্ব্বোক্ত ফর্দ্দেতে লেখা না থাকে এমত কোন মজুরকে যদি কোন কলের জাহাজের কাপ্তান সাহেব কি কোন নৌকার মাঝি গমনারম্ভ করিবার পূর্ব্বে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে ঐ

borer whose name shall not have been entered in the list aforesaid, he shall be liable to a fine not exceeding two hundred Rupees for every laborer so illegally taken, and in default of payment thereof to imprisonment for a term not exceeding six months.

[Notice to be given to Magistrate, and list to be delivered to him, immediately on arrival of steamer or boat at place of destination and previously to disembarkation of any laborer.]

XXIX. The Master of any steamer or the Manjee of any boat having laborers on board shall, immediately on the arrival of the steamer or boat at the place of destination and previously to the disembarkation of any of the laborers, give notice of his arrival to the Magistrate of the Station or such other Officer as shall be appointed by Government in that behalf, and shall deliver to him the list in the last preceding Section mentioned.

[Laborers to be landed under supervision of Magistrate.]

XXX. The laborers shall thereupon be landed under the supervision of the Magistrate or other Officer aforesaid, who shall make such provision as he may consider necessary for the reception of the laborers and for their food, lodging, and clothing while they remain in the place or station at which they may have disembarked.

[Civil Surgeon, on requisition of Magistrate, to inspect laborers and make a report.]

XXXI. The Magistrate or other Officer aforesaid shall, as soon as may be after their disembarkation, cause the laborers to be inspected by the Civil Surgeon of the Station. It shall be the duty of the Civil Surgeon to make such inspection when called on by the Magistrate or other Officer aforesaid so to do, and after making such inspection, he shall prepare and sign a report in which he shall certify as to the state of health and general condition of every laborer inspected.

[Magistrate to forward to Superintendent such report with a statement of his own.]

XXXII. The Magistrate or other Officer aforesaid shall despatch without delay, to the Superintendent by whose permission they were forwarded, a detailed report of the number of laborers who may have arrived, together with a copy of the Civil Surgeon's report as to their state of health and general condition, and any observations which the Civil Surgeon or such Magistrate or other Officer aforesaid may think fit to make.

[Magistrate to give notice to the persons importing laborers of their arrival. If proper means are not provided for conveyance of laborers to place of final destination, Magistrate to make arrangements and incur necessary expenses. Such expenses how to be recovered.]

XXXIII. On the arrival of any laborers at the

ফর্দ্দ দিলে পর জাহাজে কি নৌকায় গ্রহণ করেন, তদ্রূপে যত জন মজুরকে বেআইনীমতে লন তাহারদের জনপ্রতি ঐ কাপ্তান সাহেবের কি মাঝির ২০০৲ টাকা জরীমানা হইবেক ও সেই টাকা না দিলে তিনি ছয় মাসের অনধিক কাল কয়েদ হইবেন ইতি।

[কোন জাহাজ কি নৌকা লক্ষিত স্থানে পঁহুছিলেই কোন মজুরের উত্তরিবার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেবকে সংবাদ ও ফর্দ্দ দিবার কথা।]

২৯ ধারা। যে কলের জাহাজে কি নৌকাতে মজুরেরা থাকে তাহা লক্ষিত স্থানে পঁহুছিবামাত্র কোন মজুরেরদের উত্তরিবার পূর্ব্বে ঐ জাহাজের কাপ্তান সাহেব কিম্বা ঐ নৌকার মাঝি ঐ মোকামের মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা গবর্ণমেণ্ট হইতে এতৎ কর্ম্মার্থে নিযুক্ত অন্য কার্য্যকারককে আপনার পঁহুছিবার সংবাদ দিবেন ও ইহার পূর্ব্ব ধারার লিখিত ফর্দ্দও তাঁহাকে দিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে মজুরেরদের উত্তরিবার কথা।]

৩০ ধারা। তৎপরে ঐ মাজিষ্ট্রেট সাহেবের কি উক্ত অন্য কার্য্যকারকের সাক্ষাতে ঐ মজুরেরা উত্তরিবে ও তাহারা সেই উত্তরিবার স্থানে কি মোকামে যত কাল থাকে তত কাল তিনি তাহারদের গৃহীত হইবার ও তাহারদের আহারের ও বাসার ও পরিচ্ছদের যে নিয়ম আবশ্যক বোধ করেন তাহা করিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা হইলে ঐ মজুরদিগকে সিবিল চিকিৎসক সাহেবের দৃষ্টি করিয়া রিপোর্ট করিবার কথা।]

৩১ ধারা। মজুরেরদের উত্তরিবার পর যত শীঘ্র হয়, ঐ মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক ঐ মোকামের সিবিল চিকিৎসক সাহেবকে মজুরদিগকে দৃষ্টি করিতে আজ্ঞা করিবেন। মাজিষ্ট্রেট সাহেবের কি উক্ত অন্য কার্য্যকারকের তদ্রূপ আদেশ হইলে সিবিল চিকিৎসক সাহেবের কর্ত্তব্য যে ঐ মজুরদিগকে দৃষ্টি করেন, ও তাহা করিলে পর রিপোর্ট প্রস্তুত করিয়া স্বাক্ষর করেন। তাহাতে যে২ মজুরকে দৃষ্টি করিলেন তাহারদের প্রত্যেক জনের স্বাস্থ্যের ও সাধারণাবস্থার সর্টিফিকট লিখিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের সেই রিপোর্ট ও স্বলিখিত বৃত্তান্তপত্র সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে পাঠাইবার কথা।]

৩২ ধারা। যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতিতে ঐ মজুরদিগকে চালান করা যায়, তাঁহার নিকটে মাজিষ্ট্রেট সাহেব কি উক্ত অন্য কার্য্যকারক, যত জন মজুর পঁহুছিয়াছে তাহারদের সংখ্যার বিস্তারিত রিপোর্ট, ও তাহারদের স্বাস্থ্য ও সাধারণ অবস্থা বিষয়ে সিবিল চিকিৎসক সাহেব যে রিপোর্ট দেন তাহার নকল, ও সিবিল চিকিৎসক সাহেব কিম্বা ঐ মাজিষ্ট্রেট সাহেব কি উক্ত অন্য কার্য্যকারক যে কোন মন্তব্য কথা লেখা উচিত বোধ করেন তাহা অগৌণে পাঠাইবেন ইতি।

[যে ব্যক্তিরা ঐ মজুরদিগকে আনয়ন করেন তাঁহারদিগকে তাহারদের পঁহুছনের সংবাদ মাজিষ্ট্রেট সাহেবের দিবার কথা ও লক্ষিত স্থানে তাহারদিগকে চালান করণের সংপায় না করা গেলে মাজিষ্ট্রেট সাহেবের সুনিয়ম করিয়া প্রয়োজনীয় খরচ দিবার কথা ও সেই খরচ পুনঃপ্রাপণের কথা।]

৩৩ ধারা। মজুরেরা উত্তরিবার স্থানে পঁহুছিলে

place of disembarkation, the Magistrate or other Officer aforesaid shall at once give notice of their arrival to the persons with whom they shall be under contract to labor or to the Agents of such persons, who shall forthwith take charge of the laborers with whom they may have contracted respectively, and shall, in such manner as shall be approved of by the Magistrate or other Officer aforesaid, provide for their proceeding or being conveyed to the place of their final destination. It shall be the duty of the Magistrate or other Officer aforesaid to see, so far as is possible, that due attention is paid to the laborers from the time of their disembarkation till they reach their final destination, and if the persons with whom they may have contracted shall fail to provide for their reasonable comfort, the Magistrate or other Officer aforesaid may order such arrangements to be made, and incur such expenses, as under the circumstances may seem to him necessary: and the amount of such expenses, as also any expenses incurred in the disembarkation, or in respect of the food, lodging, or clothing of the laborers or of any of them, shall be recoverable by the Magistrate or other Officer aforesaid from the persons with whom the laborers, in respect of whom the expenses have been incurred, may have contracted, as money paid to their use.

[Number of passengers to be carried on steamer or boat. Children.]

XXXIV. No greater number of passengers (whether laborers or others) shall be taken or conveyed on board of any steamer or boat carrying laborers to the Districts of Assam, Cachar, or Sylhet, than shall be after such rate as shall be from time to time fixed or allowed by the Government of Bengal. In computing the number of passengers, two children under the age of ten years shall be reckoned as one person only.

[Superintendent to prescribe the quantity of provisions to be carried on steamer or boat. And the number of Medical and other Officers.]

XXXV. There shall be laden, under the supervision of the Superintendent, on board of every steamer or boat carrying laborers to the Districts of Assam, Cachar, or Sylhet, at the time of the embarkation of such laborers, good and wholesome provisions for the consumption of the said laborers, to the amount or in the proportion which shall be prescribed by the Superintendent. And it shall not be lawful for the Master of any steamer or the Manjee of any boat conveying laborers as aforesaid, to commence the voyage without having on board such provisions as aforesaid, or without having on board such Medical and other Officers, Cooks and other attendants, for the purpose of controlling and attending to the laborers, as the Superintendent shall order: and it shall be the duty of every Contractor or other person by whom or on whose account laborers are despatched to any of the said Districts, to provide such Medical

তাহারা যে ব্যক্তিদের নিকটে পরিশ্রম করিবার কর্ণার করিয়াছে তাঁহারদিগকে কি তাঁহারদের এজেণ্টদিগকে মাজিষ্ট্রেট সাহেব কি উক্ত অন্য কার্য্যকারক তাহারদের পঁহুছিবার সম্বাদ অগৌণে দিবেন। তাহাতে সেই ব্যক্তিরা যে২ মজুরেরদের সঙ্গে করার করিয়াছে তাহারদিগকে অব্যাজে জিম্মায় লইয়া মাজিষ্ট্রেট সাহেবের কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের মনোনীতরূপে লক্ষিত স্থানে গমন করিবার কি চালান হইবার নিয়ম করিবেন। মজুরেরদের উত্তরিবার সময় অবধি লক্ষিত স্থানে না পঁহুছনপর্য্যন্ত তাহারদের প্রতি উপযুক্ত মনোযোগ হয়, এই বিষয় সাধ্যমতে দৃষ্টিকরা ঐ মাজিষ্ট্রেট সাহেবের কি উক্ত অন্য কার্য্যকারকের কর্ত্তব্য। এবং মজুরেরদের সঙ্গে যাঁহারা করার করিয়াছেন তাঁহারা যদি ঐ মজুরেরদের যুক্তিমত সুখলের সদুপায় না করিয়া থাকেন, তবে মাজিষ্ট্রেট সাহেব কি উক্ত অন্য কার্য্যকারক তদ্রূপ সুনিয়ম করিবার আজ্ঞা করিবেন ও বিষয় বুঝিয়া যত টাকা আবশ্যক জ্ঞান করেন তত টাকা খরচ করিতে পারিবেন এবং সেই খরচের টাকা ও মজুরদিগকে কি তাহারদের মধ্যে কোন লোককে জাহাজহইতে উত্তরাইবার ও তাহারদের আহারের কি বাসার কি বস্ত্রের নিমিত্তে যে কোন খরচ লাগে সেই টাকা ঐ মাজিষ্ট্রেট সাহেব কি উক্ত অন্য কার্য্যকারক যে মজুরেরদের নিমিত্তে খরচ করিয়াছেন তাহারদের সঙ্গে যে ব্যক্তিরা করার করিলেন তাঁহারদের ব্যবহারার্থে দত্ত টাকার ন্যায় তাঁহারদের স্থানে আদায় করিতে পারিবেন ইতি।

[কলের জাহাজে কি নৌকাতে যত জনকে ও বালককে লইতে হইবে তাহার কথা।]

৩৪ ধারা। যে কোন কলেরজাহাজে কি নৌকাতে মজুরদিগকে আসাম কি কাছাড় কি শ্রিহট জিলাতে লইয়া যায়, তাহাতে যত জনকে লইতে বঙ্গদেশের গবর্ণমেণ্ট সময়ে২ নির্দ্ধার্য্য করেন কি অনুমতি দেন তাহার অধিকজন মজুর কি অন্য ব্যক্তিকে সেই জাহাজে কি নৌকাতে লইতে কি চালান করিতে হইবেক না। চড়ন দারেরদের সংখ্যার হিসাবে দশবৎসরের ন্যূন বয়সের দুই বালক এক জনের ন্যায় ধরিতে হইবেক ইতি।

[জাহাজে কি নৌকাতে আহারীয় যত দ্রব্য ও যত জন চিকিৎসক ও অন্য কর্ম্মকারক দিগকে লইতে হইবে তাহা সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নির্দ্ধারণ করিবার কথা।]

৩৫ ধারা। যে প্রত্যেক কলের জাহাজে কি নৌকাতে মজুরদিগকে আসাম কি কাছাড় কি শ্রিহট জিলাতে লইয়া যায় তাহাতে ঐ মজুরেরদের আহারাদির নিমিত্তে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব মোটে কি জনপ্রতি যত দ্রব্য নির্দ্দিষ্ট করেন উত্তম ও আহারোপযুক্ত তত দ্রব্য সেই জাহাজে কি নৌকাতে মজুরেরদের গমন সময়ে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের তত্ত্বাবধারণে দেওয়া যাইব। এবং ঐ মজুরেরদের চিকিৎসা ও তত্ত্বাবধারণ করিবার জন্যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যত জন চিকিৎসকের ও অন্য কার্য্যকারকের ও পাচকের ও অন্য চাকরের আজ্ঞা করেন তত জন জাহাজে না থাকিলে ও পূর্ব্বোক্ত আহারীয় দ্রব্য না থাকিলে মজুরদিগকে লইয়া যাইবার কোন কলের জাহাজের কাপ্তান সাহেব কি নৌকার মাঝি ঐ জাহাজ কি নৌকা খুলিয়া যাইতে পারিবেন না। এবং উক্ত প্রকার যে চিকিৎসকের ও অন্য কার্য্যকারকের ও পাচকের ও অন্য চাকরেরদের বিষয়ে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আজ্ঞা করেন তাহারদিগকে নিযুক্তকরা, প্রত্যেক জন কণ্ট্রাক্টরের কি অন্য যে

and other Officers, Cooks and other attendants, as shall be in each case ordered by the Superintendent.

[Proportion of females to be carried on steamer or boat.]

XXXVI. The Superintendent may refuse to grant passes to any laborers if the party to which they belong or with whom it is intended to forward them shall not consist of females above the age of twelve years in such proportion as the Lieutenant Governor of Bengal shall from time to time direct: provided always that the proportion shall never be less than twenty-five females for every one hundred males. And it shall not be lawful for any Master of a steamer or any Manjee of a boat to convey on board any steamer or any boat, except by the express permission in writing of the Superintendent, any party of laborers (whether they may have passes or not) which shall not contain such proportion of females as shall be directed by the Lieutenant Governor of Bengal as aforesaid.

[Any Magistrate may board and inspect steamer or boat.]

XXXVII. It shall be lawful for the Magistrate of any District, through which a steamer or boat having laborers on board shall be passing, to go on board such steamer or boat and to inspect the same or any part thereof, and the Master and Officers of such steamer and the Manjee of such boat shall be bound to afford to the Magistrate all reasonable facility for such inspection, and to afford him all such information respecting such steamer or boat and her equipments, or respecting the laborers or other persons on board thereof, as may be reasonably required by the Magistrate.

[Magistrate to report to Superintendent if, after boarding, he find provision of Act not complied with. And may detain steamer or boat if necessary.]

XXXVIII. In any case in which, on making such inspection as in the last preceding Section provided for, the Magistrate shall find that any of the provision of this Act have not been complied with, he shall report the same to the Superintendent by whom the license to carry the laborers was granted to such steamer or boat; and if the circumstances of the case are such as in the Magistrate's opinion make it necessary to do so, he may detain the said steamer or boat until the provisions of this Act have been complied with so far as may be, or so far at any rate as to make it possible for the voyage to be proceeded on with safety and reasonable comfort to the laborers.

[Magistrate may stop laborers on voyage violent sickness exist among them.]

XXXIX. If violent sickness or disease shall exist among laborers while passing through any District, whether by land or by water, on their journey either to a licensed depot or to the Districts of Assam, Cachar, or Sylhet, it shall be

ব্যক্তিদ্বারা কি নিমিত্তে ঐ মজুরদিগকে উক্ত কোন জিলাতে চালান করাযায় তাঁহারদের কর্ত্তব্য ইতি।

[কলের জাহাজে কি নৌকাতে যত জন স্ত্রীলোক পাঠাইতে হইবেক তাহার কথা।]

৩৬ ধারা। কোন মজুরেরা যে দলের হয়, কিম্বা তাহারদিগকে যে দলের সঙ্গে চালান্ করিবার অভিপ্রায় থাকে, সেই দলের মধ্যে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যত জন স্ত্রীলোকের থাকা সময়ে২ নির্দ্ধার্য্য করেন, দ্বাদশ বৎসরের উর্দ্ধ বয়স্কা তত জন স্ত্রী না থাকিলে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ঐ মজুরেরদের ছাড় চিঠী দিতে অস্বীকার করিতে পারিবেন। কিন্তু এক শত পুরুষের মধ্যে ২৫ জন স্ত্রীর কম হিসাবে না হয়। এবং কোন মজুরদলের ছাড়চিঠী থাকিলেও তাহার মধ্যে যত স্ত্রীলোক থাকার বিষয়ে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব পূর্ব্বোক্তমতে নির্দ্ধার্য্য করেন তত স্ত্রী যদি না থাকে, তবে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের লিখিত স্পষ্ট অনুমতি বিনা কলের জাহাজের কোন কাপ্তনসাহেব কিম্বা নৌকার কোন মাঝি ঐ মজুরদলকে কোন জাহাজে কি নৌকাতে লইয়া যাইতে পারিবেন না ইতি।

[জাহাজে কি নৌকাতে গিয়া দৃষ্টি করিতে কোন মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

৩৭ ধারা। মজুর লইয়া কোন কলের জাহাজ কি নৌকা যে কোন জিলার অন্তর্গত স্থানদিয়া গমন করিতেছে, সেই জিলার মাজিষ্ট্রেট সাহেব সেই জাহাজে কি নৌকায় গমনপূর্ব্বক তাহা কি তাহার কোন ভাগ দৃষ্টি করিতে পারিবেন। এবং ঐ জাহাজের কাপ্তান সাহেবের ও মাঝিমেরদের এবং ঐ নৌকার মাঝির অবশ্য কর্ত্তব্য যে উক্ত প্রকারের দৃষ্টি করণার্থে মাজিষ্ট্রেট সাহেবের যুক্তিমতে সাহায্য করেন ও তিনি ঐ জাহাজের ও নৌকার ও তৎসম্পর্কীয় সাজ সরঞ্জাম বিষয়ে কিম্বা জাহাজস্থ কি নৌকাস্থ মজুরেরদের কি অন্য ব্যক্তিরদের বিষয়ে যুক্তিমতে যে সম্বাদ জানিতে চাহেন তাহা জ্ঞাত করেন ইতি।

[জাহাজে গমন করিয়া আইনের বিধানমতে কার্য্য হয় নাই দেখিলে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে রিপোর্ট করিবার ও প্রয়োজনমতে জাহাজ কি নৌকা আটক রাখিবার কথা।]

৩৮ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে দৃষ্টি করিয়া এই আইনের কোন বিধানমতে কার্য্য হয় নাই, মাজিষ্ট্রেট সাহেব তাহা দেখিলে সেই জাহাজে কি নৌকাতে মজুরদিগকে লইয়া যাইবার অনুমতিপত্র যে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব দিয়াছেন তাঁহার নিকটে সেই কথার রিপোর্ট করিবেন, ও বিষয় বুঝিয়া যদি মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় আবশ্যক হয় তবে সাধ্যমতে অথবা মজুরেরদের নিরাপদ ও যুক্তিমত কুশলক্রমে গমনার্থে যেপর্য্যন্ত হইতে পারে নিদানে সেইপর্য্যন্ত এই আইনের বিধানমতে কার্য্য যত কাল না হয় তত কাল উক্ত কলের জাহাজ কি নৌকা আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

[পথি মধ্যে মজুরেরদের গুরুতর পীড়া হইলে তাহারদিগকে থামাইয়া রাখিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

৩৯ ধারা। মজুরেরা অনুমতি পত্র প্রাপ্ত আড্ডাতে কিম্বা আসাম কি কাছাড় কি সিলট জিলাতে স্থলপথে কি জলপথে গমন সময়ে কোন জিলার অন্তর্গত স্থান দিয়া যাইতে২ যদি তাহারদের মধ্যে গুরুতর রোগ কি কি পীড়া হয়, তবে ঐ জিলার মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত

lawful for the Magistrate of such District, if he shall think it advisable so to do, to stop the laborers and detain them until such time as they shall be able to proceed with safety. In any case in which laborers are detained as aforesaid by a Magistrate, he shall cause all necessary arrangements to be made for their accommodation and welfare, and all expenses incurred by him in so doing shall be recoverable from the Recruiter or the Contractor by whom the labprers are despatched, as money paid to the use of such Recruiter or Contractor.

জ্ঞান করিলে ঐ মজুরদিগকে থামাইয়া, যত কাল তাহারা নিরাপদে গমন করিতে না পারে তত কাল পর্য্যন্ত তাহাদিগকে রাখিতে পারিবেন। মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্তমতে মজুরদিগকে রাখিলে তিনি তাহারদের কুশলের ও স্বচ্ছন্দে থাকার নিমিত্তে প্রয়োজনমত সুনিয়ম করিবেন, ও তজ্জন্যে যত টাকা খরচ করেন তাহা যে মজুর সংগ্রাহকের কি কনট্রাক্টরের দ্বারা মজুরেরা, চালান হইতেছে সেই সংগ্রাহকের কি কনট্রাক্টরের ব্যবহারার্থে দত্ত টাকার ন্যায় তাহার স্থানে ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

[Act not to apply to domestic servants or to laborers proceeding alone.]

[ঘরের চাকরেরদের কিম্বা একলা গমনকারী মজুরের প্রতি এই আইন না খাটিবার কথা।]

XL. The provisions of this Act shall not apply to domestic servants, or to any laborer proceeding alone or accompanied by his family only, to the Districts of Assam, Cachar, or Sylhet, or to any number of laborers less than ten proceeding there together without the intervention, direct or indirect, of a Recruiter or of a Contractor.

৪০ ধারা। ঘরের চাকরেরা কিম্বা কোন মজুর একলা কি কেবল সপরিবারে আসাম কি কাছাড় কি সিলট জিলাতে গমন করিলে, কিম্বা দশ জনের ন্যূন মজুর, সংগ্রাহকের কি কনট্রাক্টরের স্পষ্ট কি চক্রান্ত রূপে কোন সহায়তা বিনা তথায় গমন করিলে, তাহারদের প্রতি এই আইনের বিধান খাটিবেক না ইতি।

[No deduction to be made from the wages mentioned in the attested contract.]

[সাক্ষিদিগের স্বাক্ষরিত চুক্তিপত্রে যে বেতন নির্দ্দিষ্ট থাকে তাহার কিছুকর্ত্তন না হইবার কথা।]

XLI. It is hereby declared that it shall not be lawful for any person, with whom a laborer has entered into a contract duly executed in the presence of the Superintendent as provided in Section XIX. of this Act, to make any deduction whatever, from the amount of wages which by such contract are made payable to the laborer, for or on account of the expenses incurred in engaging such laborer or otherwise incurred in respect of him prior to his reaching his final destination.

৪১ ধারা। ইহাতে আজ্ঞা হইল যে এই আইনের ১৯ ধারার বিধানমতে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সাক্ষাতে উপযুক্ত মতে স্বাক্ষরিত কোন চুক্তিপত্রক্রমে কোন মজুর যাঁহার সঙ্গে চুক্তি করিয়াছে, তিনি ঐ চুক্তি ক্রমে মজুরের যত বেতন নির্দ্ধার্য্য হয় তাহাহইতে ঐ মজুরের সঙ্গে করার করণ হেতুক কিম্বা তাহার লক্ষিতস্থানে পঁহুছিবার পূর্ব্বে তাহার জন্যে অন্য কোন খরচ হেতুক কিছু কাটিয়া লইতে পারিবেন না ইতি।

[Penalty for any offence not specially provided for.]

[যে কোন অপরাধ স্পষ্টরূপে নির্দ্দিষ্ট না হইয়াছে তাহার দণ্ডের কথা।]

XLII. For every offence against the provisions of this Act for which no special penalty is hereinbefore appointed, the offender shall be liable to a fine not exceeding two hundred Rupees, and in default of payment thereof to imprisonment for a term not exceeding one month.

৪২ ধারা। এই আইনের বিধান বিরুদ্ধ যে প্রত্যেক অপরাধের কোন স্পষ্ট দণ্ড ইহার পূর্ব্বের কোন ধারাতে নির্দ্দিষ্ট হয় নাই এমত অপরাধের অপরাধির ২০০ টাকার অনধিক জরীমানা হইবেক, ও জরীমানার টাকা না দিলে সে এক মাসের অনধিক কাল কয়েদ হইবেক ইতি।

[Penalties in what Court recoverable.]

[জরীমানার টাকা যে আদালতে আদায় হইবে তাহার কথা।]

XLIII. All penalties imposed by this Act may be recovered, if for offences not committed within the local limits of the Town of Calcutta, in the manner prescribed for the recovery of penalties by Act II. of 1839, and if for offences committed within those limits, in the manner prescribed for the recovery of penalties by Act XIII. of 1856 (*for regulating the Police of the Towns of Calcutta, Madras, and Bombay*) or any other Act for regulating the Police of the Town of Calcutta, in force for the time being.

৪৩ ধারা। এই আইনের দ্বারা যে অপরাধের যে দণ্ড নির্দ্দিষ্ট হইয়াছে সেই অপরাধ যদি কলিকাতা নগরের সীমার বাহিরে করা যায় তবে সেই দণ্ডের টাকা ১৮৩৯ সালের ২ আইনঅনুসারে অর্থ দণ্ড আদায়ের নির্দ্দিষ্ট নিয়মমতে আদায় হইতে পারিবে, ও সেই অপরাধ যদি সেই সীমার মধ্যে করা যায় তবে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের পোলীসের বিধান করণার্থ ১৮৫৬ সালের ১৩ আইন, কিম্বা কলিকাতা নগরের পোলীসের বিধান করণার্থ অন্য যে কোন আইন যে সময় প্রচলিত থাকে সেই আইনঅনুসারে অর্থ দণ্ড আদায় করণের নির্দ্দিষ্ট নিয়মমতে ঐ দণ্ড আদায় হইতে পারিবেক ইতি।

[Government of Bengal may extend the operation of this Act to laborers going to other Districts besides Assam, &c.]

[আসাম প্রভৃতি ভিন্ন অন্য জিলাতে গমনকারি মজুরেরদের বিষয়ে বঙ্গদেশের গবর্ণমেণ্টের এই আইন প্রচলিত করিতে পারিবার কথা।]

XLIV. It shall be lawful for the Lieutenant Governor of Bengal, by Notification in the *Cal-*

৪৪ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যে কোন নিষেধ কি সীমাঘটিত কি রহিত বিধি উচিত

cutta Gazette, to declare that this Act shall have effect (subject to any restriction, limitation, or proviso which the Lieutenant Governor may think proper) as to laborers proceeding to any other Districts besides the Districts of Assam, Cachar, and Sylhet, and thenceforth all the rules and provisions of this Act applicable to laborers proceeding to the Districts of Assam, Cachar, and Sylhet, shall (subject to such restriction, limitation, or proviso, if any, as aforesaid) be applicable to the engagement and transport of all laborers proceeding to such other District."

[Interpretation.]

XLV. The following words in this Act shall have the meaning hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction (that is to say)—

["Magistrate."]

The word "Magistrate" in this Act shall mean any Magistrate of Police for the Town of Calcutta, or any Magistrate or other Officer exercising the full powers of a Magistrate or in charge of a Sub-Division.

["Contractor."]

The word "Contractor" in this Act shall be taken to mean, as well a person who contracts for the supply of laborers to so there, as a person who employs Recruiters to engage and supply laborers for the purpose of serving such person himself.

["Laborer."]

The word "Laborer" shall mean any artisan, mechanic, or agricultural laborer.

["Steamer."]

The word "Steamer" shall include any vessel propelled by steam, and any flat or barge towed by a steamer.

["India."]

The word "India" shall mean any of the territories which are or may become vested in Her Majesty by the Statute 21 and 22 Vic. ch. 106, entitled "An Act for the better Government of India."

[Number.]

Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number.

[Gender.]

Words importing the masculine gender shall include the feminine.

SCHEDULE A.

CONTRACTOR'S LICENSE.

Office of the Superintendent of Labor Transport at

A. B. is hereby licensed to act within the local limits of my authority as a Contractor for engaging and supplying persons for the purpose of laboring for hire in the Districts of Assam, Cachar, and Sylhet,—under Act of 1863 of the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations.

জ্ঞান করেন তদনুসারে এই আইন আসাম ও কাছাড় ছিলট জিলাভিন্ন ও অন্য কোন জিলাতে গমন তারিমজুরেরদের বিষয়েপ্রচলিত হয় এইমত আজ্ঞাকলিকাতা গেজেটে বিজ্ঞাপনক্রমে প্রকাশ করিতে পারিবেন। তৎকালাবধি এই আইনের সকল বিধি ও বিধান আসাম ও কাছাড় ও ছিলট জিলাতে গমনকারি জুরেরদের প্রতি যেমন খাটে তেমনি পূর্ব্বোক্তমতের যে নিষিদ্ধ কি সীমাযুক্ত কি রহিত বিধি করেন তদনুসারে উক্ত অন্য জিলাতেও গমনার্থ মজুরেরদের সঙ্গে করার বিষয়ে ও তাহারদের চালান বিষয়ে খাটিবে ইতি।

[মাজিষ্ট্রেট ও কনট্রাকটর ও মজুর ও কলের জাহাজ ও ভারতবর্ষ এই২ শব্দের অর্থ ও বচন ও লিঙ্গের কথা।]

৪৫ ধারা। এই আইনের পশ্চাৎ লিখিত কথার যে অর্থ এই ধারাতে করা গেল সেই অর্থ বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথা বিবেচনায় অসঙ্গত না হইলে তাহার সেই অর্থ হইবে।

এই আইনেতে মাজিষ্ট্রেট সাহেব এই শব্দেতে কলিকাতা নগরের পোলীসের মাজিষ্ট্রেটকে কিম্বা কোন মাজিষ্ট্রেটকে কি মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্মকারি কি মজুকুমার কর্ম্মের ভারপ্রাপ্ত অন্য কার্য্যকারককে বুঝাইবে।

এই আইনতে কনট্রাকটর শব্দেতে যে ব্যক্তি মজুর যোটাইবার নিমিত্তে চুক্তি করে তাহাকে যেমন বুঝায়, তেমনি যে ব্যক্তি আপনার কর্ম্মের জন্যে মজুরদিগের সঙ্গে করার করিতে ও মজুরকে যোটাইতে সংগ্রাহককে নিযুক্ত করেন তাঁহাকে ও বুঝাইবে।

মজুর এই শব্দেতে কোন কর্ম্মকার কি শিল্পকর কি কৃষাণকে বুঝাইবে।

কলের জাহাজ এই শব্দেতে বাষ্প দ্বারা প্রচলিত কোন জাহাজ ও সেই জাহাজ দ্বারা আকৃষ্ট কোন অন্য বেটকেও বুঝাইবে।

ভারতবর্ষ এই শব্দেতে ভারতবর্ষের আরো উত্তমরূপে কর্ত্তৃত্ব করিবার আইনমতে মহারাণী বিক্টরিয়ার ২১ ও ২২ বৎসরের ১০৬ অধ্যায়ের আইনমতে যে কোন দেশ শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি বর্ত্তিয়াছে কি বর্ত্তিবে সেই দেশকে বুঝাইবে।

এক বচনের শব্দেতে বহুবচনান্ত সেই শব্দকে বুঝাইবে ও বহুবচনান্ত শব্দ এক বচনের সেই শব্দকে বুঝাইবে।

পুংলিঙ্গ বোধক শব্দেতে স্ত্রীগণও গণ্য হইবেক ইতি।

A চিহ্নিত তফসীল।

কনট্রাকটরের অনুমতিপত্র।

মজুরেরদের চালান করিবার অমুক স্থানের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের আফিস।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থে কৌন্সেলের ১৮৬৩ সালের অমুক অইনঅনুসারে আসাম ও কাছাড় ও ছিলট জিলাতে বেতন জন্যে পরিশ্রম করণার্থে লোকদিগকে নিযুক্ত করিবার ও যোটাইবার জন্যে শ্রীঅমুক আমার ক্ষমতাধীন দেশের মধ্যে কনট্রাকটরের কর্ম্ম করিতে এতদ্দ্বারা অনুমতিপ্রাপ্ত হইয়াছে।

This license will be in force for one year only from this date.

Dated the day of

(Sd.) C. D.,

Superintendent of Labor Transport.

SCHEDULE B.

RECRUITER'S LICENSE.

Office of the Superintendent of Labor Transport at

A. B. is hereby licensed to act as a Recruiter for engaging or inducing persons to proceed to the Districts of Assam, Cachar, and Sylhet for the purpose of laboring for hire,—under and subject to all the provisions of Act of 1863 of the Council of the Lieutenant-Governor of Bengal for making Laws and Regulations.

This license will be in force for one year only from this date.

Dated the day of

(Sd.) C. D.,

Superintendent of Labor Transport.

A. G. MACPHERSON,

Secy. to the Govt. of Bengal,

Legislative Department.

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE, LOWER PROVINCES.

No. 66.

Dated 22nd November, 1862.

To all Commissioners and District Revenue Officers.

THE accompanying form of Certificate of Assessment to Income Tax, which has been approved of by the Supreme Government, is circulated for adoption by all Officers to whom returns may be made by any firm, having branches or correspondents at places different from that in which the returns are made.

2. The adoption of this form of Certificate is strictly enjoined, as much inconvenience and confusion have resulted from assessments being made on firms, having branches in several Districts, by the Assessor of the District in which a general return has been made, without consulting the Assessors of the Districts in which the branches are situated.

3. As soon as the Assessment has been made, the Certificate should be filled up and forwarded by the Assessing Officer, for any remarks which the Assessors of the several Districts named in the Certificate may desire to offer on the amount assessed.

By order of the Board of Revenue,

W. J. HERSCHEL,

Offg. Junior Secretary.

[*Government Gazette, 9th December*, 1862.]

এই অনুমতিপত্র অদ্যকার তারিখঅবধি কেবল এক বৎসর প্রবল থাকিবেক।

সাল তাং

অমুক।

মজুর চালান করিবার সুপরিণ্টেণ্ডেণ্ট।

B চিহ্নিত তফসীল।

মজুরসংগ্রাহকের অনুমতিপত্র।

মজুর চালান করিবার অমুকস্থানের সুপরিণ্টেণ্ডেণ্টের আফিস।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থে কৌনসেলের ১৮৬৩ সালের অমুক আইনের সকল বিধানমতে ও তদনুসারে বেতন জন্যে পরিশ্রম করিবার নিমিত্তে আসাম ও কাছাড় ও শিলট জিলাতে যাইতে লোকদিগকে নিযুক্ত করিবার কি লওয়াইবার নিমিত্তে শ্রীঅমুক মজুরসংগ্রাহক কর্ম্ম করিবার অনুমতি পাইয়াছে।

এই অনুমতি অদ্যকার তারিখঅবধি কেবল এক বৎসর প্রবল থাকিবে।

সাল তাং অমুক।

মজুর চালান করিবার সুপরিণ্টেণ্ডেণ্ট।

এ জি মাকফর্সন।

লেজিসলেটিব ডিপার্টমেণ্টে

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

৬৬ নম্বর।

১৮৬২ সাল ২২ নবেম্বর।

সকল কমিস্যানর সাহেব ও জিলার রাজস্ব সম্পর্কীয় কার্য্যকারক সাহেব প্রতি আগে।

কোন কুঠীর ইন্‌কম টাক্সের রিটর্ণ যে স্থানে অর্পণ করা যায় তদ্ভিন্ন সেই কুঠীর অন্য স্থানে শাখা কুঠী কি কর্ম্মকারক থাকিলে সেই কুঠীর বিষয়ে ইন্‌কম টাক্স ধার্য্য হওয়ার সর্টিফিকটের পশ্চাৎ লিখিত পাঠ সুপ্রীম গবর্ণমেণ্ট গ্রাহ্য করিয়াছেন ও সকল কার্য্যকারক সাহেব তাহা ব্যবহার করিবেন।

২। যে২ কুঠীর নানা জিলাতে শাখা থাকে সেই২ কুঠীর সাধারণ রিটর্ণ যে জিলার আসেসরকে দেওয়া গিয়াছে তিনি ঐ শাখা কুঠীর নানা জিলার আসেসরেরদের সঙ্গে লিখন পঠন না করিয়া ঐ২ কুঠীর উপর টাক্স ধার্য্য করিয়াছেন ইহাতে অনেক ক্লেশ ও গোল হইয়াছে এই কারণে সর্টিফিকটের উক্ত পাঠের ব্যবহার করিবার দৃঢ় আজ্ঞা হইতেছে।

৩। কুঠীর টাক্স ধার্য্য হইলে যে কার্য্যকারক তাহা ধার্য্য করেন তিনি ঐ সর্টিফিকটের কথা পূর্ণ করিয়া ঐ সর্টিফিকটের লিখিত অন্যান্য জিলার আসেসরেরদের নিকটে পাঠাইবেন ও তাঁহারা সেই ধার্য্য করা টাক্স বিষয়ে যে কোন মন্তব্য কথা লিখিতে চাহেন তাহা লিখিতে পারিবেন।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে।

ডবলিউ জে হর্শেল।

একটিং দ্বিতীয় সেক্রেটারী।

The ——— ——— 186 .

CERTIFIED that the Firm of , claiming to have branches and correspondents at the places noted in the margin, have made Returns for their whole business at , where the accounts of the said Firm, which bear out these Returns, are said to be made up, and that the said Returns have been assessed at , accordingly for the profits of the said Firm for 1861-62, including its branches, subject to such revision hereafter as the enquiries of other Assessors may render necessary.

সাল তাং

এই সর্টিফিকটের মর্ম্ম এই। অমুক স্থানের কুঠীর পশ্চাৎ লিখিত স্থানে শাখা কুঠী ও কার্য্যকারক আছে এমত ব্যক্ত হইল, ও সেই কুঠীর সমস্ত কারবারের রিটর্ণ অমুক স্থানে দেওয়া গিয়াছে এবং উক্ত কুঠীর যে হিসাব অনুসারে ঐ রিটর্ণ করা যায় সেই হিসাব উক্তস্থানে সিদ্ধ হইল এমত কথিত হইয়াছে অতএব উক্ত কুঠীর শাখা সুদ্ধ যত লভ্য ১৮৬১। ৬২ সালে হইয়াছে তদনুসারে উক্ত রিটর্ণমতে তাহার উপর এত টাকা টাকস ধার্য্য হইয়াছে কিন্তু অন্য আসেসরেরদের অনুসন্ধানক্রমে তাহা আবশ্যকমতে সংশোধন হইতে পারিবেক ইতি।

Name of place.	Designation of Branch firm.	Name of Agent or Manager of ditto.

স্থানের নাম।	শাখা কুঠীর নাম।	তৎস্থানের এজেণ্টের কি কর্ম্মকারকের নাম।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের হুকুম।

৪২৬৩ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ২৪ নবেম্বর।

ফরীদপুরের মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাকান্ত মুখোপাধ্যায় কিয়ৎকালের নিমিত্তে ঐ জিলার দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৬২ সাল ২৭ নবেম্বর।

আসামের একটিং কমিসনর মেজর শ্রীযুত জে সি হটন সাহেব (Major J. C. Haughton,) ছিলটে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত এস ডাকস্টা সাহেব (Mr. S. DaCosta,) শাহাবাদের প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন।

শ্রীযুত মৌলবী আবদুল লতীফ শাহাবাদের সদর আমীনের ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছিলটের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী সৈয়দ আহম্মদ বহু ঐ জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

নিম্নের লিখিত কর্ম্মকারকেরা স্ব২ পদোপলক্ষে আপন২ জিলার ফেরিঘাট কমিটীর মেম্বর হইবেন। অর্থাৎ

জিলা ত্রিহুতের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব।
„ সারণের ঐ ঐ
„ চম্পারণের ঐ ঐ

ইহাতে গত মাসের ৩ তারিখের রেগুলেসিয়ন, ঐ মাসের ১৮ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা রহিত হইল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২ ডিসেম্বর।]

নিম্নের লিখিত মহাশয়েরা আপন২ নামের পার্শ্বের লিখিত জিলাতে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন, ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। অর্থাৎ

শ্রীযুত বাবু শিবপ্রসাদ সান্যাল যশোহরে ও
শ্রীযুত বাবু ব্রজলাল চৌধুরী মুরশিদাবাদে।

১৮৬২ সাল ২৮ নবেম্বর।

নিম্নের লিখিত কর্ম্মকারকেরা গয়াতে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন। অর্থাৎ

বেহারের জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব
জিলার পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব
পাটনার শাখা রাস্তার ও বহিঃ বেহারের রাস্তার এক্সিকুটিব ইঞ্জিনিয়র সাহেবেরা।

} আপন২ পদোপলক্ষে।

ঐ জিলার বর্ত্তমান এক্সিকুটিব ইঞ্জিনিয়র সাহেব ও
শ্রীযুত আর কিং সাহেব (Mr. R. King,) ও
শ্রীযুত জি ফিল্ড সাহেব (Mr. G. Field) ও
শ্রীযুত ই এয়র সাহেব (Mr. E. Eyre.)

শ্রীযুত ডবলিউ মরি সাহেব (Mr. W. Murray,) বোয়ালিয়াতে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ কটকে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটির মেম্বর হইবেন।

১৮৬২ সাল ২৯ নবেম্বর।

মেজর শ্রীযুত এচ এস বাইবার সাহেব (Major H. S. Bivar,) গোয়ালপাড়ার ডেপুটী কমিসনর হইবেন।